
শ্ৰামী বিবেকানন্দ

প্রীমহেন্দ্রনাথ দ**ত্ত** স্থামী সদাশিবানন্দ

শ্রীবসম্ভকুমার চট্টোপাধ্যায় সম্পাদিত

বার আনা

বৰ্ম্মণ পাবলিশিং হাউস ১৯৩ কৰ্ণওয়ালিশ খ্ৰীট, কলিকাতা।



সেবা সিরিজের পুস্তকাবলী।

শ্রীবদস্তকুমার চট্টোপাধ্যায় সম্পাদিত:--

শ্রীমহেক্রনাথ দত্ত প্রণীতঃ—

Dissertation on Painting	3-4·0
Reflections on woman	1-4
শ্রীমৎ বিবেকানন্দ স্থামিজীর জীবনের ঘটনাবলী (১ম খণ্ড)	٥١٥
ঐ বিতীয় খণ্ড (যন্ত্ৰন্থ)	210
লৃগুনে স্বামী বিবেকানন (যুব্রস্থ)	
ডাঃ ভূপেন্দ্রনাথ দত্ত এম, এ, পি, এইচ, ডি, প্রণীত ঃ-	
আমার আমেরিকার অভিজ্ঞতা (যন্ত্রস্থ্র)	

নিম্নলিখিত ইংরাজী পুস্তকগুলি ক্রমশঃ বাহির হইবে:— Works of Mohendra Nath Datta—

Ego. Energy, Mind, Metaphysic, Logic of possibilities. Action, Triangle of Love. Devotion. Dissertation on Poetry, System on Education.

Copy right reserved to Basanta Kumar Chatterjee,
Editor—Seva-Series.

প্রিন্টার—শ্রীশশিভূষণ পাল—মেট্কাফ প্রেস্ ১৫নং নয়নটাদ দত্তের খ্রীট কলিকাতা।

উৎসর্গ

যিনি শ্রীশ্রীরামকৃঞ্দেবের ত্যাগী শিষ্য, যিনি শ্রীমৎস্বামী বিবেকানন্দ মহারাজজীর জীবন ও সাধনের সঙ্গী, যাঁহাকে স্থামিজী "মহাপুরুষ" বলিয়া সম্বোধন করিতেন, যিনি "রামকৃষ্ণ মিশন" স্থাপনের স্বামিজীর সহযোগী, থিনি বর্ত্তমানে "রামকৃষ্ণ মিশনর" দিতীয় প্রোদিডেণ্ট, সেই যোগসিদ্ধ, মহাত্যাগী ধর্মাট্রিয়ার মহাপুরুষ স্থানা শিকানালক্ষ্ণজী মহা ক্রাজ্যের করকমলে এই পুস্তকথানি
ভক্তিভাবে উৎসর্গীকৃত হইল।

পরিচয়

"তকাশাধানে শ্রীমংসামী বিবেকানন্দ'' পুস্তকাকারে প্রকাশিত হইল। বাঙ্গার বাহিরে বাঙ্গালীর যে কয়ি শ্রেষ্ঠ কীর্ত্তি আছে ভাষার মধ্যে তকাশীধামে রামকৃষ্ণ অবৈভ আশ্রম ও রামকৃষ্ণ সেবাশ্রম বাঙ্লার গৌরব বৃদ্ধি করিয়ছে, শুধু গৌরব বৃদ্ধি নয়, বর্ত্তমান ভারতের দেবা-ধর্মের প্রভাক্ষ শেকান্থল। সেই সেবাশ্রমের মূল সূত্রটি জানিবার না কাহার ইচ্ছা হয়
থ আর দেই মূল সূত্রের স্প্রকারীর জীবনের চিন্তারাশি জানিবার না কাহার প্রবৃত্তি হয়
থ লেখক দেই সূত্রটির গোড়াপগুনের ইতিহাসটুকু সাধারণের নিকট অল্প ভাষায় ব্যক্ত করিয়াছেন:

যে সমস্ত ঘটনা বর্ণিত হইয়াছে সেই সমস্ত স্থানে ভক্তরাজ উপস্থিত ছিলেন। সেইজন্ম তাঁহার বর্ণনাগুলিও বেশ মাধুর্যা-পূর্ণ ও চিতাকর্ষক হইয়াছে। এই পুস্তক প্রণয়ন কালে যাহাদিগের নিকট হইতে সাহায্য পাইয়াছি তাঁহাদের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করিভেছি। ইতি—

কলিকাডা ২২**শে ভাত্ত, ১**৩৩২ শ্রীবসন্তকুমার চট্টোপাধ্যায়।

প্রাক্রাণী

১৯২২-২ গ্রীষ্টাব্দের শীতকালে প্রয়াণে অবস্থানকালে ভক্তরাজের (হরিদাস ওদেদার বা স্বামী সদাশিবানন্দ) সহিত আমার শ্রীমং স্বামী বিবেকানন্দ মহারাজজীর সম্বন্ধে নানাবিধ প্রদঙ্গ হইয়াছিল। কথাপ্রদঙ্গে ভক্তরাজ বলিলেন, 'স্বামিজী য়খন শেষবার ৬ কাশীধামে আসিয়াছিলেন ভখন আমি স্থামি-জীর নিকটে থাকিয়া তাঁহার পরিচর্য্যা করিয়াছিলাম ।" এইকথা শুনিয়া আমি ১৬নং হিউএট রোডত্ত "ব্রহ্মবাদিন ক্লবে" বসিয়া স্থামিজীর সম্বন্ধে ভক্তরাজকে নানাবিধ প্রশ্ন করিতে লাগিলাম। আমার প্রশ্ন শুনিয়া ভক্তরাজের পূর্ব্বস্মৃতি অনেক পরিমাণে জাগরিত হইতে লাগিল। ভক্তরাজের মুখ হইতে স্বামিজীর উপাখ্যানগুলি শুনিয়া উপস্থিত সকলে বড় মুগ্ধ হুইলেন ! কিন্তু পাছে দেইগুলি ভবিষ্যতে নষ্ট হইয়া যায় দেইজন্য উপাধ্যান-छिन निर्शिवक कतिवात क्रम्य विद्रमय ८५४। रहेर नाशिन। ভক্তরাজ ভাঁহার সহজ সরল ভাষার কিছু বলিতেন আর বাকাঁটুকু হস্তাদি সঞ্চালন, মুখভাগ, কণ্ঠস্বর ও ভাব-বিহ্বল নেত্রদ্বয় দিয়া প্রকাশ করিতেন। তাঁহার অস্পষ্টভাব স্পাইভাষায় প্রকাশিত হইলে তিনি বিশেষ আনন্দ প্রকাশ করিতেন।

উপাখ্যানগুলি বলিতে বলিতে তিনি সহসা এরূপ উচ্চভাবে পরিপূর্ণ হইয়া যাইতেন যে আর বলিতে পারিতেন না, ধ্যানমগ্র হইয়া পড়িতেন। মাঝে মাঝে বলিতেন, "আমি যেন স্থামিজীকে স্পষ্ট দেখতে পাচ্ছি, দেই সমস্ত ঘর-দোর যেন আমার চ'থের সাম্নে ভাস্ছে দেখছি, তাই আর কিছু ব'লাতে পাচ্ছি না।"

এই সমস্ত উপাধ্যানগুলি, ভক্তরাজের ভাববাঞ্জক
মুখভঙ্গি ও কণ্ঠস্বর শুনিয়া ঘটনাগুলির পারম্পর্যা ঠিক
রাথিয়া দেইগুলি আমি ভাষায় বলিয়া যাইতাম আর শ্রীউমেশ
চন্দ্র দেন লিথিয়া যাইতেন। ভক্তরাজ ও অপর সকলে বিদ্যা
নিকটে শুনিতেন এবং তাঁহাদের ভাব যে স্পষ্ট ব্যক্ত হইতেছে
ইহা তাঁহারা অনুমোদন করিতেন। এই সময়ে মহাপুরুষ
স্বামী শিবানন্দ মহারাজজী প্রয়াগেতে গিয়াছিলেন এবং তিনিও
বিশেষ উৎসাহ ও আগ্রহ প্রকাশ করিয়াছিলেন। তাঁহারই
উৎসাহে এই উপাধ্যানগুলি লিপিবদ্ধ হইয়াছে। সেইজন্য
মহাপুরুষ শিবানন্দ মহারাজজীর নিকট কৃতজ্ঞতা প্রকাশ
করিতেছি। ইতি—

কলিকাতা ২২শে ভাদ্ৰ, ১৩ত২

শ্রীমহেজনাথ দত্ত।



क्षांगी वित्वकागमः।



গ্রীসৎস্থামী বিবেকানন্দ

"His name, his associations, his place, the persons he talked with, the things he touched, are all sacred to me, as they belong to my Beloved. I live, move and have my being, and I talk and smile, because my Lord is pleased with it. I cannot be miserable because he never likes it. Even if any misery comes, I must rejoice, as it is a special gift from my Beloved. It is not the "I" of the body that suffers, but "I" of the most-Beloved. I cannot hate others because He never hates them. It is for His sake my mind spontaneously flows towards other; every creature on earth belongs to Him, I am His, so are they mine. He is my Lord, my master, the very pupil of my eye, the smile on my lips, the very blood that courses through my veins, the heart of my heart, the very pith and marrow of my bones: I am His, entirely, absolutely."

পূজ্যপাদ শ্রীশ্রীস্থামী বিবেকানন্দজী মহারাজের পুণ্যকীর্তির বিষয় প্রথম আমি আরা সহরে এক পাঠাগারে জনৈক প্রধান উকিলের মুখে শুনি যে, একজন বাঙ্গালী যুবক সন্ন্যাসী আমেরিকার সিকাগো (Chicago) নগরে ধর্ম মহাসভায় হিন্দু ধর্মের প্রাচীনত্ব ও শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করিয়াছেন, এবং তথায় বহুশত পৃথিবীস্থ ধর্ম্মযাজক ও পণ্ডিতমণ্ডলীর মধ্যে ইহাও প্রমাণ করিয়াছেন যে সমস্ত প্রধান ধর্ম্মস্ত এই সনাতন ধর্ম হইতে উৎপন্ন হইয়াছে। ইহা শ্রবণে আমি অত্যন্ত আনন্দলাভ করিলাম এবং আমার মনে হইল যে, আমার যেন কেহ পরম আল্লীয় এরূপ যশোলাভ করিয়াছেন।

সাধু মহাপুরুষদিগের মুথে শুনিতে পাই যে, পূর্ব্ব জন্মান্তরিক সম্পর্ক মনুয়ের মধ্যে স্থাব্ধ অবস্থায় প্রথিত থাকে, এবং কোন কালে উক্ত প্রসঙ্গ উঠিলে সেই সুযুপ্ত ভাব জাগ্রত হইবার চেষ্টা করে এবং অস্পষ্ট-বিস্পষ্টরূপ ধারণ করিয়া অর্দ্ধোচ্ছাদ ভাবে প্রতীয়মান হয়। এ বিষয় শাস্ত্রকারণণ এমন কি মহাকবি কালিদাদও শকুন্তলাতে হংসপদিকার গীত শ্রবণে চুম্মন্তের ভাবান্তর প্রভৃতি অনেক বিষয় বর্ণনা করিয়াছেন। কিন্তু কি কারণে ইহা উদ্ভূত হয় ভাহার বিচার এন্থল নহে। কেবল মাত্র ইহা বুঝিতে পারিলাম যে, 'প্রিয়মত্যন্তবিল্পুত্র-দর্শনম' সহসঃ দর্শন পথে উপস্থিত হইলে যেরূপ যুগ্পং আনন্দ ও হর্ষ হলেয়ে উপস্থিত হয় আমারও স্থামিজীর বিষয় শ্রবণে তদ্রপ হইয়াছিল।

কিছুকাল পরে আমি আরা হইতে ইংরাজী ১৮৯৮ খ্রীষ্টাব্দে ভাদ্রমাসে আমার এক সহোদর বিয়োগের পর মাতা এবং সম্ভপ্ত অস্তান্ত ভ্রতিগণের সহিত ৮কাশীধামে আগমন করি। সে সময় আমি একজন বৈষ্ণব মহাপুরুষের সংস্রবে আসিয়া ভাঁহার উপদেশ অনুসারে বৈষ্ণুব ধর্ম্মের সাধনা করিতে আরম্ভ করি। দৈবক্রমে অল্পদিনের মধ্যেই ৮ স্মরেশ্চন্দ্র দত্ত মহাশয়ের লিখিত "শ্রীশ্রীরামকুফদেবের জীবনী ও উক্তি" পড়িয়া পরম প্রীতিলা**ভ** করিলাম। কিছুদিন পরে সেই বৎসর আশ্বিন মাসে শারদীয়া মহাষ্টমীর দিনে আমার এক বন্ধু জীযুক্ত জগৎত্বর্লভ ঘোষ মহাশয়ের সহিত ৺গুর্গাবাড়ীর মায়ের দর্শন লাভার্থে গমন করি এবং তথা হইতে প্রভাবের্তনকালে শ্রীপ্রীপ্রজাপাদ স্বামী ভাস্করানন্দজী মহারাজের দর্শনার্থ আমিঠি রাজার বাগানে গমন করি : তথা হইতে দর্শনাদি করিয়া ফিরিব এমন সময সামরা দেখিতে পাইলাম যে তুইজন সন্নাদী এবং তুইজন অন্ত ভদ্রলোক একত্তে তথায় প্রবেশ করিতেছেন। তাঁহানিগের মধ্যে একজনের ছাইপুষ্ট এবং চিতাাগর্যক মুর্ভি দর্শনে পরম আনন্দলাভ করিলাম। ভাঁহাকে নেখিয়া আমার মনে হইল যেন ইনিই স্বামী বিবেকানন্দ হইতে পারেন : প্রথমোক্ত সার্টী স্বামী ভাস্করানন্দজীকে 'নমো নারায়ণ' করায় ভাষ্করানন্দজীও তাঁহাকে 'নমো নারায়ণ' করিলেন এবং উভয়ে নানারূপ বাক্যালাপ করিতে লাগিলেন। কথা ও ভাব ভলিতে বুঝিতে

পারিলাম যে স্বামী ভাষরানন্দজীর সহিত ইঁহাদের পূর্ব্বেই পরিচয় ছিল এবং বেশ ঘনিষ্টতাও আছে ৷ স্বামী বিবেকানন্দের কথা উত্থাপিত হইলে সামী ভাস্করানন্দজী অতি নম্র, কাতর ও ব্যগ্রভাবে মধুরকঠে বলিজে লাগিলেন, 'ভাইয়া স্বামিজীকে এক মৰ্ত্তবা দৰ্শন করাও", গৃহমধো বহুসংখ্যক ৰ্যক্তি থাকা সত্ত্বেও ভাস্করানন্দ ী পুনঃপুনঃ স্বামিজার কথা উত্থাপন করিতে লাগিলেন, যেন তথ্নই দর্শন পাইলে শান্তি হয় নহিলে আর কিছুতেই তাঁহার মনে শান্তি আদিতেছে না। স্বামিজার দর্শন লাভের জন্ম এরূপ যোগীরও যে চিত্ত এরূপ বিক্ষুর ও উদ্বেলিত হইতে পারে তাহা দেখিয়া আমরা আশ্চর্য্য হইলাম। কারণ সচরাচর ভাস্করানন্দজীর চিত্ত-চাঞ্চলা পরিলক্ষিত হইত না। সন্ম্পস্থিত বাঙ্গালী সন্ন্যাসীটি বলিলেন, ''হাঁ মহারাজ হম অবশ্য উনকো লিখেঁগে, উয়ো অভি দেওঘরকো বায় পরি-বর্তুনকে লিয়ে গিয়া হাঁায়।" স্বামী ভাস্করানন্দজী উক্ত সন্ন্যাসী-দিগকে পুনরায় রাত্রিকালে আসিতে অনুরোধ করিয়া বিদায় দিবার পর আমি তাঁহাদিগের সঙ্গী একজন ভদ্রলোককে জিজ্ঞাসা করায় জানিতে পারিলাম যে, ইনি হইতেছেন স্বামী বিবেকানন্দজীর গুরুভাই স্বামী নিরঞ্জনানন্দ।

এইরপে কিছুকাল যাইবার পর একদিন সন্ধ্যা করিয়া উঠিয়াছি এমন সময় চারুবাবু আমার বাটাতে গিয়া আমাকে স্বামী শুদ্ধানন্দজীর 'উদ্বোধনের' গ্রাহক সংগ্রহার্থ আদেশ জানাইলেন। কিন্তু আমি সেই দিনই নির্জ্জন-বাসের জন্ম উত্যোগী হইতেছিলাম বলিয়া তুঃখের সহিত অক্ষমতা প্রকাশ

করিলান। আমি নির্জ্জন-বাদের জন্য অসি ঘাটের এক বৈফব মঠে ব্যবস্থা করিবার জন্ম যাইব শুনিয়া তিনিও আমার সহিত যাইতে ইচ্ছা প্রকাশ করিলেন। দেই অবধি তাঁহার সহিত আমার ঘনিষ্টতার সূত্রপাত হইল এবং তাঁহার নিকট হইতে স্বামিজীর বিষয় প্রবণ করিয়া এবং স্বামিজীর জ্ঞানযোগ প্রভৃতি পুস্তক তাঁহার কাছে পাঠ করিয়া দিন দিন স্বামিন্সার উপর আমার ভক্তি দৃঢ হইতে লাগিল। এইরূপে তাঁহার এবং তাঁহার অকুভাতাদিগের সাধন জীবনের বিষয় নানারপ আলোচনা ছুই বৎসর কাল শ্রন্তেয় বন্ধু কেদার নাথ মৌলিক (স্বামী অচলানন্দ) ও চারু বাবুর (স্বামী শুভানন্দ) বাড়ীভেঁ আলোচনা হইবার পর স্বামিজার কর্মযোগ চারুবাবু বিশেষভাবে আমাদের বাঙীতে পাঠ করিয়া আমাদিগকে হৃদয়ঙ্গম করান। ইচার অল্পদিনের মধ্যে তিনি, শ্রীগুক্ত যামিনী রঞ্জন মজুমনার, কেদারনাথ মৌলিক, বিভৃতি প্রকাশ ব্রহ্মচারী, হারনাথ ওহেদার, হরিদাস চট্টোপাধ্যায়, জ্ঞানেব্রুনাথ সিংহ ও পণ্ডিত শিবানন্দ ভট্টাচার্য্য প্রভৃতিকে লইয়া সেবাশ্রমের কার্য্য আরম্ভ করেন এবং ক্রমশঃ রায় প্রমদাদাস মিত্র বাহাতুর এম, এ, মহাশয়ও স্বামিজার উপদেশানুদারে এই কার্য্যে যুবকমণ্ডলী ব্রতী হইয়াভেন শুনিয়া পর্য উৎসাহের সহিত যোগদান কবিয়া স্থানীয় ভদ্রমহাশয়দিগকে লইয়া একটি সভা গঠন করিলেন। এইরূপে কিছুকাল কার্য্য চলিবার পর মিত্র মহাশয়ের ৬কাশীলাভ হইল। পরে স্থামিজী মহারাজের আদেশ অনুসারে উক্ত আশ্রম কাশীস্থ ভদ্রমহোদয়গণের সম্মতিক্রমে রামকুষ্ণ

মিশনের অন্তর্ভুক্ত হইল। কিছুদিন পরে আমাদের বালকসঞ্চের ভিতর খবর আদিল যে স্বামিজী বায়ু পরিবর্তনের জন্ম তকাশীধামে আগমন করিতেছেন। স্বামী নিরঞ্জনানন্দ কালীকৃষ্ণ ঠাকুরের বাগান বাটীতে তাঁহার থাকিবার বন্দোবস্ত করিলেন। সঞ্জের প্রতিনিধিস্বরূপ আমি পুষ্পমালা ও পুষ্পগুচ্ছ লইয়া তাঁহাকে অভার্থনা করিবার জন্ম গেলাম। প্রেসনে আমি ও ঢারুবাবু প্রভৃতি তাঁহার জন্ম প্রতীক্ষা করিতে-ছিলাম। স্বামিজী গাড়ী হইতে নামিলে আমি তাঁহার গলদেশে অভ্যর্থনাসূচক মাল্য বিশ্বস্ত করিয়া দিলাম এবং টরণে পুষ্পাদি উপহারস্বরূপ প্রদান করিলাম। প্রমৃহুর্ত্তে আমি স্বামিন্ধীর মুখের দিকে চাহিবামাত্র আমার পূর্বস্মৃতি জাগরক হইয়া উঠিল, স্বপ্নাবস্থায় ইতিপূর্বের ঘাঁচাকে দেখিয়া-ছিলাম দেই ব্যক্তি, দেই মুখ, দেই অবয়ব। স্থামিজী মৃতুস্বরে কহিলেন, "বালকটা কে ?" এবং আমার পরিচয় লইতে লাগিলেন। কবিতে যেরূপ বর্ণনা করে আমার মনেও ঠিক তখন সেইরূপ হইতে লাগিল, "My ears have not drunk hundred words of that tongue's utterance, yet I know the voice." ইংরাজী দর্শনশাল্লে যাহাকে second sight বলে ইহা কি তাই ? যুগপং হয়. তাস ও নানারূপ দ্বন্দ্বভাব আমার চিত্তকে প্রম্থিত করিতে লাগিল। আমি কখন স্বামিজী ও তাঁহার সঙ্গিগণ, ষ্টেদন ও জনসমূহকে অস্পষ্ট-ভাবে দেখিতে লাগিলাম. এবং কথন বা সব লয় হইয়া যাইভেছে,— শৃশ্য,—শৃশ্য, মহাশৃশ্য। কোথায় যেন উঠিয়া যাইতেছি

पट नारे, मन नारे, **डिसा नारे,**— এরপ নিস্তর স্থানে থাকিতে পারিতেছি না। আবার স্বপ্তোথিতের ন্যায় নামিয়া আদিতেছি এবং অস্পষ্টভাবে ও অর্দ্ধনিদ্রিতাবস্থায় পূর্ব্বস্থান ও মনুষ্যু-জনকে দেখিতেছি। কিছু বলিতেছি না, কিছু বলিতেও পারিতেছি না। হস্ত পদাদি রহিত হইয়াছে, বৃদ্ধি বিবেচনা ভিরোহিত হইয়াছে, কর্ত্তব্য অকর্ত্তব্য একই হইয়াছে; কিন্তু অন্তরে নিশ্চল নিস্পন্দ আনন্দরাশি ধীরে ধীরে আমাকে গ্রাস করিতেছে। স্বামিজীর চরণে পুষ্প প্রদত্ত হইল, তিনি পার্শবিত অপর ব্যক্তিদের দিকে মুখ ফ্রিরাইলেন এবং এর ওর সহিত বাক্যালাপ করিয়া প্রেমপূর্ণ নেত্রে আবার আমায় নিরীক্র করিলেন। আমিও ভাঁহার মুখের দিকে দৃষ্টিপাত করিলাম এবং নয়নে নয়ন মিলিয়া গেল। সময় হিসাব করিলে এক মিনিটের দহস্রাংশের একাংশ কিন্তু স্বামিজীর নেত্র হইতে এক অপূর্ব্ব ভাব প্রকাশ পাইতে লাগিল। তিনি যেন অবাচনিক ভাষায় কহিতে लाशिरलम, "Deny thy father, deny thy name and for that which thou loses take all myself," পিতাকে ত্যাগ কর, নাম যশ ত্যাগ কর এবং এই ত্যাগের ক্ষতিপুরণ স্বরূপ আমাকে সম্পূর্ণ ভাবে প্রাপ্ত হইবে। আমার প্রাণ, আমার অন্তম্থল যেন নড়িয়া উঠিল এবং যেন ভিতর হইতে গম্ভীর ভাবে সিংহ গজ্জিয়া উঠিয়া বলিল, "I take thee at thy word," এই কথার মত তোমাকে গ্রহণ করিব। কবিতে যাহা বর্ণনা করে আমি জীবনে তাহা প্রত্যক্ষ করিয়াছি তাই এরপ শব্দ প্রয়োগ করিতেছি। ইহা যে ঠিক আনন্দ ভাহাও

নয় কিন্তু তাহার উপর যদি কিছু থাকে তাহাই আমি চকিতে দর্শন করিয়াছিলাম, এবং সেই স্থৃতি ও চকিত-দর্শন আজও স্পৃষ্ট আমার চোখে ভাগিতেছে।

র্ষেদন হইতে স্বামিজী ালীকৃষ্ণ ঠাকুরের বাসায় উঠিলেন এবং ভথায় অবস্থান করিতে লাগিলেন। স্বামিজীর সহিত্ত কলিকাতা হইতে নিম্নলিখিত ব্যক্তিগণ আসিয়াছিলেন। ওকাকুর (জাপানী) অক্রুর খুড়ো—অর্থাৎ অক্রুর যেমন মথুরা হইতে কৃষ্ণকে লইতে আসিয়াছিলেন সেইরূপ ওকাকুরা মহাশয়ও জাপান হইতে স্বামিজীকে লইতে আসিয়াছেন, সেই কারণেই আমিরা তাঁহাকে কক্রুর খুড়ো বলিয়া থাকি। স্বামী নির্ভয়ানন্দজী (কানাই), স্বামী বোধানন্দ (হরিপদ), গৌর-নাছ (বালক্ষয়) এবং শিবানন্দ স্বামী ও নিরপ্তনানন্দ স্বামী তখন তকাশীধামেই অবস্থান করিতেছিলেন। ইহারা সকলেই একত্রিত হইয়া কালীকৃষ্ণ ঠাকুরের "সৌধাবাদে" অবস্থিতি করিতে লাগিলেন।

একদিন স্বামিজা, নিরঞ্জনানন্দ স্বামী, শিবানন্দ স্বামী ও
মিঃ ওকাকুরা প্রভৃতিরা স্থাসনে উপবিষ্ট আছেন। আমি ও
চারুবাবু যাইয়া তথায় উপস্থিত হইলাম। সময় অপরাক্ত, স্বামিজী
জন্মগুলীর সহিত নানা রক্ষ কথাবার্তা কহিতেছিলেন। মাঝে
মাঝে ওকাকুরার সহিত ইংরাজীতে কথাবার্তা হইতেছিল,
বিষয়টা বোধ হয় ভারত ভ্রমণের। আমি সাষ্টাঙ্গে স্বামিজীকে
প্রাণিপাত করিলাম। যদিও গৃহে কয়েকটা স্থাসন ছিল, তথাপি
স্বামিজীর সম্মুখে উচ্চাসনে উপবেশন করা অবিধেয় মনে করিয়া
আমরা নিয়ন্থ গালিচা বা আন্তরণের উপর বিনীতভাবে উপবেশন

করিলাম ইহা দেখিয়া স্বামিজী কথা বন্ধ করিয়া ঘন ঘন আমার দিকে সম্বেহ দৃষ্টি করিতে লাগিলেন। বাক্যেতে যত না হউক, মুখভঙ্গি ও দৃষ্টিতে স্নেহপূর্ণভাব অতিশয় প্রকাশ পাইতে লাগিল। আমি একেবারে মোহিত হইয়া পড়িলাম। স্বামিজী অতি স্নেহপূর্ণ করুণস্বরে যেন অত্যন্ত ব্যথিত হইয়াছেন এইভাবে আমাদের উভয়কে পুনঃপুনঃ অতি করুণ মিনতি স্বরে বলিতে লাগিলেন, "উঠে বদ বাবা, উঠে বদ।" বুঝিলাম যেন মানুষের ভিতর উচু নাচু ভাব ভাঁহার কষ্ট্রদারক হুইতে লাগিল। কারণ সকলের ভিত্তরেই সেই এক ব্রহ্ম এবং সকলেই এক আসনের অধিকারী—ইহাই তাঁহার মুখভঙ্গী এবং কথাতে প্রকাশ পাইতে লাগিল। আমরা কিংকর্ত্তব্যবিষ্টু হইয়া পুতলিকার ভায় তাঁহার সম্মুখে স্থাদনে গিয়া বদিলাম। এইরূপ প্রেমপূর্ণ সম্ভাষণে ও আকর্ষণে স্বামিজীকে আমাদের এরূপ অন্তরের লোক বলিয়া প্রতীতি জিমান যে, আমরা তমুহূর্ত্তে অজ্ঞাতভাবে তাঁহার জ্রীচরণে আত্ম সমর্পণ করিলান। ইহাই হটল আমাদের প্রকৃত দীক্ষার সময় ও দীক্ষার স্থল। অলস্ত ও স্কুম্পাইভাবে সেই চিত্রটা সর্বাদাই আমার চকুর সন্মুখে বর্ত্তমান রহিয়াছে।

রাত্রিকালে চারুবাবুঁ, হির্দাস চট্টোপাধ্যায় ও লামি স্থানিজ্ঞার আবাসে প্রায় থাকিতাম। ভোজনের সময় প্রায় সকলে একত্রে বিদ্যাম। ভোজনের সময় যে জিনিষ্টা স্থস্বাত্র লাগিত স্থামিজী অতি স্বেহপূর্ণভাবে আনন্দ প্রকাশ করিয়া স্বহস্তে সেইটা তুলিয়া আমাদিগের পাত্রে দিতেন এবং তংগ্রদত্ত বস্তুটা আমাদের স্থসাত্র লাগিয়াছে কিনা জানিবার জন্য আমাদের মুখের দিকে চাহিয়া থাকিতেন এবং আনন্দ করিয়া প্রশ্ন করিতেন, "কিরে কেমন লাগ্লো, ভোর ভাল লাগলো কি ? খা, খা, বেশ করে খা, জিনিষটা আমার বেশ ভাল লেগেছে তাই তোকে দিচ্ছি।" জগৎমাতার সন্তানের প্রেম যে কি রকম এবং বাৎসল্য ভাব কাহাকে বলে দর্শনশাস্ত্র পড়িয়া তাহা বিশেষ বুঝা যায় না। স্বামিজী এইরূপ মধুরস্বরে স্নেহপূর্ণ ভাবে নিজের পাত্রন্থ নিজের প্রাতিকর বস্তু আমাদিগকে আদর করে খেতে দিতেন তাহাতে বাংসল্য প্রেম যে কি তাহা স্পষ্ট প্রত্যক্ষ করিলাম। ইহা কেবলমাত্র প্রদাদ নয় গভীর প্রেম, ভালবাসা পিণ্ডীকৃত হইয়া খাছরূপ ধারণ করিয়া আমাদের মুখেতে আসিতে লাগিল, ইহাতে বস্তুর স্থাদত্ব বা স্বামিজীর প্রেম কোন্টার আধিক্য ভিল ইহা প্রভীয়মান করা কঠিন।

আমরা কালীকৃষ্ণ ঠাকুরের বাসায় প্রথম প্রথম নিত্য যাতাযাত করিতান এবং মাঝে মাঝে তথায় রাত্রিবাসও করিতান।
তথনকার সেবাশ্রম হইতে উক্ত বাড়ীটি পাঁচ মাইল দূর হওয়াতে
আনরা সব সময়ে উপস্থিত থাকিতে পারিতাম না। একদিন
শিবানন্দ স্বামী সকলকে দীক্ষা দিবার জন্ম স্বামিজীর নিকট
কথা উত্থাপন করেন। স্বামিজী তাহাতে সন্মত হন কিন্তু এ
সন্মন্ধে তথন আর কোন দিন নির্দ্ধারিত হয় নাই। চারুবাবু এবং
হরিনাস চট্টোপাধ্যায় আমাকে স্বামিজীর নিকট পুনরায় কথা
উত্থাপন করিতে বলায় আমি তাঁহার নিকট দীক্ষার বিষয় বলিলাম। তিনি রহস্তচ্ছেলে বলিলেন, "কেন তোরা তো রামানুজি
বৈষ্ণবভাবে দীক্ষিত, বিষ্ণুমূর্ত্তি তো ভাল, তোর দীক্ষার তো

আমি কোন প্রয়োজন বুঝ্ছি না।" আমি বলিলাম, "আপনার লায় যোগীর নিকট আমার দীক্ষা নিতে ইচ্ছা।" এই কথায় তিনি হাসিয়া সম্মত হইলেন। ইহার পর আমার জ্যেষ্ঠ ভাতা যিনি ডাক্তার ছিলেন,—তাঁহার তিরোধান হওয়ায় আমি অত্যন্ত ব্যথিত হই; যেন বন্দুকের গুলি আসিয়া আমার হৃদয় বিক্ষ করিল। কিন্তু তৎক্ষণাৎই শোকের উপশ্বাম হইল। আমার মনে হইল ইহা স্বামিজীর বিশেষ কুপা।

নির্ভয়ানন্দ স্বামী স্বামিজীর আহারের "আটা" আনিবার জন্ম আমায় একটা টাকা দিয়াছিলেন, সেইজন্ম আমি শোক-সম্ভপ্ত ফ্রদয়েও আশ্রমে আটা লইয়া গিয়া সমস্ত বন্দোবস্ত করিয়া দিলাম পাছে স্বামিজীর কষ্ট হয়। স্বামিজীর প্রতি আমার অনু-রাগ এত প্রগাঢ় হইয়াছিল যে, আমি ভাতৃবিয়োগ জনিত সমস্ত কষ্ট ভুলিলাম। কিছুদিন পরে আমি স্বামিজীর নিকট যাই এবং তিনি আমাকে জিজ্ঞাসা করিলেন, 'তোর নাকি ভাই মারা গেছে ? তোর কিরূপ বোধ হ'ল, মাকে কি বললি গ' প্রত্যুত্তরে আমার মনের অবস্থা এবং সমস্ত ঘটনা যথাযথ তাঁহাকে নিবেদন করাতে ভিনি বলিয়া উঠিলেন, ''আমার ভায়েদের যদি এমন হ'ত আমার কিন্তু বড কণ্ট হ'ত"। এই কথা তিনি এমন কাতরভাবে বলেন যে তাহাতে আমার মনে যে অল্ল কণ্ট ছিল তাহাও মুছিয়া গেল। বুঝিলাম ইনিই আমার প্রকৃত স্থা ও স্থন্ত্র্য এবং তদ্বধি তাঁহার চরণে নিজেকে সমর্পণ করিলাম।

আমার ভাভার উর্দাহিক ক্রিয়া হইবার পূর্বেই সামিক্রী

আমাদিগকে দেইস্থানে রাত্রিবাদ করিতে আদেশ করেন, এবং আমার এই অশোচ অবস্থাদন্তেও আমাদিগকে প্রাতে স্নান করিয়া দীক্ষা লইবার জন্ম প্রস্তুত হইতে বলেন। আমরা স্নান করিয়া ও বস্ত্র পরিয়া সংযত ভাবে রহিলাম এবং স্থামিজীর অংদেশ ও আহ্বানের প্রতীক্ষা করিতে লাগিলাম। অনতি-বিলম্বে স্বামিজী আমাদের সকলকে যাইতে আহ্বান করিলেন। চারুবাবু আমাকে অগ্রসর হইতে বলিলেন। আমি যাইয়া দেখিদাম স্বামিজী দ্বারদেশে দ্প্রায়মান, আমাকে দেখিবামাত্র বলিলেন. 'ভুই প্রথম এদেছিদ্, আয় চলে আয়' এই বলিয়া আমাকে একটি ছোট কক্ষে লইয়া গেলেন, ভারপর নিজে একটি আদনে উপবেশন করিলেন এবং আমাকে আর একটি আসনে উপবেশন করিতে বলিলেন।

স্বামিজী অল্লক্ষণের ভিতর ধ্যানস্থ হইয়া সবিকল্প সমাধিতে চলিয়া গেলেন, শরীর স্থির, মেরুদণ্ড উন্নত, অঙ্গ প্রত্যঙ্গ নিস্পন্দ, নর্ম স্থিমিত ও জ্যোতিঃপূর্ণ, বদমন্ত্রল ভাব, শক্তি, প্রেম ও আনন্দে উচ্চ্ লিত হইতেছে কিন্তু গান্তীর্য্যের ভাব অপর সকল ভাবগুলীকে ঘনীভূত করিয়া রাখিয়াছে। যে স্বামিজী ঘারদেশে দণ্ডায়মান ছিলেন এবং আহলাদ করিয়া আমাকে কক্ষ মধ্যে প্রবেশ করিতে আদেশ করিয়াছিলেন সে স্বামিজী মার এক্ষণে নাই। পূর্বদেহ, পূর্বে কান্তি এবং পূর্বেভাব অন্তর্হিত হইয়াছে। যেন স্বতন্ত্র ব্যক্তি আসনে উপবিষ্ট। যে পুরুষ জগৎকে পদদলিত করিতে পারিতেন, উচ্চ উচ্চ ভাবের তরঙ্গ প্রবাহিত করিতে পারিতেন, অভয় বাণী শুনাইয়া ড্রিয়মাণ জগৎকে গর্জন করাইতে

পারিতেন, এবং মুক্তি অক্ষজান যাঁহার কর্তনামলকবং নেই মহাশক্তিমান পুরুষ স্বামিঙ্গীর স্থুল দেহাভান্তর হইতে জাগ্রত এবং স্থুস্পষ্টভাবে আবিভূতি হইয়া বিকাশ পাইতে লাগিলেন।

বহুক্ষণ সমাধিতে অবস্থান করিয়া তিনি মনকে নিজবশে আনয়ন করিলেন এবং দক্ষিণ কর দিয়া আমার দক্ষিণ কর গ্রহণ করিয়া করেক মুহূর্ত তদবস্থায় রহিলেন। তারপর আমার পূর্বভন বিষয় দকল বলিতে লাগিলেন, 'ভোর ছাপরার যাওয়ার সময় গ্রীমারে কাহারও কথা শুনিয়া এথম কি জ্ঞান হইয়াছিল ?" আমি বলিলাম, "আমার স্মরণ নাই।" তিনি বলিলেন, ''আজ্ছা মনে করে দেখিদ্।'' তাহার পর তিনি আমাকে তাঁহার (স্বামিজার \ মূর্ত্তি ধ্যান করিতে বলিলেন। অল্লকণ পরে বলিলেন, ''মনে কর আমার রূপটা ঠাকুরের রূপ গিয়াছে, তার পর ঠাকুরের রূপ বিগলিত হইয়া গণেশের রূপ হইয়া যায়।" তখন তিনি আদেশ করিলেন. "ভূই ঠাকুরের বাছপূজা মাঝে মাঝে কর্বি, আর মা**নস** পূজা রোজ কর্বি।" স্বামিজী ধধন আমার করস্পর্শ করিয়াছিলেন ভখন আমার মন হইতে সকল বাসনা, সকল চিন্তা তিরোহিত হইয়াছিল। ইচ্ছাও নাই, অনিচ্ছাও নাই, বাসনাও নাই, আকাছাও নাই, ভক্তি মুক্তি সকলই তিরোহিত হটয়াছে। সব শান্ত, জগৎ শান্ত, স্থির, ধীর। স্ঠি আছে, স্ঠি নাই, আনন্দ আনন্দের উপর এক বস্তু ছিল যাহা আফি ভাষায় বর্ণনা করিতে অক্ষম, তাহাই উপভোগ করিতে লাগি-नाम। गासि, गासि, महागासि-नर्मवगानी गासि। हिःनाद्वर উঁচু নীচু ইত্যাদির কোন সম্পর্ক বা নামগন্ধ তথায় নাই। এক মহা শান্তির ব্যোমের মধ্যে যেন উড়িয়া গেলাম এবং তথার স্থির হইয়া অচল অটল ভাবে বদিয়া রহিলাম। ইহা শূন্ত অথবা পূর্ণ কিছুই নয়, আমি কিছুই বুঝিতে পারিলাম না। বোধগম্য হইবারও বিষয় নহে কারণ বোধ চিত্তচাঞ্চল্য হইতে উদ্ভূত হয়। অসীমশান্তি ব্যোমে সর্বব্যাপ্ত, মূর্ত্তি, রূপ দেখানে কিছুই নাই।

"কভু একাকার, নাহি আর কালের গমন;
নাহি হিল্লোল কল্লোল,
ভির—ভির সমুদয়,
নাহি—নাহি "ফুরাইল" বাক্;
বর্তুমান বিরাজিত।"

আলোক ভূবিল, অন্ধকার তিরোহিত হইল, নাহি রাত্র, নাহি দিবা, নিম্পান্দ স্থজন।

সেই সময় হইতে এই শান্তিপূর্ণ ব্যোম, যাহা স্বামিজী আমাকে দেখাইয়াছিলেন দেইটা ধ্যান করিতে আমার ভাল লাগে, মূর্ত্তি বা রূপ ধ্যান করিতে তত ইচ্ছা হয় না। কারণ ইহাতে একটু কল্পনা বা দীমা ও পরিধির আভাস থাকে। "মহা ব্যোম, যথায় গলে যাত্র রবি শশি তারা" সেইটা আমার বড় প্রিয়। ইতিঃপূর্ব্বে আমি মূর্ত্তি পূজা করিতাম এবং তাহাই আমার বড় ভাল লাগিত কিন্তু স্বামিজী করম্পর্শ করাতে আমি সেই মহাব্যোম ধ্যানপ্রিয় হইয়া গিয়াছি। যাহাকে যোগীরা স্বিকল্প সমাধি বলেন এবং' যাহা প্রাপ্ত হইতে বহু বৎসরের প্রয়োজন, মাত্র স্বামিজীর করম্পর্শে আমার মন যেন সেই

অবস্থা প্রাপ্ত হইয়াছিল। আমি তখন গৃহ দেখিতে পাইতেছিলাম না, নিজ অল প্রত্যক্ত দেখিতে পাইতেছিলাম না, সম্মুখে স্থামিজী আমার গুরু, তাঁহাকেও পর্যান্ত দেখিতে পাইতেছিলাম না। সমস্তই এক মহাশৃত্যে পর্যাবসিত হইয়াছে। খণ্ডতের বা বহুত্বের কোন জ্ঞান নাই, অন্তর বাহ্য বলে কোন শব্দ নাই। আমার শরীর নিশ্চল ও নিস্পান্দ,—কোন চিন্তা নাই,—কোন ভাব নাই। এমন কোন শব্দ ভাষায় নাই যাহার দ্বারা সেই ভাব ও অবস্থা ব্যক্ত করিতে পারি।

"নাহি স্থ্য নাহি জ্যোতিঃ নাহি শশাস্ক সুন্দর।
ভাগে ব্যোমে, ছায়াসম ছবি বিশ্ব চরাচর॥
অক্টুট মন আকাশে, জগত সংসার ভাসে।
ওঠে ভাসে ডোবে পুনঃ অহং স্রোতে নিরন্তর॥
ধীরে ধীরে ছায়াদল, মহালয়ে প্রবেশিল,
বহে মাত্র আমি আমি এই ধারা অনুক্ষণ॥
দে ধারাও বদ্ধ হল, শৃন্তে শৃত্য মিলাইল,
আবাঙ মনসোগোচরম বোঝে—প্রাণ বোঝে যার॥"

তদবস্থায় কতক্ষণ ছিলাম তাহা আমার মনে নাই। ক্রমে ক্রেমে দেখিলাম আমার মন সেই উচ্চাবস্থা হইতে নামিয়া দেহতে প্রবেশ করিতেছে, তথন অস্পষ্টভাবে প্রপ্রোথিতের আর গৃহ ও অপরাপর বস্তর আভাস মাত্র দেখিতে লাগিলাম, কিন্তু কোনটিই ঠিক বলিয়া তেমন বুঝিতে পারিতেছিলাম নাঃ যেন জগৎ নৃতন, গৃহ নৃতন, সবই নৃতন! আবার মন যেন সেই মহাব্যামে উঠিয়া যাইতে চেষ্টা করিতেছে, কিন্তু দেহত্ব শক্তি তাহা

প্রতিরোধ করিতেছে। এই নিজিত-জাগ্রত অবস্থায় থাকিয়া আমার শরীরে উষ্ণতা আসিতে লাগিল। ধমনীতে ধীরে ধীরে শোণিত বহিতে লাগিল এবং বাহ্য-বস্তু সকল ক্রমশঃ স্পষ্টতর হইতে লাগিল। স্থামিজী ও আমার অঙ্গ প্রত্যঙ্গ সকল আবার স্পষ্টভাবে দেখিতে পাইলাম, কিন্তু একটি নূতন জিনিস প্রকাশ পাইল। যেন সকল বস্তুর উপরে এক মাধুর্য ও শান্তি বিরাজনমান। প্রত্যেক বস্তুই যেন অতি পবিত্র, প্রত্যেক বস্তুই যেন আমার অতি প্রিয় ও প্রণম্য। আমি দেখিলাম বায়ু পবিত্র, আকাশ পবিত্র, জল পবিত্র, চতুর্দিক পবিত্র, প্রত্যেক স্বজ্ঞত জীব পবিত্র।

ক্ষণকাল পরে স্বামিজী আমাকে অন্ত লোক পাঠাইয়া দিবার জন্য অনুমতি করিলেন। তাহার পর চারুবাবু গৃহে প্রবেশ করিলেন এবং তাঁহারও পূর্ববিৎ দীক্ষা হইল, পরে হরিদাস চট্টোপাধ্যায়েরও দীক্ষা হইল।

বাইবেল প্রভৃতি গ্রন্থে শক্তি সঞ্চার বা Transmission of powerএর বিষয় শুনিতে পাওয়া যায়। খুষ্টানদিগের মধ্যে বিসপ (Bishop) বা মোহাস্ত হইবার সময় অপর মোহাস্ত সকল (Bishop) আসিয়া নৃতন ব্যক্তির মস্তকে হস্ত স্থাপন করিয়া ভগবানের নিকট আশীর্কাদ প্রার্থনা করেন এবং শেষে সকলে নৃতন ব্যক্তিকে আশীর্কাদ করিয়া থাকেন। ইহাকে consecration বলা হয়। পূর্ব্বতন প্রথামুযায়ী এখনও পর্যান্ত এইরূপ প্রক্রিয়া 'হইয়া থাকে এবং উহা এক্ষণে প্রান্থীন আচার পদ্ধতিতে পরিণত হইয়াছে। সাধারণ

লোকের ধারণা যে ধর্ম মানে কতকগুলি আচার পদ্ধতি। কভিপয় আচার পদ্ধতি অনুসরণ করিলেই ধর্মাজ্জন করা হয়। ইউরোগীর ধর্ম্মশাস্ত্র পাঠ করিয়া এতদ্বেশীয় লোকেরা মনে ক**রেন** তর্ক বিচর্ক বা বাকা বিভাস*্ হইল ধর্মা। উচি*ত অ**নুচিত** সূক্ষা-কুসূক্ষারূপে বিশ্লেষণ করা ও তদনুষায়ী অপর সকলকে বিচার করা এবং ন্যুনতা ও হানতা অনুযায়ী অপর সকলের বিষয় পরিমাণ করাকেই ধর্ম কচে 🕝 কিন্তু ইহা ছাড়া, ইহা বাভীত এক াতন্ত্র বস্তু আছে, তাহা কখনও ইঁহারা অনুভব করেন নাই। গ্রন্থ পাঠে ধর্মা নাই। ব্রহ্মার ব্যক্তিরই কাছে কেবল ধর্মা আছে, ভক্ষাস ব্যক্তিই কেবল অপরকে ধর্মা দেখাইতে ও দিতে পারেন। যে না জ্বা দানগ্ৰা হাতে করিয়া ধরা যায়, অনুভব করা যায়, প্রান্ত জইলে খাওয়া যায় এবং এক ব্যক্তি অপর বাক্তিকে প্রদান করিতে পারে, ধর্মও ঠিক ভদ্রপ স্প**র্ণ**নীয় **জিনিষ।** ইহাকেই প্রাণ বলে কেবলমাত্র শহ বাক্তি ধর্ম দিতে ও দেখাইতে পারেন যিনি আপনার ভিতর এই প্রাণ, শক্তি বা কুলকুণ্ডলিনী জাগ্রত করিতে সক্ষম হইয়াছেন।

দেহের নিল্লস্তরে সুক্ষানুস্কা সায়ুতে যখন শক্তি প্রবুদ্ধ হয় তখন জগৎ ও বস্তু সমুদয়ের সম্পর্ক ভিন্ন ভিন্ন ভাবে পরিলক্ষিত হয়। দার্শনিকেরা ও বৈজ্ঞানিকেরা যে সকল মগাসতা আবিদ্ধার করেন, তাহা মনকে এই ব্যোম বা চিদা শাশে তুলিয়া স্থির করিয়া রাখিলেই স্পষ্ট বুঝিতে পারা যায়। সবিকল্প সমাধিতে মন মাধিলে তবে তার খণ্ডত ও পূর্ণত জ্ঞানের উপলব্ধি হয়!

ধর্ম যে জীবিত ও প্রাত্যক্ষের বিষয় স্বামিজীর কুপায় ও কর-স্পর্শে তাহা আমি প্রত্যক্ষ করিলাম, এবং অপরাপর দেয় বস্তর ত্যায় ইহা স্পষ্ট হাতে হাতে পাইলাম। শব্দ, জর্ক, বিছা বৃদ্ধি কিছুই তথায় নাই সব লয় হইয়া গিয়াছে, সবই এক—এক— এক জীবস্ত। জীবস্ত বা এজ চিৎ অসীমভাবে বিরাজ করিতেছে। আবার পরক্ষণে দেখিলাম-–সেই অসীম প্রাণ হইতে কুন্ত কুন্ত প্রাণের স্ম্রি হইতেছে। সকলের ভিতরই সেই এক প্রাণ: অসীম সসীম ও স্নীম অসীম। অপ দেখি, অবয়ব দেখি, রূপ দেখিলে অদীমকে দেখিতে পাই না যদিও রূপের ভিতরেই অদীম রহিরাছে, কিন্তু আবার যথন অদীম দেখি তখন নাম রূপ দেখিতে পাই না। কিন্তু পর্য্যায়ক্রমে এক হইতে অপরটি কিরুপে ধারাবাহিকভাবে আদিতেছে তাহা আমি বিশেষ বঝিতে পারিলাম না! কারণ এই গুরুতর ব্যাপারটি এত চকিতের ভিতর হইতে লাগিল যে আমি ভাবিবার বা চিন্তা করিবার অবসর পাইলাম না। শুধু স্বামিজীর কুপায় এই মাত ্ৰিলান যে ধৰ্ম জীবস্ত বস্ত ইহাকে দেখিতে পাওয়া যায়, ছ'ইলে পাওয়া যায়।

মহাত্মাদিগের নিকট শুনিয়াছি যে, ঐ শ্রীনামকৃষ্ণদেবের ভিতর এই শক্তিটি প্রবল ছিল। তিনি ইচ্ছামাত্র অপরের মন্টালে উচ্চস্তরে লইয়া যাইতে পারিতেন, এবং তর্ক যুক্তির অভীত স্থানে মন তুলিয়া দিয়া প্রত্যক্ষ ও জীবন্ত প্রাণ-শক্তি দেখাইতে ও সঞ্চার করিতে পারিতেন। ইহাকেই দীক্ষা বলে। কিন্তু স্বামিজীর ভিতর এই শক্তিটা আমি স্পষ্ট- ভাবে দেখিয়াছি। শক্তি সঞ্চার করিতে না পারিলে তাহাকে প্রকৃত দীক্ষা বলা যাইতে পারে না।

আমাদের দীক্ষার পর আমরা সেই স্থানে আহারাদি করিলাম এবং তৎপরে সেবাশ্রমের কার্য্যের জন্ম চলিশা আদিলাম। এই সময় স্বামিজীর ভাব লইয়া তিন বৎসর পূর্ট্বেই একটি সেবা-শ্রম গঠিত ইয়াছিল এবং কার্যাও সামান্ত ভাবে চলিতেজিল। সেবাশ্রমের কর্মীদের সাধুগিরি বা অপর স্থানে ভিজা করিয়া খাইয়া দেবাশ্রমের কাজ করাতে শতীর তুর্বল হইয়া পডে। স্বামিজীর প্রিয় কার্য্যেতে বালকেরা প্রাণপাত করিতেছে, তাহাদের অর্দ্ধাশনে শরীর কুশ হইতে লাগিল দেখিয়া স্বামিজী মনে বড ব্যথা পাইলেন। স্বামিজী সকলকেই ভালভাবে আহার করিতে এবং মাছ মাংস ভক্ষণ করিয়া শরীর সবল ও পুষ্ট রাখিতে বলিলেন এবং আরও বলিলেন যে এ কার্য্য আমাদিগকে করিতেই হইবে। তেজস্কর আহার না করিলে রোগীর সেত্র ভালরপ চলিবে না। এইজন্য স্বামিন্সী তাঁহার সহিত আমাদিনকে আহার করিতে, বলিলেন। এই সময়ে কেই কেই অগুড়ে আহার করিতেন সেইজন্ম তাঁহার দহিত আহার করিবার জন্ম আমাদিগকে বারংবার আজ্ঞা করিতেন এবং আমরংও মাবে মাঝে স্থবিধা পাইলেই তাঁহার সহিত আহার করিতে ঘাইভাম

আমাদের মধ্যে এইটি বালক কুশ ছিল। স্থামিজী তাহার প্রতি দয়াপরবশ হইয়াছিলেন। স্থামিজীর শেবাশ্রামের কর্মি দিগের উপর কিরূপ দয়া ও স্নেহ ছিল তাহা এট বালকটিব উপাখ্যান বিবৃত করিলেই স্পষ্ট বুঝিতে পারা যাইবে।

এই সময় জনৈক অল্পন্যক্ষ যুবক দেশ হইতে আসিয়া উপ-স্থিত হয়। যুবকটি অনভোপায় হুইয়: আশ্রমের কর্ণ্মে যোগ দিল। তাহার শরীর তুর্বন ও রুগ ছিল। যুবকটা একদিন স্বামি-জাকে দর্শন করিতে যায়: স্বামিজী তাহাকে নানাবিধ প্রশ্ন করিয়া তাহার সমস্ত পরিচয় লইলেন। শরীর রুগ্নও কুশ দেখিয়া স্বামিজী বাথিত ও উন্মনা হইয়া পড়িলেন এবং মধুরস্বরে ভাহাকে বলিলেন, ''বাবা ভোষার শরীরটা বড় তুর্বল, তুমি প্রত্যহ দিনের বেলা এখানে আহিয়া খাবে, পেটে না খেলে কাজ করা বায় না; তা তুমি রোজ ছুপুরবেলা এদে আমার দঙ্গে খাবে''। যুবকটার সেবাশ্রমের কাজ করিয়া আসিতে কখন কখন বিলম্ব হইত। স্বামিজীর শরার অস্তম্ব, তাঁহার সময় মত সানাহার না হইলে পীড়া রুদ্ধি পাইত। সেইজন্ম সকলে তাঁহাকে সময় মত দ্মানাহার করিতে বলিতেন। বহুমূত্র রোগীর আহারের অনিয়ম হইলে শরীর বিশেষ খারাপ হয়। ডাক্তার ও তাঁহার গুরু ভায়েরা সর্ব্বদা ভাঁহাকে আহারের বিষয় নিয়মিত হুইবার জন্ম মিন্তি করিতেন এবং স্থামি খীও সে বিষয় বিশেষ বুঝিতেন। কিন্তু স্নেহ এমনই জিনিষ, এমনই তাহার প্রবল শক্তি যে, বিধি নিয়ম ও পীড়ার বৃদ্ধি কিছুই সে মানে না ; সকল নিষেধ অতিক্রম করিয়া নিজের প্রাধান্ত প্রকাশ করিয়া থাকে। যুবকটির জন্ত স্বামিজীর মন আহারের পূর্বে উদ্বিগ্ন হইয়া উঠিত। সর্বনাই তিনি পাদচরণ করিতেন এবং প্রতীক্ষা করিয়া এদিক ওদিক চাহিতেন, দরজার দিকে ও রাস্তার দিকে অনিমেষ নেত্রে চাহিয়া থাকিতেন; এবং যে সম্মুখে আসিত ভাহাকেই কাতরস্বরে জিজ্ঞাসা করিতেন, "ছেলেটি কি আসিয়াছে ? আজ এত বিলম্ব হচ্ছে কেন ? আহা ছেলেটা এত বেলা প্যান্ত কিছু খায়নি, রোগা শরীর, অল্প বয়স, তারপর এই হাড়ভাঙ্গা খাটুনি ইত্যাদি।"

কোন অতীব বৃহৎ কার্যোতে যদি বিশেষ শক্তি ও মনোনিবেশ আবশ্যক হয়, সেই সব কারেতে স্বামিজী যেমন চিন্ত
নিবিষ্ট করিয়া, বির গন্তার স্নেহপূর্ণ উন্মনাবস্থা চইয়া থাকিতেন;
এই যুবকটির আহারের বিলম্ব নিবন্ধনেও তিনি সম্পূর্ণভাবে
সেই ভাব প্রকাশ করিতেন। সেই উন্মনা ভাব, যে কোন অভাষ্ট
বস্ত লাভ হইবে, এইরপভাবে প্রতিক্ষা করিতেন। ভোট বা
বড় কার্যা তাঁহার কাছে ভিন্ন ছিল না। সভায় দাঁড়াইয়া বক্তৃতা
করা, পণ্ডিতমণ্ডলীর সাম্নে বেদান্ত চর্চা করা, উচ্চ অঙ্গের ধান
ধারণা করা এবং এই ছেলেটিকে ভোজন করান সবই তাঁহার
কাছে এক ছিল—একই মন, একই ক্রিয়া, একই সিদ্ধিলাভ।

আহারের নিমিত্ত সকলেই তাঁহাকে বিশেষ অনুনয় করিত, হয়ত তাঁহার স্নান সমাপন হইয়াছে, শুদ্দ বস্ত্র পরিয়াছেন, আহার্যা সামগ্রী সব ঠাণ্ডা হইয়া যাইতেছে, অপর সকলেই আহারের জন্ম বড় বাগ্র ও চঞ্চল হট্টয়া পড়িয়াছেন কিন্তু স্বামিদ্ধার পূর্বেব কেইই ভোজন করিতে ইচ্ছুক নন্।

মনে মনে সকলেই উদিগ্ন হইতেছে, স্থামিজীর সে দিকে কোন দৃকপাত নাই, তাঁহার সে বিষয়ে কোন স্মারণই নাই। স্থামিজী পাদচারণ করিতেছেন এবং নানা প্রকার ভুগী করিয়া মনের তীব্র ভাব প্রকাশ করিতেছেন; ওঠ, নেত্র, নাসিকা কুঞ্জিত করিয়া আবেগের ভাব প্রকাশ করিতেছেন। তিনি যেন কোন প্রিয় বস্তুর ঋদর্শন হেতু উন্মনা ও ব্যথিত হইয়া সতৃষ্ণনরনে প্রত্যেক্ষা করিতেছেন এবং অনিমিষ নয়নে পথের দিকে ঘন ঘন দৃষ্টি করিতেছেন, কখন বা স্থিরচিত্তে, যেন "আকুল বেণী, ধাইল রাণী, ঘনশ্বাস বহে তাহে, ননী লয়ে করে, স্তনে ক্ষীর ঝরে, অনিমিখ পথ চাহে" এরূপ ভাব প্রকাশ করিতেছেন। বাৎসল্য প্রেম যে কিরূপ তাব্র আবেগ হলয়ে আনে তাহা স্থামিজীর ভিতরে আমরা স্পষ্টই দেখিয়াছি। বৈশ্বব প্রত্থে যশোদা শ্রীকৃষ্ণকে কি ভাবে দেখিছেন তাহা আমরা বৈশ্বব প্রস্থ পড়িরা যা না বুঝিতে পারিয়াছি স্থামিজীর ভাব দেখিয়া ভাহা আমরা স্পষ্ট হলয়ে অনুভব করিলাম।

অবশেষে ছেলেটি ক্ষিপ্র গভিতে প্রবেশ করিল। বংসহারা ধেরু পুনরায় বংস পাইলে যেরূপ আনন্দিত হয়, বালকটাকে দারদেশে দেখিলা সামিজার মুখভাব তদ্রেপ প্রফুল্ল হইয়া উঠিল। চিন্তিত, কুঞ্জি ও উদ্বিগ্ন ভাব তিরোহিত হইল, মুখ হরষে পরিপূর্ণ হইল, স্মিতমুখে মধুরস্বরে স্বামিজী বালকটাকে প্রশ্ন করিলেন, "কিরে বাবা এত দেরী হ'লো কেন ? কাজ বড্ড পড়েছিল নাকি ? সকালে কিছু জল খেয়েছিলি ত ? তোর জন্মে এখনও আমি কিছু খাইনি। আয় হাত পাধুয়ে নে, শিগ্গির শিগ্গির খাইগে চল্। আমার শরীর অফুস্থ। সময় মত নাখেলে অফুখ বাড়ে। একটু সকাল সকাল আস্বার চেষ্টা কর্বি, তবে কাজের ঠেলা কি কর্বি বল।"

বালকটি যদিও কথা কহিয়া কোন কৃতজ্ঞতা বা আনন্দ প্রকাশ করিতে পারিল না কিন্তু নয়ন দিয়া সরলভাবে

স্থামিজীকে ক্ষণে ক্ষণে নিরীক্ষণ করিতে লাগল এবং সে যে ইহাতে বিশেষ অনুগৃহীত ও কুতার্থ হইয়াছে তাহার নমু মুখ. লজ্জিত অধ্যেবদন ও করুণাপূর্ণ দৃষ্টি দেখিয়া সকলেই ভাহা বুঝিতে পারিল। স্থামিজী বালকটাকে আপনার পশ্চাতে লইয়া আহার করিতে গেলেন সকলে উপবেশন করিলে স্থামিজী বালকটীর দিকে সর্বদাই দৃষ্টি রাখিলেন এবং আপনার পাত্র থেকে স্কম্বাত্ব জিনিয় লইয়া বালকটীর পাতে দিতে লাগিলেন। বালকটী নিৰ্ববাক ও আনন্দে পুলকিত হইয়া তাহা অভীব তুল'ভ অমৃততুল্য বস্তু বোধ করিয়া আহার করিতে লাগিল। যত্ত্বণ পেটে ধরিতে পারে তভক্ষণ সামিজী নিজের পাত্র হইতে উঠাইয়া স্কম্বাড় মিষ্ট জিনিষ তাহাকে খাওয়াইতে লাগিলেন। নিজে কিছু খাইলেন কি না তাহা একবারও তাঁহার মনে উদয় হইল না। হয়ত নিয়মিত আহারেরও কিঞ্চিৎ কম হইল ; কিন্তু নিরাশ্রয় গরীবদের সেবা করা এবং বালকটা নিরাশ্রয় ও অল্পবয়স্ক বলিয়া ইহাকে আহার করানো যেন স্বামিজীর মহৎ কার্য্য। স্বামিজী এই কার্য্যে আনন্দিত ও পুলকিত হইয়া আপনার আহার বিস্মৃত হইয়া গেলেন। অন্যান্য সকলে নিজ নিজ খান্ত খাইতে ছিলেন কিন্তু স্বামিজীর প্রেমপূর্ণ সন্থাষণ ও বালকটা আহার করিতেছে দেখিয়া, স্বামিজীর আনন্দ ও মুখ চোখের ভাবভঙ্গী দেখিয়া, তাঁহারা নিজ নিজ আহার্য্যের বিষয় বিস্মৃত হইয়া স্বামিজী ও বালকের ভোজনলীলা দেখিতে থাকিতেন ও মাঝে মাঝে আনন্দ করিয়া স্থামিজীকে অন্তুনয় করিতেন, 'স্থামিজী আপনার আহার হইতেছে না, আপনি একটু আহার করুন।"

কিন্তু কাহাকেই বা বলিতেছেন, কেই বা শুনিতেছেন। স্থামিজী যেন আত্মহারা হইয়া বালকটাকে ভোজন করাইতেছেন, যেন প্রত্যক্ত গোপালকে আহার করাইতেছেন, শুধু অভ্যাস-বশতঃ মাঝে মাঝে নিজে খাইতেছেন। ভোজনগৃত্টা যেন আনন্দ উৎসবে পরিপূর্ণ হইয়া উঠিল। ইহা মানবলীলা কি দেবলালা তাহা বিচার করা স্কঠিন। আনন্দ আনন্দকেই বৃদ্ধি করিয়া থাকে। আনন্দ স্বয়ংই প্রত্যক্ত বস্তু, আহার ভো নিমিত্ত মাত্র। এরূপ আনন্দের ভোজন পূর্ক্বে কখনও দেখি নাই বলিয়া মনে সর্ব্বদাই ইহা জাগ্যাক রহিখাছে।

একদিন অপরাক্তে স্বামিঞ্জা এক পর্য্যক্ষে বসিয়া অছেন এবং
শিবানন্দ স্বামী আর এক পর্য্যক্ষে বসিয়া আছেন। গৃহমধ্যে
অপর করেকটা লোকও ছিলেন। তাঁহাদের নাম এখন বিশেষ
শ্বরণ নাই। উভয়ের মধ্যে হাসি তামাসা অনেকক্ষণ পর্যন্ত
হইভেছিল! স্বামিঞ্জীর মুখ হাসিতে পরিপূর্ণ, চোখ মুখ দিয়া
হাসি যেন ফুটিয়া পড়িতেছে। অল্লবয়ক্ষ বালক নৃতন কৌতুক
শুনিলে যেমন অধীর হইয়া হাস্থ করে, স্বামিঞ্জীও ঠিক তক্রপ
করিতেছেন। স্বামিঞ্জী বলিতেছেন, "কি বলেন মহাপুরুষ,
আমি দৈত্যগুরু শুক্রাচার্য্য—এটা—এটা, ঠিক না" বলিয়া
আরও উক্তৈশ্বরে হাসিতেছেন এবং নানা প্রকার মুখভিন্সি
করিতেছেন। স্বামিঞ্জীর নেত্রের একটা সৃক্ষ স্বায়্ নপ্ত
হইয়া যাওয়ায় তাঁহার দৃষ্টি কিঞ্চিৎ পরিমাণে হ্রাস হইয়াছিল,
এবং শুক্রাচার্য্য যেমন দৈত্যগুরু ছিলেন, স্বামিঞ্জীও তক্রপ
বিদেশীয়দিগের গুরু হইয়াছিলেন। এই নিমিন্ত আপনাকে একচক্ষু

শুক্রাচার্য্যের সহিত তুলনা করিয়া নানারূপ ব্যঙ্গ ও কৌতুক করিতেছিলেন। শিবানন্দ স্বামীও মাঝে মাঝে ''আজে তা—ত বটেই, আজে ভা—ত বটেই" বলিয়া হাস্ত করিতেছিলেন: ফূর্ত্তি, আনন্দ, হাস্ত ও পরিহাসের ছাওর উডিতেছিল। হাসি যেন মুখ থেকে বেরিয়ে মেজের উপরে গড়াইতেছিল এবং লোকের গাঙ্গে মাখামাথি হইতেছিল। সামিজীর এক্সপ প্রিহাস-মুখ সামি আর কথন দেখি নাই। মাধুরা, শুদ্ধতা, বালকভাব এবং গৰুণট মনোভাব সব যেন একভাবে প্রস্ফুটিত হইয়াছে! স্বামিজীর গন্তীর ও শান্ত মুর্ত্তি অনেক দেখিয়াছি কিন্তু এরপ আনন্দপূর্ণ কোতুক মিঞিছ হাস্তমুধ আর কখনও দেখি নাই: সাধারণ সাংলারিক লোক হাস্ত করিলে তাহার ভিতর একটা বিরক্তি বা অবজ্ঞার ভাব থাকে, মনেতে চাপল্য বা সন্ম কোন প্রকার বিক্তভাব সানয়ন করিয়া দেয়। কিন্তু দেখিলাম যে স্বামিজীর দেই কৌতুক ও রহস্তময় ভাবভলির ভিতর এক গম্ভীর ভাব মনকে উচ্চপথে লইরা আ**দতে**ছে। হর্ষ ও ভাবোচ্ছান ইহাও যে ঈশ্বর লাভের এক পত্না তাহা আমরা পূর্বের জানিভাম না; এক্ষণে স্বামিজার কুপায় বেশ বুঝিতে পারিলাম।

বৈষ্ণব কবিরা হলাদিনা শক্তির বিশেষ প্রশংসা করিয়া থাকেন এবং বিরহ, মিলন, রাস, অভিসার প্রভৃতি নানাপ্রকার ভাবেরও বর্ণনা করিয়া থাকেন। বেদান্ত ও অপর শ্রুতিমার্গ চিত্তবৃত্তি নিরোধ করিয়া চিত্তকে উর্দ্ধিকে যাইতে আদেশ করেন। কেবল বৈষ্ণব কবিরাই চাপল্যের ভিতর মাধুর্য্য ও তলাদিনী শক্তি পাওয়া যায় বলেন। তাঁহারা বলেন, হলাদিনী, সঙ্গিনী, সন্থিৎ, অর্থাৎ হলাদিনী আসিলে ভক্তি ছ্যান সকলেই সঙ্গে সঙ্গে আসিবে। লীলাকে বুঝিতে পারিলে নিত্য অবশ্য আসিবে। কারণ লীলা ব্যতিরেকে নিত্য থাকিতে পারে না এবং নিত্য ব্যতিরেকে লীলা থাকিতে পারে না। নিত্যই লীলা হয় আবার লীলাই নিত্যে পরিণত হয়।

এই সকল ভাব আমরা শুনিয়াছিলাম, এবং বৈফব গ্রন্থাদিতেও পভিয়াছিলাম কিন্তু পড়িয়া কিছু ফুনয়ঙ্গম করিতে পারিলাম না। অনেক সময় অযুক্তিকর বলিয়া আমরা অনেক জায়গায় প্রত্যাখ্যান করিতে প্রয়াস পাইতাম। কিন্তু স্বামিজার অভূতপূর্ব্ব হাস্ত ও ব্যঙ্গ দেখিয়া এবং মাঝে মাঝে মহাপুরুষের আনন্দময় অনুমোদন বাক্য শুনিয়া নিত্য ও লীলার বিষয় যেন স্পষ্ট দেখিতে পাইলাম। স্বামিজার হাস্ত-কোতক ও পরিহাদের ভিতরেও যেন ব্রহ্মজ্ঞান ও জীবের প্রতি মহা আকর্ষণ ভাব স্পষ্ট দেখিতে পাইলাম। যেনসমস্ত জীবকে নিজের ভিতর আকর্ষণ করিতেছেন, এবং তথায় রাখিয়া আপনার বর্ণে তাহাদিগকে রঞ্জিত করিয়া আবার প্রত্যেককে যথাস্থানে প্রেরণ করিতেছেন: আমার মনটীকে তিনি ঠিক দেইরূপ করিলেন এবং উপস্থিত ব্যক্তি সকলকেও হাস্থা, রহস্থা ও বাঙ্গের ভিতর দিয়া ঠিক দেইরূপ রঞ্জিত করিয়া দিলেন। গম্ভীর, রুদ্রে ও প্রচণ্ডভাবে যেখানে স্থামিজী আত্মশক্তির বিস্তার ও পরিচালনা করা বিবেচনা করিতেন না সেইখানে তিনি কোতুক, ব্যঙ্গ ও পরিহাস

করিয়া বিবেকানন্দত্ব সাধারনের ভিতর উদ্ভূত করিয়া দিতেন। হাস্থাকৌতুকও যে ঈশ্বরলাভের সোপান শরম্পরা ইহা ভিনি প্রতীয়মান করিয়া দিতেন।

সাধারণের ধারণা যে ধর্মকর্ম করিলে শুক্ষ মূধ, রুক্ষ কেশ, স্লান বদন ও জার্গ শীর্ণ কলেবর হইতে হয়। হাসি তামাসার পাড়া দিয়ে যেতে নাই, তার নাম গন্ধ মাত্রটিও করিতে নাই, কেবল মাত্র চুপ করিয়া বসিয়া থাকিবে এবং সব সময় মেজাজ টং করিয়া রাখিবে। সব সময় কারদা-দোরস্ত গুরুগিরী বোল ঝারিবে—এই হইল ধর্মা। কিন্তু স্বামিজী অনেক সময় বলিতেন এবং অনেক সময় নিজের জীবনে দেখাইতেন যে, হাস্থ্য রহস্থ মনের উন্নতির এক প্রধান সহায়। ভিনি প্রায়ই বলিতেন, "Witticism is the sign of intelligence". এই নিমিত্ত ভিনি অভি কৌতুকপ্রিয় ছিলেন।

সামিজীর কৌতুক দেখিয়া আমি স্তন্তিত হইয়া রহিলাম।
তিনি কৌতুকে মাতিয়া ছিলেন। আমি প্রণাম করিতে যাইলে
যদিও অপর সময় বিনীভভাবে আমায় "থাক্ থাক্ বাবা
থাক্" বলিয়া নিষেধ কারতেন; কিন্তু সেই দিন আমি পূর্বে বৈষ্ণব ভক্ত ছিলাম ইহা তাঁহার স্মরণ হওয়ায় আমাকে
বলিলেন, "কিরে রামান্ত্রজী চঙ্গে প্রণাম কর"। শিবানদ স্বামী বলিলেন, "ওর পায়ে বাত যে, ওরপ প্রণাম কর্তে ওর কষ্ট হবে"। স্বামিজী প্রত্যুত্তর করিলেন, "ও কিছু নয়, ও সব কিছু নয়, ও সেরে যাবে, তুই প্রণাম কর, প্রণাম কর।" স্বামি সাষ্টাত্ব হইয়া এবং হস্তদ্ধ লম্বমান করিয়া মেজের উপর লম্বা হইয়া শুইয়া প্রণাম করিলাম। তাহাতে তিনি হাসিয়া খুব কৌতুক করিতে লাগিলেন।

এরূপ কথোপকগন ও হাস্ত রহস্ত হইতেতে এখন সময় একজন ব্রন্মচারী আসিয়া ব্রিলেন যে, কাশীর তকেদার-নাথের মোহান্ত মহারাজজী আপনার সহিত দেখা করিতে আসিয়াছেন। প্রদানাত্রই স্বামিজা তাঁহাকে সাদর সম্ভাবণ করিয়া বসাইতে বলিলেন এবং সেই হাস্যোৎফুল্ল বদন সহসা ভিরোহিত হইয়া ভাহার পরিবর্তে স্থির ধীর গম্ভীর ও আজ্ঞাএদ মুখ ও প্রদীপ্ত নয়ন্বয় আবির্ভূত হইল। স্বতন্ত্র বাক্তি দেহাভ্যম্ভর হইতে প্রকাশিত হইল। তখন আর কাহারও হাদ্য কৌছুক করিবার সামর্থ্য রহিলনা। সকলেই স্ব স্থানে সংযত হইয়া বসিতে লাগিল। গুহের পূর্বভাব পরিবর্ত্তিভ হইয়া তেজঃপূর্ণ নিস্তক বায়ুতে পর্য্যাসিত হুইল। যেন সেই গৃহ মধ্যে হাস্য কৌতুক পূর্বের্ব কখন হয় নাই এবং উপস্থিত লোকেরাও যেন ক্ষেহ হাদ্য কৌতুক করে নাই। নিমিষ মধ্যে ঘনভাব পরিবর্ত্তিত করিয়া দিলেন। আবার আর একজন স্বামী বিবেক: নন্দ হইয়া উঠিলেন। আমার যেন বোধ হইতে লাগিল 'নূতন গগন যেন নবতারাবলি নব নিশাকালকালি "

যে ঘরে ৺কেদারের মোহান্তজাকে অভ্যর্থনা করা হইয়াছিল স্বানী শিবানন্দজীকে লইগ্রা স্বামিজা দেই ঘরে প্রবেশ করিলেন। আমরাও ভাঁহার পদানুসরন করিলাম।

স্বামিজী গৃহে প্রবেশ করিলে তকেদারের মোহাস্ত অতি

স্বসম্ভ্রমে 'নমো নারায়ণ' কহিলেন এবং ভক্তিপূর্ণ স্তবপাঠের ভার স্বর করিয়া স্বামিজীকে সম্বর্জনা ও বন্দনা করিতে লাগিলেন। মোহান্তজী আপন দক্ষিনী ভাষায় বলিতে লাগিলেন এবং সজ্যের জনৈক সিংহলী সন্নাসী ঈংরেজী ভাষায় তাতা অনুদিত করিতে লাগিলেন এবং ধামিজীও ভাহার যথাযোগ্য উত্তর দান করিতে লাগিলেন। মোহান্তগী কছিলেন "আপনি সাক্ষাৎ শিব, আপনি জীবের মঙ্গলার্থ আবিভূতি হইয়াছেন। আমেরিলা ও ইউরোপে আপনি যেরূপ কার্যা করিয়াছেন ও শক্তির পরিচয় দিয়াছেন অভাপিও কোন ব্যক্তি ওরূপ করিতে পারেন নাই। পাশ্চাতা লোকদিগের সন্মুখে অপনি চিন্দুধর্মের যেরূপ শতগুণ গোৱৰ বুদ্ধি কৰিয়াছেন, ভাহাতে প্ৰত্যেক হিন্দু, প্ৰত্যেক সন্মাসী আপনাকে গৌরবান্বিত মনে করেন। বেদধর্মের গুতুরগস্তগুলি আপনি উপলব্ধি কবিয়া যেরূপ স্চারুরূপে এবং মর্বনিয়াদি-ক্রমে তাহা বাখ্যা করিয়াছেন তাহাতে আমরা সর্গাসীমণ্ডলী ও যাবতীয় হিন্দু আপনার নিকট বিশেষ ঋী আছি।'' পলিত-কেশ মগান্ত্ৰির অশীতিব্যীয় মোহান্ত মহারাজজী যধন এইরূপ অভিনন্দন ও স্তৃতিবাদ আর্ত্তি করিতেছিলেন স্থামিজী তখন লচ্জিত, বিহ্বল ও নিতান্ত উদ্বেলিত চিত্ত হইয়া একটি অল্লবয়ক শিশুর স্থায় মুতুভাবে কহিতে লাগিলেন, 'মহারাজ আমি কিইবা দামাল কার্য্য করিয়াছি, দকলই ঈশরের কুপা ও ইচ্ছা। তাঁহার মহিমা তিনিই প্রকাশ করিয়াছেন। এই দেহ স্বর্ নিষিত্ত মাত্র। আপনারা বৃদ্ধ সাধু, মহাজ্ঞানী, আপনাদিণের আইর্কিন ও কুপা মন্তকে থাকিলে এরপ বহুকার্যা সম্পন্ন হইতে পারে;

আর আপনি ভগবান্ কেদারনাথের মোহাস্ত, আপনি স্বয়ং শিবাবতার, আমি সামান্ত কুদ্র মনুষ্য। '

মোহান্ত মহারাজজী আরও কহিলেন, "আপনি যথন সেতুবদ্ধ রামেশর হইতে উত্তরাভিমুখে যাত্রা করিতেছিলেন, তথন আমাদের প্রধান মঠ হইতে আপনাকে প্রত্যুংগমন করিবার জন্ম শিবিকা ও লোকজন প্রেরণ করা হইয়াছিল। কিন্তু আপনাকে দেখিবার নিমিত্ত জনসংখ্যা বহুল হওয়াতে আপনি শারিরীক ক্লান্ত হইয়াছিলেন এবং আমাদের নিমন্ত্রণ তথন কার্য্যবশতঃ আপনি গ্রহণ করিতে পারেন নাই। আমাদিগের মঠের সাধু মহাত্মারা এজন্ম বিশেষ তুঃখিত আছেন। তাহারা আমার প্রতি তার্যোগে এই সংবাদ দিয়াছেন যে, যেন কাশীর এই মঠেতে আপনাকে বিশেষরূপে সংবর্জনা ও অভিবাদন করা হয়। আমাদিগের এই মিনভি যেন আপনি স্বগোষ্ঠী লইয়া ৮কেদারের মঠে একদিন ভিক্ষা গ্রহণ করেন।"

স্বামিজী বৃদ্ধ মহান্তজীর এরূপ বিনীত অভিনন্দন শুনাতে অত্যন্ত প্রীত হইয়া বালকের স্থায় মিষ্ট শব্দে প্রত্যুত্তর করিলেন, 'মহারাজ আজ্ঞা করিলে বা কোন লোক প্রেরণ করিলেই আমি সানন্দে আপনার মঠে গিয়া ভিক্ষা গ্রহণ করিতাম, এজনা আপনাকে কন্ট করিয়া এখানে আদা আবশ্যক হইত না, যাহা হউক আপনার আজ্ঞা অবশ্য পালন করিব। পরদিন প্রাত্তে দশটা কি এগারটার সময় স্থামিজী শিবানন্দ স্থামিজীকে এবং অপর সকলকে সঙ্গে নিয়ে মোহান্ত মহারাজের মঠেতে যাইলেন। জনৈক সিংহল দেশীয় বৌদ্ধ ভিক্ষক তথন মোহান্ত মহারাজের

নঠেতে অবস্থান করিতেছিলেন। তিনি স্বামিজীকে প্রশ্ন করিলেন, "সকল ধর্ণেই কি সিদ্ধ পুরুষ আছেন?" সকল ধর্ণেতেই যে সিদ্ধ পুরুষ আছেন স্বামিজী এইটা তাহাকে বিশেষ করিয়া বুঝাইয়া দিলেন এবং এমন কি বামাচারী তন্ত্রেতেও সিদ্ধ-পুরুষ হন, তবে গুরুমহারাজ বলিতেন যে, পথটা অতি নোংরা, কিন্তু সে পথেতেও সিদ্ধপুরুষ হয়" এরূপ নানা প্রকার কথাবার্ত্তা হইতে লাগিল এবং বৌদ্ধ সন্ত্র্যাসীও স্বামিজীর ভাব বেশ হাদয়ঙ্গম করিতে লাগিলেন। তাহার পর মোহান্ত মহারাজ্ঞী নানাবিধ উপকরণ দিয়া স্বামিজী ও তৎসন্তিদিগকে সেবা করাইলেন।

অপরাক্তে মোহান্ত মহারাজ্ঞী সামিজীকে এক প্রকোষ্ঠে লইয়া গেলেন এবং তথায় তাঁহার পূর্বতন গুরুপরম্পরা সকল্পের আলেখ্য দর্শন করাইয়া সকলের নাম ও গুণ কার্ত্তন করিতে লাগিলেন। তৎপরে একখানি গৈরিক বসন আনিয়া স্বামিজীর পরিধেয় গৈরিক বসনের উপর পড়াইয়া দিলেন এবং গাত্রেও আর একখানি গৈরিক উত্তরীয় জড়াইয়া দিলেন। মোহান্ত মহারাজজী অতীব হর্ষিত হংয়া ভাবোচছাসে কহিতে লাগিলেন? 'আজি প্রকৃত দণ্ডীজী ভোজন হুয়া।'' তাহার পর সকলে একেদারের মন্দিরেতে মোহান্তজীর অনুরোধে চলিলেন। স্বামিজীর সন্মানার্থে একেদারজীর ওখনই আরতি হইতে লাগিল। স্বামিজী বাহিরের প্রকোষ্ট বা যেখানে নন্দা। ব্রষ) আছেন, সেই গৃহের দারদেশে প্রবেশ করিয়াই একেবারে সমাধিষ্ট বাছপ্রান রহিত নিশ্চল ও নিষ্পান্দ হইয়া দণ্ডায়মান রহিলেন। অগ্রসর হওয়া বা পদবিক্ষেপ করিবার সামর্থ্য আর রহিল না,

যেন "চিত্রার্পিভারস্ত ইধাবভন্তে"। পায়ে মোজা ছিল, জলে ভিজিতেছিল, কিন্তু কাহারও সামর্থ হইল না যে মোজা উন্মোচন করিয়া দেয় বা কোন প্রকার শব্দ করে সকলেই ভাবে তন্ময় ও জ্ঞানমগ্লা, কাহারও কিছু লক্ষা করিবার সময় বা সামর্থ রহিল নাই। স্বামিজীর সমাধিত্ব ভাব দেখিয়া সকলের ভিতরকার স্বযুপ্ত কুণ্ডলিনী যেন জাগ্রত হইরা উঠিল, দ**্লেই ভন্ম**া, সকলেই ধ্যানমগ্ন—অপূর্ব্ব শোভা! অপূর্ব্ব দৃশ্য! 🗐 🖺 রাম-কুফাদেব যে বলিতেন, স্বামিজার ভিতর শিব বিরাজ কারতে-ছেন, এবং সপ্তর্ষি মগুল ছইতে তাঁহাকে পুথিতলে আনয়ন করিয়াছিলেন আজ সেই ভাবটী, সেই মহাশক্তি প্রজ্জলিত হুতাশনের ন্যায় দেদিপ্যমান হইয়া উঠিল। সকলেই দেখিতে লাগিলেন, দকলেই অনুভব ক<িতে লাগিলেন। গর্ভাঙে শীলাময় কেদার মূর্ত্তি, তাহাতে দীপ দারায় আরতি হইতেছে, পশ্চাতে সমাধিত্ব মহাযোগী মহাদেব ''যোগেশ্বর যোগমূর্ত্তি"; উভয়ের অভ্যন্তরস্থিত বস্তু এক কেবলমাত্র আকারে চেতনও অচেতন—স্থাবর জঙ্গম এইমাত্র প্রভেদ। এইরূপ গম্ভীর নিস্তব্ধ ও মনোচ্চগামী ভাব দেখিয়া কেইবা না স্তম্ভিত, বিশ্মত ও সমাধিস্থ ইইবে? স্থামিজীর মুখ সম্পূর্ণ পরিবর্ত্তিত। সচরাচর আমরা যে মুখ দেখিতাম ও যে স্বামিজীর কাছে বসিতাম ও আলাপ করিতাম ইনি যেন সে বাক্তি নন, স্বতন্ত্র ব্যক্তি, স্বতন্ত্র লোক। ইহাকেই কি বলে ''দেবংভুত্বা দেবংযজেৎ''। মহাসিদ্ধ যোগী মহাত্মারা সমাধিস্থ ও বাছজ্ঞান শূন্য হইয়া চিত্ত পরমাত্মাতে লয় করিলে

কিরূপ হয় তাহা পূর্বের আমরা কখনও দেখি নাই। কিন্তু স্বামিজীর ভাবান্তরিত অবস্থা দেখিয়া তাহা স্পষ্ট বুঝিতে লাগিলাম। এই অবস্থাটা বর্ণনা করা কাগারও সাধ্য নাই। কেবল মাত্র কিঞ্জিৎ এখানে আভাস দিলাম।

ঐবৈপ অর্ক স্থান্ত অবস্থার আমরা সকলে ৺কেদারের মন্দির হাতে বহির্গত হইলাম। স্বামিজী তখন ভাগবন্ধার রিয়াছেন। মৃত্ব মৃত্ব পদ সঞ্চালনে আমরা প্রাক্তন বারে আদিলাম এবং স্বামিজীর যাহাতে কোন প্রকার আঘাত নালাগে এইরূপ ভাবে অতি সন্তর্পনে ভাহাকে গাড়ীতে বসাইলাম। গাড়ী চলিতে লাগিল, ক্রমশং স্বামিজীরও ভাবরাশি উপশম হইতে লাগিল। একটি ছত্রের সম্মুখ দিয়া যখন গাড়ী যাইতেছিল তখন স্বামিজী বালকের ভায়ে আনন্দ করিয়া "নাটকোট-চেটী" দক্ষিণা শব্দের অস্ত্রংশ বাঙ্গ করিয়া উচ্চারণ করিছে লাগিলেন। ক্রমে গাড়ী কালাকৃষ্ণ ঠাকুরের বাড়ীতে ফিরিয়া আসিল।

জনৈক ডাক্তার কালীকৃষ্ণ ঠাকুরের বাদায় প্রায়ই স্থামিজীকে দেখিতে আদিতেন। স্থামি জাও তাঁহার চিকিৎদায় কিছুদিন স্বস্থ ছিলেন। ডাক্তার একজন থিওজফিষ্ট বা তদমুরাগী।
তিনি একদিন আদিয়া থিওজফিক্যাল্ দোদাইটি যে এ দেশে
নানারূপ কার্য্য করিতেছে দেই বিষয়ের কথা উত্থাপন করিলেন।
মিদেদ্ বেদান্ট ও তাঁহার কার্য্যপ্রণালী যে ভারতের বিশেষ
উপকার করিতেছে ও দেশের যে একমাত্র কল্যাণ করিতেছে
সেইটি সমর্থন করিয়া তিনি নানারূপ তর্ক যুক্তি আরম্ভ করিলেন।

স্বামিজী প্রথমে স্থির ইইয়া শুনিতে লাগিলেন, বিশেষ কোন প্রতিবাদ বা প্রভাৱের করিলেন না। ডাক্তার বাবু অপ্রতিহত ইইয়া উত্তরোত্তর তাঁহার বাকচাতুর্য্য রাদ্ধ করিতে লাগিলেন।

ক্রমশঃ স্বামিজার মুখের বর্ণ পরিবর্ত্তিত হইতে লাগিল। মুখের সাধারণ ভাব দৃঢ় আকার ধারণ করিল। তেওঁহীন চক্ষু উচ্জ্বল হইয়া উঠিল এবং আকার ইঙ্গিত ও অবয়ৰ সম্পূৰ্ণ পরিবর্ত্তন হউতে লাগিল। ডাক্তার বাবু তাহা কিছুই নিরীক্ষণ করিতে পারিলেন না। তাঁহার শ্রোতা যে অপর এক পুরুষ হইতেছেন এবং তিনি যে বিশেষ শক্তিমান পুরুষের সম্মুখে বসিয়া আছেন ভাহাও তিনি উপলব্ধি করিতে পারেন নাই। পূর্ব্ব শ্রোতা যে অন্তর্হিত হইয়া তৎস্থানে এক দিখিজয়ী পুরুষরূপ ধারণ করিয়াছেন তাহা ডাক্তারের তথনও বোধগমা হয় নাই। সহসা ঝটিকার স্থায় স্বামিজীর মুখ হইতে বাণী নিঃস্ত হইতে গন্তীর স্তব্ধায়মান, আজ্ঞাপ্রদ স্বর তাঁহার মুখ হইতে বহির্গত হইতে লাগিল। তিনি যে জগৎকে তৃণ জ্ঞান করেন এবং পদতলে মেদিনীকে নিষ্পেষণ করিতে পারেন সেইভাব তাঁহার ফুটিয়া উঠিল। সম্পূর্ণ অপর এক নৃতন পুরুষ পূর্ব্বদেহের ভিতর প্রবেশ করিল। তিনি স্তর্নায়মান শব্দে ডাক্তারকে বলিতে লাগিলেন, 'বিদেশীয়েরা এদেশের সব বিষয়ে গুরু হইয়াছে, অবশিষ্ট বাকী আছে এক ধর্ম, তাহাতেও তাহারা হাত দিতে আসিতেছে, আর ভোমরা অবনতমস্তকে বিদেশীয়কে গুরুর আসনে বসাইয়া, গুরু বলিয়া সম্মান করিতেছ। এই পুণ্য ভারভভূমিতে মহাপুরুষগণ কি একেবারেই অন্তর্হিত হইয়া- ছেন যে বিদেশ থেকে গুরু আনাইয়া লইতে হইবে ? ইহা কি গৌরবের না হীনতার কথা ? আমি এখানে অভিনন্দন দিতে বা কোন প্রকার গোলমাল করিতে সকলকে হারণ করিয়াছি। শরীর অস্তুস্থ, নিরিবিলি থাকিব, সেই জন্মই চুপচাপ করে বদে আছি।" ক্রমেই তাঁহার শ্বর আরও গন্তীর হহতে লাগিল, মুখে ওজ্ববিতা ফুটিয়া উঠিতে লাগিল, আর্বক্তিম বিক্ষারিত নেত্রে ডাক্তারের দিকে নিরীক্ষণ করিয়া স্থির দৃঢ় গম্ভীর স্বরে বলিলেন, 'যদি ইচ্ছা করি তাহলে এই রাত্রেই বেসাণ্ট ও সমগ্র কাশীবাদিরা এই চরণতলে আগিয়া পড়িবে, অযথা শক্তি ব্যবহার করা উচিত নয় সেজগু তার কিছুই করি নাই।" ইতি পূর্ব্বে ডাব্রুনার বাবু কিঞ্চিৎ দ্বিধাভাবে (স্বামিঞ্জী যে অপর সকলের চেয়ে অধিক উন্নত নন এই ভাবিয়া) একটু আপ্যায়িত স্বরে বলিয়াছিলেন, "তাইত মহাশয়, বেদান্ট আপনার সহিত দেখা করিতে আদিল না !" ভাক্তারের আপ্যায়িত ভাব দেখিয়া স্বামিজী মনে মনে একটু বিরক্ত হইয়াছিলেন; সেই নিমিত্ত তাহাকে আত্মশক্তির কিঞ্চিৎ পরিচয় দিলেন

তৎশ্রণে ডাক্তার স্তন্তিত ও কিঞিৎ লজিত হইলেন এবং
শীঘ্রই বেশ বুঝিতে পারিলেন যে, যাঁহার দহিত কথা কহিতেছিলেন তিনি যখন স্বাভাবিকভাবে থাকেন, দাধারণ লোকের
চেয়েও নিম্ন ও হীন হইতে পারেন। বালক বা বুদ্ধিহীনের হাায়
হইতে পারেন, শক্তিমন্তার কোন বিশেষ পরিচয় দেন না।
দেখিলে অতি দাধারণ লোক এইটি মাত্র বোঝা যায়। কিন্ত
যদি আবশ্যক হয় তাহা হইলে ন্রম, কোমল, স্বেহপূর্ণ মুণ্

একেবারেই বিপরীত ভাবাপন্ন হয় ও চুপ্পেক্ষ্যবদন হইয়া উঠিতে পারেন।

একস্থানে বিদিয়া ভাবান্তরবশতঃ স্বামিজীর অর্প প্রভাঙ্গ ও মুখভঞ্জি যে বহুবিধ হইত, ইহা তাহারই একটি নিদর্শন দেখিলাম। চিত্রে তাঁহার যে বহুবিধ ফটো আছে অনেকেরই ধারণা যে, ভিন্ন ভিন্ন সময় ভিন্ন ভিন্ন স্থানে তাঁহার রূপ গৃহিত হইয়াছিল কিন্তু বিশেষ লক্ষ্য করিয়া দেখিলে দেখিতে পাওয়া যাইবে যে, একই আসনে একই পরিক্ছদে তিন চারি খানি ছবি লওয়া হইয়াছে এবং প্রত্যেক ছবিটিই যে স্বতন্ত্র তাহা বেশ বুঝিতে পারা যাইবে। তিনি ইচ্ছামত মুখের ও শরীরের গঠন সম্পূর্ণভাবে পরিবর্ত্তন করিতে পারিতেন, এইটিই তাঁহার এক বিশেষ লক্ষণ ছিল।

আমরা হঠাৎ ভাঁহার মুখভঙ্গির পরিবর্ত্তন ও ছুপ্পেক্ষাবদন দেখিয়া ত্রস্ত, চমকিত ও উদ্বিগ্ন হইয়া উঠিলাম; ইতিপূর্বের বাঁহাকে সাধারণ লোক বলিয়া দেখিতেছিলাম, যিনি সাধারণ লোকের মত নানাবিধ হাসি, তামাসা ঠাট্টা করিতেছিলেন, এবং বাঁহার সাধারণের সহিত বিশেষ পার্থক্য ছিল না হঠাং তাঁহাকে দেখিলাম, "উপযুগপরি সর্বেষাম্ আদিত্যইবতেজসা"। সূর্য্য যেমন পৃথিবী ও নানা গ্রহের তেজঃ ঘারা আপনার প্রাধান্ত সর্ব্বোপরি রাখেন সেইরূপ হঠাং তাঁহার দেহের ভিতর থেকে তেজঃ বাহির হইল।

অল্পকণ পরে আমাদের হৃদয়ে হর্ষ ও ভাত এক সময়ে উবেলিত হইয়া উঠিল। দেখিতেও অসমর্থ, না দেখিতেও অসমর্থ। অভাপিও সেই দৃশ্য মনে করিলে চিত্ত প্রফুল্ল ও আনন্দিত হইরা উঠে, এবং পুনরায় তাহা দেখিতে নিভান্ত ইচ্ছা হয়। অস্পষ্টভাবে কখন কখন যেন মনে দেখি, "ঐ যেন সেই পাগল আমার, দেখ্ছি যেন মুখখানি তার।"

ডাক্তারবাবু কিঞ্চিৎ অপ্রতিভ হইলেন এবং কথা পরিবর্ত্তন করিলেন। স্বামিজী আবার পুনরায় পূর্বতিন শান্ত সন্ন্যাদী হইয়া রহিলেন, যেন কোন কথাই হয় নাই, পূর্ববিষয় যেন কেই কখন শুনে নাই। আমরাও একটু যেন আশ্বন্থ হইলাম। কিন্তু ব্যাপারটা যেন এক স্বপ্লাবস্থায়, একমুহূর্ত্তের মধ্যে এক প্রলায়কাণ্ড হইয়া গেল। যদিও বর্ণবিন্থাস বা শব্দাদি বিশেষ স্মরণ নাই কিন্তু ভাবভঙ্গি, কণ্ঠস্বর, তুম্প্রেক্তাবদন ও আরক্তিম নয়ন এরূপ দৃঢ়তিত্র আমার হৃদয়ে অঙ্কিত করিয়াছে যে ইহা জীবনে আর বিস্কৃত হইব না যথনত সেই বিষয় মনে করি তথনই ধমনীতে আমার শোণিত উফ্লভাব ধারণ করিয়া প্রবাহিত হয় ও হৃৎপিও কম্পিত হুইয়া উঠে। ইহাকেই বলে মর্ম্মপ্রশানী, অশ্রীরী বাণী।

খ্যাতনামা কেল্কার এই সময় ৬কাশীধামে ছিলেন।
একদিন সায়ংকালে তিনি স্বামিজীকে দেখিতে আসিলেন।
শরীর অস্ত্রন্থ এই জন্ম স্বামিজী পর্যাঙ্কের উপর শায়িত ছিলেন।
কেল্কার বিনীগভাবে গৃহে প্রবেশ করিয়া নিমন্ত্রিত আন্তরণে
উপবেশন করিলেন, এবং গুরু বা মহাপুরুষের নিকট সমন্ত্রমে
বেমন যাওয়া প্রথা তজ্ঞাপ নম্র ও বিনয়পূর্ণ ভাবে করজাড়
করিয়া আসন গ্রহণ করিলেন।

কথাবার্ত্তা ইংরাজিতে হইতে লাগিল। আমরা দূরে বসিয়াছি। প্রত্যেক শব্দ শুনিতে পাইলাম না এবং বয়স সল্ল বশতঃ বিদেশীয় ভাষার সকল কথা বোধগম্য হইল না। কিন্তু আকার ইঙ্গিত ও ভাবভঙ্গিতে যাহা হুদয়ঙ্গম হইয়াছিল তাহাই এন্থলে বিবৃত করিতেছি। স্থামিজী প্রথম শুইয়া কথাবার্ত্তা বলিতে ছিলেন। ক্রমেই ভাবরাশি ঘনীভূত হইতে লাগিল। শরীরের অঙ্গ প্রত্যঞ্জের চাঞ্চল্য লক্ষিত হইল। শরীর দুর্বল থাকিলেও তিনি হঠাৎ স্বস্থ ব্যক্তির ন্যায় উঠিয়া বদিলেন, এবং কথাবার্ত্তা অপেক্ষাকৃত কিঞ্চিৎ দৃঢ়ভাবে কহিতে লাগিলেন। ক্রমে অধিকতর ভাবরাশি আসিয়া তাঁচাতে প্রবেশ করিল। তিনি কিঞ্চিৎ উত্তেজিত হইলেন। চক্ষুর্য বিস্ফারিত হইল, ওপ্ত কুঞ্চিত, কম্পমান ও দাঢ়ারূপ ধারণ করিল। ললাট কিঞ্ছিৎ কুঞ্চিত তবু প্রশস্ত : নাসিকা হর্ষ বা অবজ্ঞাব্যঞ্জক লম্ববান ও কুঞ্চনভাব ধারণ করিল। মুখ আরক্তিম হইল।

শব্দ ক্রমে মধুর ও প্লথ অবস্থা হইতে খরতর ও উচ্চভাব ধারণ করিল। ক্রমিক তাঁহার স্থাপুপ্ত তেজস্বীভাব স্পষ্টভাবে প্রকাশিত হইল। রুগা, অসুস্থ ও কাতর ব্যক্তি যিনি শুইয়া ছিলেন এবং শোকার্ত্ত মৃত্যভাবে যিনি ইতিপূর্ব্বে বাক্যালাপ করিতেছিলেন সেই ব্যক্তি, সেই অঙ্গ প্রত্যঙ্গ, সেই সকল ভাব একেবারে বিদ্রিত হইয়া গেল। এবং তংস্থানে মহাতেজস্বীভাব, সুস্থ শরীর ও তেজস্বীবাণী আসিয়া প্রকাশ পাইল। স্বভন্ত ব্যক্তি, স্বতন্ত বর্ণ উচ্চারণ, স্বতন্ত নেত্রের দৃষ্টি। ভাবাবেশে দেহ সম্পূর্ণ পরিবর্ত্তন করিতে আমরা স্বামিজীকে বস্তবার দেখিয়াছি, এই জনা আমাদের নিকট ইহা তত নৃতন ও কোতৃহলের বিষয় বলিয়া মনে হইল না। কিন্তু যাহারা তাঁহার প্রথম বা দিতীয় বারের ভাবাবস্থা দেখিয়াছেন, তাহারা চমকিত ও ত্রস্ত হইয়াছেন। কেল্কার মহাশয় স্বামিজীকে এরূপ সহসা দেহ পরিবর্ত্তন ও স্বতন্ত্র বাক্তিত্ব ধারণ করিতে দেখিয়া বিমোহিত ও কিঞ্চিৎ পরিমাণে উন্মণা হইয়াছিলেন—ভাহা তাঁহার মুখভগতৈ আমরা স্পষ্ট বুঝিতে পারিলাম। স্বামিজীর অন্তনিহিত শক্তি যেরূপ উর্দ্ধ মাত্রায় উঠিতে লাগিল, কেল্কার মহাশয়েরও শক্তি তত্রপ নৃান হইতে লাগিল। যেন 'নিপ্রাভ প্রভাতকল্লা শশিনেব শর্করী" অর্থাৎ উষার পূর্কের চক্ত্র যেরূপ হীনজ্যোতি হইয়া যায়, কেল্কার মহাশয়ও তত্রপ হইলেন।

স্বামি জী ক্রমে ধীরে ধীরে ভারতবর্যের বিষয় নানাকথা কহিতে লাগিলেন। রাজনৈতিক, সমা দ্বসংস্কার প্রভৃতি নানা বিষয়ে কথা হইল। স্বামিজী ক্রমে ব্যথিত বিমনায়মান, ছুঃখিত ও শোকার্ত্ত হইয়া পড়িলেন। তাঁহার চক্ষুতে বিষাদ, শোক, দয়া এবং দর্ব্বজীবের প্রতি প্রেম লক্ষিত হইতে লাগিল। তিনি কখন খেছন্তি করিয়া কখন বা দ্রিয়মাণ ভাবে কখন বা ক্রেমণ ভাবে কখন বা ক্রেমণ করিয়া কহিতে লাগিলেন, "ভারতবাদীদের এরূপ হীন অবস্থায়, এরূপ দৈনা অবস্থায় আর বেশীদিন বাঁচিয়া থাকিবার কি আবস্থাক? পলকে পলকে নরক যন্ত্রণা ভোগ করিতেছে, অনাহার লাগ্রুনা, ক্লেশ দিবারাত্র অমুভব করিতেছে, কেবল জীবনমাত্র সংরক্ষণ করিয়া দিনাতিপাত করিতেছে, প্রজ্ঞলিত নরকানলে

দিবারাত্র দশ্ধ হইতেছে, মৃত্যু ইহার চেয়েও যে ঢের ভাল ছিল।"
ভিনি এইভাবে শোকার্ত্ত ও সন্থপ্তহাদয়ে ভারতবাদীদিগের ছঃখের বিষয় কহিতে লাগিলেন। আমরা তাঁহার সকরুণ দেশ প্রেমিকতা দেখিয়া মৃদ্ধ ও বিস্ময়ান্বিত হইলাম। এরূপ অকপ্রতি দেশানুরাগ যে হইতে পারে ইহা আমরা এই প্রথম দেখিলাম। সমগ্র ভারতবর্ষের জন্য খেছুক্তি, তাহাদের কষ্ট যেন নিজের কষ্ট, কিদে সকলের উন্নতি হয়, কিদে তাহারা স্থথে থাকিতে পারে ও একমুটো গ্রাসাচ্ছাদন পায়, কিদে তাহাদের ফুংখ তিরোহিত হয় সেই চিন্তা করিতে করিতে তাঁহার হাদয় হইতে শোক ও প্রেমের উৎস ক্রতবেগে উঠিতে লাগিল। এরূপ প্রেমিকতা ও জনহিতৈবিতা আমরা অপর কোন ব্যক্তির নিকট দেখিয়াছি কিনা সন্দেহ।

তাহার পর তিনি কেল্কারের সহিত রাজনৈতিক বিষয় আলাপ করিতে লাগিলেন। শুক্ষ বৈদেশিক রাজনীতিতে এ দেশের কোন উপকার হইবে না, এবং অনুকরণেও যে, কোন ফল হইবে না কিন্তু স্বভঃপ্রাণাদিত পূর্বতন প্রথা রাখিয়া চলিলে বিশেষ উপকার হইতে পারে। এইটি তিনি কেল্কারকে বিশেষ ভাবে বুঝাইতে লাগিলেন। স্বামিক্ষী কেল্কার মহাশারকে আরও স্পষ্টভাবে বুঝাইলেন যে ধর্ম্মের ভিতর দিয়া সমাজ সংস্কার ও ধর্মের ভিতর দিয়াই নানারকম উন্নতিই হচ্ছে এক মাত্র ভারতবর্ষের পন্থা। কিন্তু ধর্ম্মবিচ্যুত রাজনীতি বা অন্থ কোন প্রকার সামাজিক আন্দোলন ভারতবর্ষে কোন কার্যাদায়ক হইবে না" এই সমস্ক বাক্য শুনিয়া কেলকার

মহাশয় সন্তুষ্ট ও হবিত হইয়া বিনীতভাবে প্রণাম পূর্ব্বক আশীর্বাদ গ্রহণ করিয়া চলি া গেলে।

লক্ষ্যহীন ভ্রমি ধরামাঝে
উত্তাল তরঙ্গরাশি গ্রাসিছে জগত,
হাহাকার সদা ওঠে রোল,
মর্ম্মভেদী পশিছে হাদ্য মাঝে
নাহিক নিস্তার;
কে আছ মানব নিবার তরঙ্গরাশি।

সামিজা যখন উত্তর ভারতবর্য স্থাতে কুমারিক। পর্যান্ত পদব্রজে দীনহীনের গ্রায় পর্যাটন করিছেছিলেন, তখন তিনি স্বচক্ষে সমস্ত ভারতবাদীদের জঃখ কট্ট দর্শন করিয়াছিলেন। আতুর, দরিজ ও নিরাশ্রয় ঔষধ এয়া ও আলার ব্যতীত নিতান্ত কট্টে দিনাতিপাত করিতেছে দেখিয়া তাঁলার প্রাণে বড় ব্যথা লাগিয়াছিল। তিনি আমেরিকা যাইয়া এ বিষয় বিশ্বত হন নাই। বহু পত্রে ও বক্তৃতায় তিনি এ সকল বিষয় বিশেষভাবে উল্লেখ করিয়াছিলেন। ভালতে ফিরিয়া আদিয়া তিনি দেখিলেন যে সেই পূর্ববিস্থাও পূর্ববিভাব বর্তমান রহিয়াছে; কেবল মাত্র অধিকতর কইকর বলিয়া তাঁলার সম্মুখে প্রতীয়মান হইতে লাগিল। তাঁলার মন জঃখী, দরিজ ও ক্লিষ্টের নিমিত্ত সর্বেদা চঞ্চল থাকিত। আনন্দের ভিতর শোক, হর্ষের ভিতর বিষাদ্ধ সর্বেদাই তাঁলার মুখে পরিলক্ষিত হইত। কি উপায়ে এই ত্বঃখন রাশির প্রতিকার করা যাইবে এই চিস্তায় তিনি ময় হইয়া

থাকিতেন। শোকে তাঁহার হৃদয় উথলিত হইয়া চক্ষু হইতে অশ্রুগরা বিগলিত হইত।

বত্তকাল হইতে মহাপুরুষের। এই বিষয়ে চিন্তা করিয়াছেন এবং স্থ কালোপযোগী প্রতিকারের উপায় নির্দারণ করিয়াছিলেন। যদিও সকল মহাপুরুষের ভাবরাশির মর্ম্ম একই হট্যা থাকে তথাপি কার্য্যদক্ষতা, সময়োপযোগীতা ও কার্য্যপ্রণালী পৃথক্ হয়। বৃদ্ধদেব বলিয়াছিলেন, "বহুলন হিতায় বহুজন স্থবায়" এই ভাব লইয়া ভিন্কুগণ সর্ব্বে বিচরণ করিবেন। সরল ভাষায়, "জীবে দয়া এইমাত্র জানি।" প্রত্যেক জাবকে দয়া করিবে। "পানাতিপাতাবেরমণি শিক্ষাপদম্ সমাদিয়ামি।" প্রাণীবধ হইতে বিরত হইলাম! আমি এই প্রতিজ্ঞা, এই শিক্ষাপ্রহণ করিলাম। ইহাই বৃদ্ধদেবের পঞ্জীলার প্রথম মন্ত্র, এবং আর চারিটি শীলাও ভদ্ধপ।

এই শান্তিভাব অবলম্বন করিয়া, এই অহি:সাভাব গ্রহণ করিয়া বৌদ্ধধ্ম সমস্ত জগৎকে প্লাবিত করিয়াছিল। বৌদ্ধ সম্প্রদায়ের ভিতর এই মন্ত্রটী প্রথম সোপান। সমস্ত বৌদ্ধ ধশ্মের ভাবরাশি, প্রক্রিয়া, উন্নতি, স্থিতি ও ধ্বংস এই মন্ত্রটীর উপর নির্ভর করিতেছে। 'অনুসংশ স্বভাব' এইটীই হইল বৌদ্ধ ধশ্মের মূলমন্ত্র।

ভগবান ঈশা কোন একজন লোককে বলিয়াছিলেন, "ঈশরকে মন প্রাণ দিয়া ভাল বাসিবে এবং ভোমার প্রতিবেশীকে আপনার জানিবে।" তাঁহার সময় সমাজেতে ইহাই পর্যাপ্ত

হইয়াছিল। আধুনিক খুঠীয় মতাবলম্বীরা এই ভাবটী গ্রহণ করুন আর নাই করুন কিন্তু ইহাই যে ভগবান ঈশার উক্তি এবং এই ভাবটীই জগতে প্রচার করিবার নিমিন্ত ভিনি বিশেষ প্রয়াস পাইয়াছিলেন, এবং নানা উপাখ্যান দ্বারা জন সাধারণকে বুঝাইবার জন্ম বিশেষ চেষ্টা করিয়াছিলেন

ভগবান শ্রীচৈতন্ম তাঁহার সময়োপযোগী ভাবরাশি একটী শব্দে প্রকাশ করিয়াছিলেন, "জীবে দয়া, নামে রুচি।" জীবকে দয়া করিবে. এবং ভগবানের নামে বিশেষ শ্রাদ্ধা ভক্তি রাখিবে। যদিও এই সকল ভাব অভি উচ্চ ও তখন বিশেষ ফলপ্রদ হইয়াছিল কিন্তু কালক্রমে ত্রিহিত শক্তি লুপ্ত হইয়া যায়। মন্ত্রটী কেবল শব্দ মাত্র হইয়াছে,-"প্রাণহীন শব্দে পরিণত।"

সামজী মহাশক্তিমান পুরুষ; একদিকে ভাহার যেমন দিংহ গর্জন, ওজস্বাভাব ও তুর্দমনীয় বিক্রম, কোন বাধা বিপদ কিছুই মানিতেন না, প্রভ্যেক অন্তরায়ের মূলোৎপাটন করিয়া নূতন পত্থা স্থাপন করিতেন, অপরদিকে আবার ভাঁহার হৃদয় তেমনি কোমল ছিল। এক সময়ে তিনি বলিয়াছিলেন যে, 'দোহন কালে হুগ্ধে যে বুৰুদ উঠে ভাহাও অভি কঠিন, ভাহাতেও অঙ্গুলি কাটিয়া যাইতে পারে এবং ইহাও সম্ভব কিন্তু রাধিকার যে প্রেমোচ্ছাদ তাহ। তুগ্ধ বুৰুদ্ অপেক্ষাও কোমল হইয়া পড়িত।'' আর সে ব্যক্তি নয়, আর সে ভাব নয়! শোকার্তের সহিত শোকার্ত্ত হইতেন, ক্লিষ্টের সহিত ক্লিষ্ট হইতেন।

দাৰ্জিলিং অবস্থান কালে একদিন তিনি প্ৰাতে

বায়ুদেবনাথে পরিভ্রমণ করিতেছিলেন। শর্বার স্তন্থ। প্রাতে কিঞ্চিৎ জলযোগও করিয়াছেন, এবং হর্ষিত মনে ছুই তিনটী লোক সঙ্গে লইয়া গিরি সৌন্দর্য্য দেখিতে দেখিতে ধীরপদ-সঞ্চারে বিচরণ করিতেছেন। এমন সময়ে এক ভুটিয়া স্ত্রীলোককে পৃষ্ঠদেশে গুরুভার বহন করিয়া যাইতে দেখিতে পাইলেন। হঠাৎ তাহার পায়ে হোঁচট্ লাগাতে পুষ্ঠস্থিত। ভার পড়িয়া গেল এবং তাহার পাঁজরায় আঘাত লাগিল। স্বামিজী দূরে ছিলেন, অনিমেষ নেত্রে তাহা লক্ষ্য করিলেন, আর পদ-বিক্ষেপ করিতে পারিলেন না। মুখের ভাব স্থির হইয়া রহিল। অল্পকণ পরে তিনি কাতরস্বরে বলিয়া উঠিলেন "বড্ড বাথা লেগেছে, আর যেতে পাচ্ছি না।" পার্শ্বন্ধিত বালকেরা জিজ্ঞাদা করিল, 'স্বামিজা, কোথায় ব্যথা লেগেছে ?'' তিনি তাঁচার পার্যদেশ দেখাইয়া বলিলেন, ''এইখানে, দেখিদ্ নি ঐ স্ত্রী-লোকটীর লেগেছে"। বালকেরা অল্পবয়স্করশতঃ কিছুই বুঝিতে পারিল না, ভাবিল এ মাবার কি ঢ: -- এক গাঁয়ে ঢেকি পড়ে আর এক গাঁরে মাথাব্যথা।" স্বামিন্সীর মুখের ভাব এত পরিবর্ত্তিত হইল যে কেহই কোন কথা জিজ্ঞাসা করিতে সাহস করিল না। প্রত্যেকেই নিজ নিজ আবাদে গমন করিল। বহুকাল পরে যখন দেই বালকেরা বয়ক্ত হইল এবং প্রবীণতা লাভ করিল তখন তাহার: এই ব্যাপার্টীর ভাব বুঝিতে পারিল।

মহাপুরুষের একটি প্রধান লক্ষণ পণ্ডিতেরা বলিয়া থাকেন যে "A great man is one who can transfigure himself into various forms' মহাপুরুষেরাই কেবল আগন্তুক ব্যক্তির চিন্তানুযায়ী নিজের দেহের সম্পূর্ণ পরিবর্ত্তন আনায়ন করিতে পারেন। ইংরাজীতে যাহাকে "Sympathy" বা সহানুভূতি বলে ইহা তাহা নহে, সম্পূর্ণ পরিবর্তনীয় ভাব। আগন্তুক ব্যক্তি, শোকার্ত্ত, ক্লিষ্ট, পণ্ডিড, জ্ঞানী বা অপর কোন ভাবাপন্ন হইলে মহাপুরুষেৱাও আপনার ভিতর হইতে তদ্রপেণী শক্তি বিকাশ করিয়া সাগন্তুক ব্যক্তির অমুরূপ হ'ন; এবং অন্তিবিলম্বে আগন্তুক ব্যক্তিকে বুঝাইয়া দেন যে ইহার পশ্চাতে বহু উচ্চ স্থান আছে এবং এই পথ অবলম্বন করিলে ব্রুক্ষে উপনীত হওয়া যাইতে পারে। সাধারণলোক ভাবরাশির কেবল মাত্র বর্ণবিক্তাদ জানে। কিন্তু মহাপুরুষেরা দেই ভাবের যে প্রত্যক্ষ রূপ আছে, অবয়ব আছে, অধিষ্ঠান বা ভক্তি আছে তাহা স্পষ্ট দেখাইয়া দেন। তাঁহাদের দেহের ভিতর সেই ভাবটি প্রতিবিশ্বিত হয়। পূর্ববতন ব্যক্তি তিরোহিত হইয়া নৃতন ব্যক্তি উদ্ভূত হয় এবং ভাবটি প্রত্যক্ষ হইয়া দর্শকের সম্মুখে প্রতীয়মান হয় । মহাপুরুষ যেন গঞ্জীর ভাবে বলেন, "দেহ মন এবং ভাব সবই এক। পরস্পর সকলই ব্রস্কে যাইবার সোপান।" এই নিমিত্ত স্থামিজা বলিতেন, ''দেখিলে পরের মুখ, দেখি আপনার মুখ।"

অপর একটা উক্তি আছে; "A great man is the outcome of revolution, fulfils the revolution and is the father of future ages।" মহা বিপ্লব হইতেই মহাপুরুষের অভুত্থান। বিপ্লবকেই ভিনি পূর্ণমাত্রায়

লইয়া যান্ এবং ভবিষ্য দুগের পথ প্রদর্শক হইয়া থাকেন।
পূর্বযুগের ভাব, আচার পদ্ধতি যতদূর রাখা আবশুক মহাপুরুষেরা তাহাই রাখেন এবং যতটা বর্ত্তমান যুগে অপ্রয়োজনীয়
বা অন্তরায়রূপে লক্ষিত হয়, কেবল মাত্র সেই অংশটুকুই
পরিবর্ত্তিত করিয়া পরিতাক্ত অংশ নিজের ভাবরাশির দারা
পরিপূর্ণ করিয়া দেন। ইহা হইতেই পরবর্ত্তীকাল, প্রোতস্বতীর
ন্থায় মৃত্যুতি হইতে হিল্লোল কল্লোলে পরিণত হয়, পরিশেষে
মহাশকায়মান মহাসমুদ্রূপ ধারণ করে। এইটা পণ্ডিতদিগের
মধ্যে মহাপুরুষের অপর একটা লক্ষণ। শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব ও স্বামি-বিবেকানন্দজীর ভিতর এই তুইটি লক্ষণ
একীভূত ও সহজরূপে প্রতীয়মান হয়। কোন্ ভাবটীর কখন
প্রাধান্য হইয়াছে তাহা বলা যায় না। কখন বা প্রথম লক্ষণটী
ঘনীভূত হইতেছে কখনও বা ভাব যথন ভাবমুখী ও ওজস্বিভাব
ধারণ করে তখন বিতীয় ভাবটি প্রকাশ পায়।

সামিজী এই যুগের এথ প্রদর্শকরূপ এই নূতন মতটা স্প্তি
করিলেন, "নারারণ জ্ঞানে জীবের দেবা।" "দরিদ্র নারারণ"—
বহুরূপে সম্মুখে তোমার, ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর।" স্বামিজী
যে কয়েকটি নূতন ভাব জগংকে দিয়াছেন তাহার মধ্যে এইটিই
অন্তত্ম, হয়ত এইটি নূতন। জীবে দয়া তিনি পছন্দ করিতেন
না। দয়া শব্দ উচ্চ নীচ ভাব আনয়ন করে এবং আপ্রিত ও
করুণা প্রার্থী এরূপ ভাব পায়। স্বামিজী নূতন ভাব প্রকাশ
করিলেন, দীন হানকে শিব জ্ঞানে পূজা করা। ইহাতেই
জগতের মহা কল্যাণ সাধিত হইবে। প্রীপ্রীরামকৃষ্ণদেব বলিতেন,

''হাতী সারায়ণ, মাহুত নারায়ণ, চোর নারায়ণ।'' স্বামিজী সেই ভাবটী স্পষ্ট করিয়া, সাধারণের উপযোগী করিলেন। দরিজ নারায়ণের পূজা ইহাই পরম সৌভাগ্যের বিষয়।

সমাজ সংস্কার, শিক্ষা সংস্কার, লাণিজ্য-ব্যবসা সংস্কার ও জাতির ভিতর পরস্পের সখ্যভাব স্থাপন করা—এইরূপ বহুপ্রকার সংস্কারের ভাব সইয়া নানা ব্যক্তি চিন্তা করিতেছেন; কার্য্য ও সমস্ত ভাবগুলই সতা এবং খণ্ড খণ্ড রূপে প্রশ্নেকটী কলদায়ক। স্বামিজী কিন্তু একটা শব্দ ঘারা সব ভাবগুলিই কেন্দ্রাভূত করিয়াছেন। যত প্রকার সংস্কার আছে, সেবা ভাব বা শিব জ্ঞানে জীব সেবা সকলই ইহার ভিতর আসিয়া যায়, ছুত্মার্গ তিরোহিত হয়, সংকীর্ণতা বিদ্রিত হয়। প্রাণ উদার হইলে, সকলের ভিতর সেই এক ব্রহ্ম দেখিলে, সকলের ভিতর এক শিব দেখিলে, কেইবা না প্রাণ খুলিয়া পূজা করিবে ?

এই দেবা ভাব হইতে ব্রহ্মজ্ঞান আদিয়া যায়। শিবের দেবা, নারায়ণের দেবা যে অহোরাত্র করিতেছে, সকল-জীবের ভিতর যে এক শিব এক নারায়ণ দেখিতেছে, ব্রহ্মজ্ঞান তাহার করতল-আমলকবৎ, চিত্ত শুদ্ধ হইয়া যায় এবং সাধনের উচ্চাঙ্গ সকল প্রতিফলিত হয়।

পূর্বকালে ইপ্ট আর পূর্ত তুইটা শব্দের প্রচলন ছিল। ইপ্ট অর্থে ঈশ্বরলাভার্থ প্রয়াস, বেদপাঠ হোম যক্তাদি আর পূর্ত অর্থে পুক্ষরিণী খনন, বৃক্ষাদি রোপণ পান্তশালা স্থাপন ইত্যাদি। আধুনিক ভাষায় ধর্ম ও কর্ম। স্থামিজী এই ভাষটা পরিবর্ত্তন করিয়া নৃতন ভাব স্প্তি করিলেন। তিনি প্রচার করিলেন ইপ্টই

পূর্ত্ত এবং পূর্ত্তই ইষ্ট। ধর্মাই কর্ম্ম এবং কর্মাই ধর্ম। কর্ম্মেতেই ব্রহ্মজ্ঞান লাভ এবং কর্ম্মেতেই মুক্তি। তিনি বছবার বলিয়াছেন. "ভারতে ধর্ম আছে, ভারতে ভক্তি আছে কিন্তু প্রাণহীন। ইহাতে প্রাণ সঞ্চার করা আবশ্যক। কর্ম্মের ভিতর দিয়া ধর্মকে দেখান চাই। এত্যেক কর্মাই ধর্ম। প্রত্যেক সেবাই নারায়ণ সেবা এই বীজমন্ত তিনি প্রানয়ন করিলেন। এস্থানে একটা উপাখ্যান বলিলে অসংগত হইবে না। জনৈক মহাপুরুষ এক সময় প্রাঙ্গণে বনিয়া আছেন এমন সময়ে একটা পোষা টিয়া পাখী উড়িয়া আসিয়া সেই মহাপুরুষের মস্তকে এবং স্কন্ধে বিচরণ করিতে লাগিল। মুহূর্ত্ত মধ্যে আবার সে উড়িয়া রুক্ষে বসিল। আবার মহাপুরুষের ক্ষন্ধে আসিয়া বসিল। এইরূপে সেই পক্ষী নানা প্রকার ক্রীডা করিতে লাগিল। সেই মহাত্মা তাহার ঐ ক্রিয়া দেখিয়া চক্ষু স্থির, নিমীলিত করিয়া চাহিয়া রহিলেন— যেন কি ভাবিতেছেন। অনেক পরিমাণে বাছজ্ঞান হ্রাস হইয়াছে। মুখ আনন্দে পরিপূর্ণ, যেন কোন নূতন বস্ত দেখিতেছেন ও উপলব্ধি করিতেছেন। সহসা তিনি জনৈকের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া বলিলেন, "দেখ ভাই, টিয়া পাখীকে খাওয়ান, গরুর জাব কাটা, গোয়াল ঘর পরিষ্কার করা, কুটনো কোটা, বাসন মাজা, ঠাকুর ঘরের মেঝে পোঁছা, ঠাকুর পূজা করা আর জপ ধ্যান করা সবই দেখছি ভাই এক। সব এক-এক। —এক !—এক । কোনটা বড় কোনটা ছোট নয়। তাই আমি অবাক হয়ে এই বৃষ্টির মাঝে স্করগায়ে বদে আছি। আমি কিছু ্বুঝতে পার্ছি না। কি দেখ্ছি আমি নিজেই বুঝ্তে

পার্ছি না।'' ইহাকেই বলে কর্ম ভক্তি জ্ঞান সবই এক। ইহাকেই বলে কর্ম থেকে ব্রহ্ম দর্শন।

এই তেজস্বি মহাভাবের কাছে অপর সকল ভাব হীনপ্রভ হইয়া যায়। প্রাণের ভিতর ব্রহ্ম শক্তি জাগরিত হইলে, হৃদয়ের কবাট উদ্যাটিত হইয়াপ্রাণ যেন সকল জীবের প্রতি তরঙ্গায়মান হইয়া প্রবাহিত হয়। এই নিমিত্ত স্বামিজী বারংবার বলিতেন, "প্রেম, প্রেম এই মাত্র জানি"। যে প্রাণ থেকে ভালবাসিতে জান্তে নিঃস্বার্থ হইয়া অপরকে সেবা ও ভালবাসিতে পারে ব্রহ্মন্তরান ত তার অচিরাৎ হইবে।

লীলা দেখিলে, লালা অন্তব করিলে নিত্য স্বতঃসিদ্ধ তাহার
উপলব্ধি হয়। নিত্যের জন্ধ আর কোন প্রয়াস করিতে হয় না।
এই সেবাভাব সকল মানুষকে এক করিতে পারে। বর্ণাশ্রমের
ক্ষুদ্র পরিধির বহু উচ্চে, রাজনৈতিকের বহু উচ্চে, সমাজ সংস্কার
আপনা আপনি হইয়া যায়। এইজন্ম স্বামিজী পুনঃপুনঃ
বলিতেন, 'সেবাধর্মই এ যুগের ধান সহায়।' দেশের জড়তা
নাশ করিতে গেলে, সঞ্জীবতা অনিতে গেলে, দেবভাব জাগ্রত
করিতে হইলে সেবাধর্মই বিস্কানিতে গেলে, দেবভাব জাগ্রত
করিতে হইলে সেবাধর্মই বিস্কানিতে গেলে, দেবভাব জাগ্রত
করিতে হইলে সেবাধর্মই বিস্কানিত গেলে, দেবভাব জাগ্রত
করিতে হইলে সেবাধর্মই বিস্কানিত গৈলে, মর্ম্মভেদী
পশিছে হাদয় মাবো নাহিক বিস্কান উঠে রোল, মর্ম্মভেদী
পশিছে হাদয় মাবো নাহিক বিস্কান করিয়া অনুলি
নির্দেশ করিয়া যেন বলিতেকে বিস্কান করিয়া অনুলি
নির্দেশ করিয়া যেন বলিতেকে বিস্কান বিবার ত্যক্স
রাশি।"

ভাব প্রবণ হওয়া, বহুভাষী গ্রন্থ এবং নির্থক তর্ক কারয়া

সময় নষ্ট করা এতদ্ জাতির প্রধান লক্ষণ। কার্য্যকারিতা, **সংঘটন শক্তি অতি অ**ল্প লোকেরই আছে। সেবাকাধ্য করিতে যাইলে কার্য্য তৎপরতা ও সংঘটন শক্তি পরিবদ্ধিত হয়। এই সংঘটন শক্তিই জাতি গঠন করিয়া থাকে, এবং পরস্পারের প্রতি শ্রাজা, ভক্তি ও গ্রেম উদ্ভূত করিয়া দেয় : দেবভাব উদ্ভূত না হইলে মানুষের মনুষ্যত্ব আদে না এবং জাতির জাতীয়ত্ব হয় না। দেবভাব অপরকে দেখাইতে গেলে শক্তি প্রকাশমুখিন্ করিতে হয়, ক্রিয়া ডাহার প্রধান অবলম্বনীয় এবং সেবা ভিন্ন ক্রিয়া হওয়া স্থকঠিন। এইজন্ম স্বামিজী ়কেবলই বলিতেন, "জীব-সেবা এই যুগের প্রধান সহায়। নিরাশ্রয়দিগকে আশ্রয় দিবে, শোকার্ত্তদিগকে সান্ত্রনা দিবে এবং স্থযুপ্ত দেবভাব তাহাদিগের ভিতর জাগ্রত করিয়া দিবে। ইহাই হচ্ছে দেশের কল্যাণকর পন্থা!" ভগবান্ ঈশাও বলিয়াছিলেন, "যিনি সকলের দেবক (minister) তিনিই সকলের শ্রেষ্ঠ হইবেন।" স্বামিজী নানাস্থানে এই বাণী পুনঃ পুনঃ কহিয়াছেন, "আমি ব্ৰেক্ষতে লীন,—ব্ৰহ্ম আমাতে লীন কর্মাই ব্রহ্ম, ব্রহ্মাই কর্ম। কর্ম দারাই ব্রহ্ম পাওয়া †য়।"

স্থামিজী তকাশীধামে আসিবার তিন বৎসর পূর্ব্বে চারু বারু প্রমুখ আমরা একটা সমিতি গঠন করিয়াছিলাম। ঠাকুর ও স্থামিজীর গ্রন্থাদি পাঠ, তছিবয় আলোচনা ও কর্ম্মযোগের উপর বিশেষ মন রাথিয়া কিরূপে কার্য্য চালাইতে পারা যায় এ বিষয়ে আমরা বিশেষ লক্ষ্য রাখিতাম। আমরা করেকটা যুবক মিলিত হইরা ধ্যান, ভজন, সংচেষ্টা, সংপ্রদক্ষ এবং দেবা করিতে আরম্ভ করিয়া দিলাম । ক্রমে কাশীর ভদ্যোমহোদয়গণ আমাদের পৃষ্ঠপোষক হইলেন । কাষ্টা অল্লে অল্লে বাড়িতে লাগিল । আমরা ইহার নাম রাখিয়াছিলাম, "দরিজ প্রতিকার সমিতি।"

তুই বৎসর কাল স্বামিজীর ভাব লইয়া আমরা কার্য্যারঞ্জ করি এবং তৃতীয় বৎসরে স্বামিজীর ভাব বিশেষতঃ কর্ম্মযোগের ভাব কি করিয়া কার্য্যে পরিণত করা যাইতে পারে তবিষয় আলোচনা করিয়া আমরা "দরিদ্র নারায়ণ সেবা-সমিতি" প্রতিষ্ঠা করিলাম, এবং অল্লে অল্লে কার্য্যও আরম্ভ হইল। সমিতির কার্য্যারস্ভের এক বৎসর পরে স্বামিজী ৺কাশীধামে আগমন করেন এবং আমাদিগকে তাঁহার পদামুজ বিশিয়া গ্রহণ করেন।

স্বামিজী এই সময়ে চারু বাবুর মধ্যে শক্তি সঞ্চার করিয়া জীবসেবার জন্ম তাঁহাকে বিশেষ উপদেশ দেন। স্বামিজী ভূয়োভূয়োঃ বলেন,—"গরীবের একটা পরসা নিজের গায়ের বক্ত বলে জান্বি, আর তোরা কি দরিদ্র প্রতিকার সমিতি কর্বি? False Colour march করিদ্ না। এর নাম ঠাকুরের নামে Ramkrishna Home of Service রাখ। Mission এর হাতে এটিকে সম্পূর্ণ ছেড়ে দে।" আমরাও সেই সময়ে তদনুষায়ী কর্ম্ম করিয়াছিলাম।

এইরূপে দেবাশ্রম প্রতিষ্ঠিত হয়। স্বামিজী কুপা করিয়া চারু বাবু ও আমাদের কয়েকটীর ভিতর যে শক্তি সঞার করিয়াছিলেন, সেই শক্তি পরিবর্দ্ধিত হইয়া বর্ত্তমানে বিশাল রূপ ধারণ করিয়াছে এবং আরও কত বড় যে হইবে তার কোন ইয়ন্তা নাই। অনেক সময় সেবাশ্রম ও তাগার কার্যা-প্রণালী দেখিয়া আমি নিভতে একস্থানে স্তম্ভিত হইয়া চিস্তা কার। আমি পুর্নের স্বামিজীর দেহরূপ দেখিয়াছি, সেই চেহারা, দেই মৃত্তি, দেই অবয়ব আমার স্পষ্ট মনে আছে। কিন্তু এ নব অবয়ব ভ কখন দেখি নাই ? গৃহ, উন্থান, চিকিৎসালয়, রোগীগণ: ভ্রন্সভারী সন্ন্যাদীগণ ত্বতিপদে রোগীদিগের নিকট ঔষধ পথা লইয়া গতায়াত করিতেছেন,—সবটাই ত স্বামিজীর আর এক এপ! ্কান্টা যে স্বামিজীর আদল রূপ ভাহা ব্রিতে পাল না। অতি মাংদের ভিতর যে স্থানিজী ছিলেন তাহার পরিধি অল্ল ছিল কিন্তু অস্থি মাংস বিহীন স্বামিজী বিশাল মগান, ভাহার সামি কিছু সীমা করিতে পারি না। তাই নির্বাক স্তম্ভিত হইয়া বিরলে বসিয়া থাকি-"অবাঙ্কমনসোলেচরম্ বোঝে প্রাণ থোঝে যার।" স্বামিজীর (पर रहेर्ड हिस्तामि, ভाবরাশি এখন এই গৃহাদি, রোগী ঔষধ পথ্য এবং সেবক সেব্যরূপে পরিণত হইয়াছে। "সুক্ষা, স্থুল প্রসবিনী, স্থুল পুনঃ সূক্ষেতে মিশায়।" ব্রহ্মই কর্ম এবং কর্ম্মই ব্রহ্ম।

জনৈক বঙ্গদেশীয় পণ্ডিত জমিদার ৺কাশীধামে আসিয়া বাস করেন। ডিনি সাক্ষ করিয়াছিলেন যে, জীবনের শেষাংশ অবিমুক্ত ক্ষেত্র ৺কাশীধাম পরিত্যাগ করিয়া আর কোথাও যাইবেন না। সংস্কৃত দর্শন শাস্ত্রাদি ও শাস্ত্রজ্ঞানে তিনি বিশেষ পারদর্শী ছিলেন, এবং সাধন মার্গেও খুব উন্নত হইয়া-ছিলেন। বিভবশালী ব্যক্তি, পণ্ডিত ও অপর সাধারণকে দান করিতেন, কিন্তু নিজে কখনও প্রতিগ্রহ করিতেন না। তাঁহার মন উদার এবং দ্যার ভাবও বেশ ছিল।

প্রথম হইতে ভাঁহার সহিত আমাদের কিঞ্চিং পরিচর ছিল।
"দরিত্র প্রতিকার সমিতি'' গঠন হওরা শ্ববি তিনি ইংার একজন
সভ্য ও পৃষ্ঠপোষক হইরা এই সমিতির পর্যাদেশণ ও আর্থিক
সাহায্য করিতেন। পণ্ডিত শিবানন্দ যদিও পূর্বেকালীন প্রথান্
সুযায়ী নিষ্ঠাবান ব্রাহ্মণ পণ্ডিত ছিলেন, কিন্তু সেবা কার্য্য বা
আর্ত্তের যাহাতে কোন প্রকার উপকার হয়, সেই সমস্ত বিষয়ে
তাঁহার বিশেষ সহানুভূতি বা অনুমোদন ছিল।

"রামকৃষ্ণ পুঁথি" পাঠ করিয়া পণ্ডিত শিবানন্দ মহাশয়ের প্রীপ্রীরামকৃষ্ণদেবের প্রতি ভক্তি ও অনুরাগ জন্মায়। স্বয়ং সাধক, এইজন্ম প্রীপ্রীরামকৃষ্ণদেবের সাবনপ্রণালী ও কঠোর তপস্থা তাঁহার অদয়কে বিশেষ ভাবে আকৃষ্ট করিয়াছিল। পণ্ডিতজী শক্তি উপাসক ছিলেন এবং ভক্তিমার্গের লোক এই জন্ম প্রীপ্রীরামকৃষ্ণদেবের শক্তি উপাসনা তাঁহার এত প্রীতিকর হইয়াছিল। উপনিষদ্ প্রভৃতি গ্রন্থও তিনি পাঠ করিতেন এবং জ্ঞানমার্গের বিষয়ও জানিতেন, কিন্তু ভক্তির ভাবটী তাঁহার ভিতর প্রধান অঙ্গ ছিল।

় পণ্ডিত শিবানন্দ ইংরাজি জানিভেন না। তিনি স্বামিজীর ইংরাজি গ্রন্থগুলির বঙ্গানুবাদ পাঁঠ করিয়া বিশেষ ভাব গ্রহণ করিতেন এবং তাহাতেই তিনি মোহিত হইয়াছিলেন। তিনি তকাশীপামে ভীমৎস্থামী বিবেকানন্দ

নানা শাস্ত্র বিষয় আলোচনা করিয়া স্বামিজীর মত সমর্থন করিতেন।

> ''আমি আকাশে পাতিয়া কান, শুনেছি তোমারি গান, সঁপেছি ভাহাতে প্রাণ, বিদেশী বঁধু।''

এইরূপে স্বামিজীর প্রতি তাঁহার অন্তরে অন্তরে প্রদ্ধা ভক্তি দিন দিন বাড়িতে লাগিল।

পণ্ডিতজী প্রেমিক-ভক্ত। তাঁহার মন যেন বলিতে লাগিল, "প্রতিজ্ঞা করিয়াছি অবিমুক্ত ক্ষেত্রের বাহিরে যাইব না, স্বামিজী কলিকাতায় থাকেন, তিনি কি একবার ৮কাশীধামে আদিবেন না ?"

> ''আমি ভারে চোঝের দেখা দেখে আদি,

আমি ত অবলা নারী
না পারি যাইতে,
সে কি কভু একবার
পারে না আসিতে

সই ! সই ! কারে কই, ভারে আমি ভালবাসি, আমি তারে চোখের দেখা

দেখে আসি।"

স্বামিজী ১৯০২ খৃষ্টাব্দের প্রারত্তে ⊌কাশীধামে আগমন

করিলে, পণ্ডিত শিবানন্দজী কালীকৃষ্ণ ঠাকুরের বাগানে ব্যগ্র হইয়া তাঁহাকে দেখিতে যান। স্বামিজীকে দেখিয়া পণ্ডিত শিবানন্দের প্রাণ যেন উথলিত হইয়া উঠিল।

পণ্ডিত শিবানন্দ কালাকৃষ্ণ ঠাকুবের বাগান বাটাতে বাইতেন এবং স্থামিজীর সহিত সংগ্রভাব স্থাপন করিলেন। কখনও বা ভাঁহার সহিত শ্রীশ্রীরামকৃষ্ণদেবের ত্যাগের কথা, কঠোর সাধনার কথা, গভাঁর সমাধির কথা, ইত্যাদি নানা বিষয়ের কথা হইত। ভাবরাশি যেন স্থামিজার দেহে প্রতিকলিত হইতে লাগিল। শ্রীশ্রীবামকৃষ্ণদেবের বিষয় স্থামিজা মুখে যে ভাবগুলি বর্ণনা করিতেছেন অনতিবিলম্বে সেই ভাবগুলি স্থামিজার দেহে প্রস্কৃতিত ও প্রতিবিন্ধিত হইতে লাগিল। একই তুই! তুইই এক! পণ্ডিত শিবানন্দের ভাব ও শ্রদ্ধা আরও দৃঢ়ীভূত হইতে লাগিল। তিনি শ্রীশ্রীরামকৃষ্ণদেবকে দর্শন করেন নাই কিন্তু পক্ষান্তরে স্থামিজার দেহের উপরেই তিনি শ্রীশ্রীরামকৃষ্ণদেবকে দর্শন করিতে লাগিলেন।

কখনও বা পণ্ডিত শিবানন্দের সহিত স্বামিজীর শাস্ত্রাদি আলোচনা হইতেছে। কখনও বা কর্মাও সেবাই যে এক্ষণে দেশের একমাত্র কল্যাণকর এই বিষয়টি তিনি হুদয়ঙ্গম করাইয়া দিতেছেন। এরূপ ওজ্বিভাবে তাঁহাকে বুঝাইতেছেন যেন ভাবগুলি তাঁহার অন্থি মঙ্জায় প্রবেশ করে এবং তাঁহার দ্বারা কাশীস্থ ব্রাহ্মণ পণ্ডিতমণ্ডলার মধ্যে এই ভাবটি প্রচলিত ও সন্ধিবেশিত হয়। পণ্ডিতজ্ঞী স্বামিজীর সহিত স্থাভাব স্থাপন করিয়াছিলেন, সময় সময় নানা প্রকার কৌতুক রহস্থ ও

আমোদ প্রমোদ করিতেছেন। কোন প্রকার সংকোচভাব তাঁহার নাই। পণ্ডিভজী যেন বলিতেছেন,—

'মনের মানুষ হয় যে জনা,
নয়নে ভারে যায়গো জানা,
তারা ছ'একজনা,
তারা রদে ভালে রদে ডোবে,
রদে করে আনাগোনা,
কালার কথা কইব কি সই
কইতে মানা।'

পণ্ডিত শিবানন্দ স্বামিজার নামে সংস্কৃত ভাষায় একটা অভিনন্দন রচনা করিয়া কলিকাতা হইতে মুদ্রিত করিয়া আনয়ন করেন। কিন্তু মনের আবেগে তাঁহাকে দর্শন করিতে যাইতেন, অভিনন্দন পত্রখানি লইয়া যাইতে বিস্মৃত হইতেন। একদিন তিনি অভিনন্দন পত্রখানি লইয়া স্বামিজীর আবাসে যাইতেছেন, আমি ও চারু বাবু তাঁহার শকটের এক পার্শ্বে বিলাম, সকলেই স্বামিজাকে দর্শন করিতে যাইতেছি। পণ্ডিতজীকে স্থামরা প্রশ্ন করিলাম, 'পণ্ডিত মশাই আপনি স্বামিজীকে কি বলিয়া মনে করেন ?'' উত্তরে তিনি বলিলেন, 'স্বামিজীকে আমি প্রকৃত যোগী বলিয়া মনে করি সেই জন্ম আমি তাঁহাকে দর্শন করিতে যাই। তিনি যে বক্তৃতাদির দ্বারা ধর্ম্ম প্রচার করিয়া যশস্বী হইয়াছেন, তাহা তাঁহার শক্তির সামান্য প্রকাশ মাত্র—ইহাই আমার দৃঢ় ধারণা। তাঁহার সঞ্চিত শক্তি তাঁহাতে নিহিত রহিয়াছে। বিকাশ দিয়া তাঁহাকে

বুঝিতে যাওয়া অসম্ভব, ব্যক্ত অংশ অল্পই হইরাছে, অব্যক্ত বহুল পরিমাণে রহিয়াছে। কি মহান্ পুরুষ তিনি, তাঁহার কূল কিনার। কিছুই বুঝিতে পারা যাইতেছে না।"

পণ্ডিত শিবানন্দ গোৎসাতে হুর্যান্তিত হুইয়া এরূপ নম্বর্যা প্রকাশ করিলে আমাদিগের ভিতর হর্ষ ও আনন্দ উচ্চুলিত হইয়া উঠিল। আমরা কিছু বাক্ত করিতে পারিলাম না। স্থির হইয়া তাঁহার হৃদয়ঞ্জিত অনুত্বাণী প্রবণ করিতে লাগিলাম এবং আনন্দের আধিকা হওয়ার স্থির ভাবে বসিয়া রহিলাম। আমাদের আর বাক্ উচ্চারণের ক্ষমতা রহিল না। আমরা তিনজনে যে গাড়ীতে বুসিয়াছিলাম সেই শুক্ট স্বামিজীর আবাদ অভিমুখে গমন করিল। কিয়দ্যর গমন করিয়া দেখি স্বামিজী, মহাপুরুষ, (স্বামী শিবানন্দ), স্বামী গোবিন্দানন্দ জনৈক সাধু, ভূসার রাজার বাগান বাটীর দিকে এক গাড়ী করিয়া যাইতেছেন। পণ্ডিভজা স্বামিজীকে পথে পাইয়া হৃতি আনন্দিত হইলেন এবং উভয়েই যান সংরোধ করিলেন। পণ্ডিতলী ব্যস্ত সমস্ত হইয়া অভিনন্দন পত্রখানি স্বামিজার হস্তে উপহারপরূপ প্রদান করিলেন। স্বানিজী লিখিত শ্লোক-গুলিতে দৃষ্টি নিক্ষেপ করিয়া সমস্ত বিষয় বুঝিয়া লইলেন, এবং বিনীত ও ন্মভাবে কহিলেন, 'পিণ্ডিভ মহাশ্র এ কি করিয়াছেন! আমি সামান্য ব্যক্তি এরূপ উচ্চ ও বহুল প্রশংসা আমার পক্ষে দন্তব নহে। সকলই তাঁর ইচ্ছায় হইয়াছে। তিনি জীবকে যা করান তাই হয়।" স্বামিজী কথাগুলি এরূপ বিনয়, নম ও ভক্তিপূর্ণ ভাবে কছিলেন যে, পণ্ডিত মহাশ্য

তদ্শ্রবণে আরও আরুই ও বিশ্বয়াহিত হইলেন। প্রতিষ্ঠা, যশ, মান যে স্বামিজীর চিত্তকে স্পর্শ া চঞ্চল করিতে পারে নাই ইহাই পণ্ডিত মহাশয় প্রত্যক্ষ করিলেন। "প্রতিষ্ঠা শৃক্রি বিষ্ঠা" এই উক্তিটী পণ্ডিত মহাশয় আজ প্রত্যক্ষ উপলব্ধি করিলেন। তাহার পর শক্টব্য় আপন আপন গন্তব্য স্থানে চলিয়া গেল।

পণ্ডিত মহাশয় যদিও অভিনন্দন পত্রখানি অর্পণ কালে মুখে কিছু কথা বলিলেন না কিন্তু তাঁহার চক্ষু হইতে যেন একটা শ্লোক বাহির হইতে লাগিল, ''ভৎগুণৈঃ কর্ণমাগত্য চাপলায় প্রণোদিতঃ"। তদবধি পণ্ডিত মহাশয় স্বামিজীর গুণে এরূপ মুগ্ধ হইয়া পিয়াছিলেন যে কাশীর বিরৎসমাঙ্গেতে এবং প্রধান প্রধান অধ্যাপকের নিকট এবং মহামহোপাধ্যায় রাখালদাস সায়রত্বের নিকটে প্রামিজার গুণকার্ত্তন করিতে লাগিলেন। তিনি শাস্ত্র প্রমাণ দারা প্রতিপন্ন করিয়া সকলকে বুঝাইয়া দিতে লাগিলেন যে. এরূপ যোগৈশ্ব্য সাধারণ জীবেতে সম্ভব নয়। কেবলমাত্র স্বয়ং শঙ্করেতেই এরূপ বিভূতি থাকা সম্ভব এবং স্বামিজী স্বয়ং শঙ্করাবতার। ক্রমে পণ্ডিতমণ্ডলীর নিকট পণ্ডিত শিবানন্দ মহাশয় ৬ক যুক্তিতে এবং স্বামিজীর জীবনী হইতে ঘটনা নিদর্শন করাইয়া পণ্ডিত্সমাজে স্বামিজীকে মহাযোগী ও শঙ্করাবতার ইহা প্রতিপন্নও সকলকে অনুমোদন করাইতে লাগিলেন। পণ্ডিত মহাশয় প্রাচীনতম অধ্যাপক, শাস্ত্রজ্ঞানও ্তাঁহার স্বিশেষ ছিল, নিষ্ঠাবান ব্রাহ্মণ, সাধক, উদারচেতা ছিলেন কিন্তু স্বামিন্সার প্রতি এরূপ আকৃষ্ট হইয়াছিলেন যে উভয়ের মধ্যে বিশেষ স্থাভাব স্থাপিত হইয়াছিল। পণ্ডিত
মহাশয় একাশীধাম ত্যাগ করিয়া স্থানাস্তরে যাইবেন না এরূপ
সক্ষয় করিয়াছিলেন, কিন্তু স্থামিজীকে দেখিবার জন্ম তাঁহার
বিশেষ আগ্রহ ছিল সেই জন্ম তিনি বলিতেন যে, স্থামিজী

কুপা করিয়ার জন্মই এখানে আসিয়াছিলেন।

আর একদিন দিবা দ্বিপ্রহারে পণ্ডিত মহাশয় আশিয়া রামাপুরার দেবাশ্রমে উপস্থিত হইলেন এবং কিছুক্ষণ অবস্থানের পর আমাকে কহিলেন, ''দেখ গতকল্য রাত্রে একটি বিশেষ ঘটনা ঘটিয়াছে তাহাতে আমার সমস্ত সন্দেহ ভঞ্জন হইয়াছে,'' এই পর্যান্ত বলিয়াই তিনি নীরব রহিলেন। আমি ঘটনাটী জানিতে কৌতূহলী হইয়া পুনঃপুনঃ অনুরোধ করায় তিনি অবশেষে বলিতে লাগিলেন এবং আমাকে আদেশ করিলেন যে, একথা কাহাকেও বলিবে না ইহা অতি গোপনে রাখিবে। কিন্তু পণ্ডিত মহাশয় এখন গতায়ঃ হইয়াছেন এবং আমিজীর দেহও এখন তিরোহিত হইয়াছে এজন্য এসকল কথা এখন ব্যক্ত করিলে কোন দোষ হইবে নাঁ এবং আদেশও লগুন হইবে না, এই নিমিত্ত এ ঘটনাটী নিম্নে বিরত করা হইল।

পণ্ডিত মহাশয় ভক্তি গদগদিতত্তে পূর্বে রাত্রের ঘটনা বির্ত করিতে লাগিলেন। "পড়াশুনা করিয়া জ্ঞান ও ভক্তি যে চরমে একই স্থানে লইয়া যায়, ইহার বিষয় আমার সন্দেহ ছিল। কলা রাত্রিতে স্থামিজী মহারাজের কুপায় স্বপ্নে তাহার মামাংসা হইয়াছে। গতরাত্রে যখন আমি মায়ের ধ্যানে বিদলাম তখন মায়ের মূর্ত্তির স্থানে কেবল স্থামিজীর মূর্ত্তি আসিতে লাগিল। ্**অমি বারংবার সেটাকে সরাইয়া আবার মাতৃ**সূর্ত্তি ধ্যান করিবার চেষ্টা করিলাম কিন্তু ভাহা পারিলাম না। তথন ভন্তা আদিল ও অর্দ্ধ-নিদ্রিত হইয়া পডিলাম। তারপর দেখিলাম যেন আমি সমস্ত তাগে করিয়া স্থামিজা মহারাজ তকাশীর যে স্থানে আছেন সেই স্থানে উপনীত হইলাম। তথায় দেখিলাম যেন খামিজী মহারাজ এক পর্যাঙ্কের উপর শুইয়া আছেন এবং তাঁহাকে বেডিয়া নিম্নে কভকগুলি সন্নাসী শিষামণ্ডলী বসিয়া আছেন। তাঁহাদের মধ্যে একজন বুদ্ধ সন্ত্র্যাসীও দেখিলাম। আমি তাঁহাদিগের মধ্যে গিয়া বসিলাম এবং সকলেই যেন ধাানত হইলাম। ভাহার কিছুক্ষণ পরে স্বামিজীর কুপায় যেন জ্ঞানভূমি ২ইতে পুনরায় নামিয়া আসিয়া দংকীর্ত্তন করিতে আরম্ভ করিলাম এবং श्रीमिकी ७ व्यामारतत मरङ याग पिरलन। वामता मक्रल তাঁচাকে বেডিয়া মহানন্দে নৃত্য ও সংকীর্ত্তন করিতে লাগিলাম। এরূপ করিতে করিতে আমার মন ভক্তি-ভূমিতে গিয়া উপস্থিত হইল। তথন বুঝিলাম জ্ঞান ও ভক্তির চরমে লক্ষ্য স্থল এক—জ্ঞান ভক্তি তুইই এক স্থলে লইয়া যায়। তথন হুইতে আমার সকল সন্দেহ চিরজীবনের জন্ম ঘুচিয়া গেল: তদবধি পণ্ডিত মহাশয়ের আমাদের প্রতি স্নেহ্ অধিকতৰ বর্দ্ধিত হইল এবং সর্বদাই আমাদিগকে ভোজন করাইতে ও স্বামিজীর বিষয় চর্চ্চা করিতে তিনি বডই ভাল বাসিতেন।"

ভূজার রাজা লক্ষোয়ের নিকট একজন বিশেষ বিভবশালী জমিদার ব্যক্তি। তিনি ইংরাজী ও সংস্কৃত শাস্ত্রে বিশেষ বুংপত্তি লাভ করিয়াছিলেন। সঙ্কল্প করিয়াছিলেন যে তিনি জীবনের শেষাংশ ৶কাশীধানে অতিবাহিত করিবেন। পুণাক্ষেত্র তকাশীধাম ছাড়িয়া এমন কি নিজের উত্থান গুহের বহির্দ্দেশ পর্যান্ত গমন করিবেন না। নিজের উত্থান বাটাতে থাকিয়া সাধন ভূজন করিয়া দেহপতে করিবেন এইরূপ প্রতিজ্ঞা-বদ্ধ হইয়া কাশীর তুর্গাবাটীর সন্মিকটন্থ ভূঞ্চা-ভবনে বাস করিতে লাগিলেন। তিনি गাধক ও এক প্রকার সন্নাসী ছিলেন। স্বামিজী একাশীতে উপস্থিত হইয়াছেন শুনিয়া তাঁহাকে দুৰ্শন করিবার জন্ম ভিনি সোৎস্থক হইলেন, এবং স্বামী গোবিন্দা-নন্দের সহিত নানাপ্রকার ফল মূল ইত্যাদি ভক্ষাবস্ত স্বামিজার নিকট ব্রেরণ করিজাছিলেন। স্বামী শিবানন্দ**লী** তথায় উপস্থিত ছিলেন। গোবিন্দানন্দলী আদিয়া স্বামিজী ও শিবানন্দজীকে নমঃ নারায়ণ করিয়া আসন গ্রহণ করিলেন। গোৰিন্দানন্দলী ভূগার রাজার বিষয় কহিতে লাগিলেন এবং তাঁহার প্রতিজ্ঞার বিষয় উল্লেখ করিয়া স্বামিজীকে নিবেদন করিলেন যে, 'ভঙ্গার রাজা আপনার দর্শন পাইতে নিতান্ত ইচ্ছক। কখন হইবে গানিতে পারিলে তিনি প্রতিজ্ঞা লঙ্ঘন করিয়াও আপনার সমীপে আদিতে প্রস্তুত ।" স্বামিকা তৎশ্রবণে শক্ষিত ও চিস্তিত হটয়া প্রাতু তাং করিলেন, "সেকি এরূপ করা উচিত নয় ? প্রতিজ্ঞা লজ্ঞ্যন বা গ্রাবধেয়। আমি স্বয়ংই ভাঁচাকে দর্শন করিতে যাইব, জালাগার এখানে আগমন করিবার বিশেষ কোন আবশ্যক নাই 🐣

্তৎপরদিবস বা ভৎপর দিবসহ ৩ এক স্বামী গোবিন্দা-নন্দজী আসিয়া স্বামিজী ও মহা্রুষ নামা শিবানন্দজীর সমভিব্যাহারে উদ্যান ভবনে গমন করিলেন। বাক্যালাপ যাহা হইয়াছিল তাহার মর্মার্থ এখানে সন্নিবেশিত করা হইল। রাজাজী কহিলেন, ''বুদ্ধ শঙ্কর যে শ্রেণীর স্বামিজী আগনিও তংশ্রেণীর"। এরূপ গভীর ভক্তি ও সম্মানসূচকভাবে স্বামিজীর সহিত তিনি বাক্যালাপ করিতে লাগিলেন, এবং শাস্ত্রাদিও কার্য্য প্রণালারও উল্লেখ করিতে লাগিলেন। কারণ রাজাজী পূর্ববাবস্থায় একজন বিশেষ কন্মী ছিলেন। এই নিমিত ধর্ম ও সাধনার দহিত কম্মের ভাবও তাঁহার বেশ ছিল। তিনি স্বামিল্রীকে অন্মনয় করিলেন যে তকাশীধামেতে তিনি যেন সেবাকালা ও অন্য প্রকার কার্যা প্রণয়ন করেন। ভাহাতে জনসাধারণের বিশেষ কল্যাণ হইবে। অর্থব্যয় বিষয়ে তিনি স্বয়ংই ভার গ্রহণ করিবেন। স্বামিগ্রীর শরীর অসুস্থ ছিল, এই নিমিত্ত কর্ম্মে দৃঢ়প্রতিজ্ঞ হইলেন না। কেবল মাত্র কহিলেন —এখন কলিকাতায় প্রত্যাবর্ত্তন করিবেন তাহার পর শরীর স্থুস্থ হইলে কর্ম্মের প্রতি মনোযোগ করিবেন। এইরূপ নানাপ্রকার বাক্যালাপের পর স্বামিজী ও মহাপুরুষ নিজ ভবনে প্রত্যবর্ত্তন করিলেন।

পরদিবদ ভূঙ্গার রাজার এক কম্মচারী আদিয়া স্বামিজীকে একখানি বদ্ধপত্র দিলেন, তাহা উম্মুক্ত করিলে ৫০০ শত টাকার একখানি চেক্ স্বামিজীর আতিথ্য সৎকারের জন্ম লক্ষিত হইল এবং তৎ অন্তঃস্থিত পত্রেও তদ্ধেপ উল্লেখ ছিল। স্বামিজী সাম্লকটন্থিত নহাপুরুষকে উল্লেখ করিয়া কহিলেন, "মহাপুরুষ, আপনি এই টাকা লইয়া কাশীতে ঠাকুরের মঠ স্থাপন করুন।"

এই অর্থ লইয়া মহাপুরুষ একটা উদ্যান ভাড়া করিয়া 'রামকৃষ্ণ অবৈত আশ্রম স্থাপন" করেন এবং পরে দেই উদ্যান ক্রন্ত্র করিয়া বর্ত্তমানে স্থায়ী মঠ প্রতিষ্ঠিত হইয়াছে।

একদিন অপরাফ্ বেলা ৫ ঘটকার সময় কালাদাস মিত্র মহাশয় স্থানিজীকে দর্শন করিতে আদিলেন। তপ্রমদা দাস মিত্র মহাশয়ের পুত্র এই জন্ম তিনি অতিব হবিত হইলেন। তাঁহার পিতার সহিত স্থানিজীর বিশেষ স্বস্থতা ছিল এবং পরিব্রাক্ষক অবস্থাতে স্থানিজী ও তাঁব গুরুভাইরা অনেক সময়ে মিত্রভবনে আশ্রয় লইতেন। পূর্ববিদ্ধার পুত্র বলিয়া তাঁহার সমধিক আনন্দ হইল।

স্বামিজীর পরিধানে একথানি বহিবাস। কাল্কন মাস, এই নিমিত্ত গায়ে একটা সোয়েটার এবং চরণ গুগলে গরম মোজা। স্বামিজী মেজের উপর গালিচায় উপবেশন করিলেন। স্বামি শিবানন্দ, চারু বাবু, আমি এবং অপর সকলে সসন্ত্রমে অদূরে বিদিলাম এবং স্বামিজার শ্রীমুখংবিনিস্তত শব্দগুলি শ্রবণ করিতে লাগিলাম। তথন আমার বয়স ১৯ কি ২০ বৎসর, অভিজ্ঞতা না থাকায় সকল কথা স্বরণ রাখিতে পারি নাই। যাহা স্বরণ আছে এবং হাদয়ুমাঝে যে ভাব জাগরিত হইয়াছিল, ভাহার মুর্মার্থ এই স্থানে সন্নিবেশিত করিলাম।

স্বামিজী ও অপর শুদ্ধ-পুরুষদিগের ইহ:ই একটা লক্ষণ দেখিতাম যে, আগন্তুক ব্যক্তি সন্নিকটে আসিলে কোনপ্রকার প্রশ্ন করিবার পূর্ব্বে আগন্তুকের ছাদয়ের ভাব উল্লেখ করিয়া ভাহার প্রশ্নের উত্তর দিতে আরম্ভ করিতেন। লণ্ডনে, বক্তৃতাকালে একদিন সায়ংকালের বক্তৃতায় তিনি শ্রোত্রুন্দকে কহিলেন, ''যাহার যাহ। প্রশ্ন করিতে ইচ্ছাহয় লিখিয়া আপন আপন জেবের মধ্যে রাখিয়া দাও। প্রশ্নটী বলবার কোন আবশ্যক নাই আমি সকলেরই উদ্ভর বলিয়া যাইতেছি।" সকলে তদ্রপ করিলে থামিজী ভানদিকে মুখ ফিরাইয়া সহসা বলিয়া উচিলেন প্রশ্নটা এই—বামদিকের এক গুক্তি উল্লসিত ও আগ্রহ প্রকাশ করিয়া সতৃষ্ণনয়নে স্বামিলীর দিকে চাহিতে লাগিলেন। পাছে লোকটা অপ্রতিভ হয় এইজন্ত বিপরীত দিকে মুখ ' ফিরাইয়া প্রশ্নতী এবং সেই ব্যক্তির গৃহ গৃহস্থিত গৃহাভান্তরে কে কোথায় বসিয়া আছেন, এবং সেই গৃহাভান্তরে বসিয়া কে কি কথা বলিতেছেন স্বামিজা লেক্চার গৃহে দাঁড়াইয়া সমস্ত বিষয় পুখানুপুখরূপে বলিতে লাগিলেন। ব্যক্তিটা আশ্চর্য্য ও কিংকর্ত্তব্যবিষ্ট হইয়া পড়িল। কি অবাক্কাণ্ড! কি আশ্চয্ট্যের বিষয়! কোথায়, কোন পাড়ায়, কোন গৃহের মধ্যে, কে কোথায় বসিয়া আছে, স্বামিজী তাহা স্পষ্ট দেখিতেছেন এবং দকলেরই প্রশ্নের যথায়থ উত্তর বলিতেছেন। এইরূপে ক্রমে জমে ছয়টা বা আটটী ব্যক্তির মনোগত ভাব ও তাঁহাদের আবাসগৃহ এবং ভাহাদের সংক্রান্ত যাৰতীয় ব্যাপার সমস্তই বলিতে লা।গলেন। শ্রোত্রুনেরা সকলেহ ভীত, এন্ত ও অতাব আশ্চর্যাঘিত হইয়া উঠিল। তাহারা সকলেই খুষ্টান।

তাহারা ভাবিল ভারতবর্ষ হইতে এ কি এক সিদ্ধপুরুষ আসিয়াছেন। শুনিয়াছি 'গীশুর এরূপ শক্তি ছিল। এ আবার কি নূতন ব্যাপার চোধে দেখিছেছি। যিনি সেখানে স্বয়ং উপস্থিত ছিলেন তাঁহার নিকট শুনিয়া এই বিষয়টি এখানে লিখিতেছি।

সকলে একটু শান্ত হইলে স্বামিন্সী ধীরে ধীরে ভাঁহাদিগকে বুঝাইতে লাগিলেন যে, মন উচ্চস্তরে উঠিলে মাংসপিণ্ডের অস্তরায় মনের গতি রোধ করিতে পারে না, দূরত্ব বলিয়া কোন জিনিষ থাকে না সব এক হইয়া যায়, ইহাকে বলে,—"দূরাৎ দর্শনম, দূরাৎ প্রবণম, দূরাৎ আণম্।" দেই সময়ে রাজ্যোগের বক্তৃতা হইতেছিল। রাজযোগ সাধন করিলে লোকের এইরূপে অষ্ট্রসিদ্ধি যে আপনিই আসিয়া যায় স্বামিলী সেইটা তাহাদিগকে বুঝাইলেন এবং বিশেষ করিয়া নিষেধ করিয়া দিলেন যে, মানুষ যেন এইরূপ অষ্ট্রদিন্ধিতে মুগ্ধ না হয়, তাহা হইলে উচ্চাবস্থা প্রাপ্ত হওয়া স্থকঠিন। এই অষ্ট-দিদ্ধিকে ত্যাগ করা চাই। স্বামী সারদানন্দ তথন লণ্ডনে ছিলেন। একদিন তিনি ত্রস্ত ও ভীত হইয়া স্বামিজীর চরণ্যুগল ধরিয়া নানা বিষয় প্রার্থনা করিতে লাগিলেন। স্বামিক্সা আজ্ঞামাত্র ইচ্ছাশক্তিতে ঐ ব্যক্তির দেড় বংদরের ম্যালেরিয়া জ্ব আরাম করিয়াছিলেন। স্বামী সারদানন্দ আশ্চর্যান্বিত হইয়া বুঝিলেন যে তাঁহার পূর্ব্বপরিচিত নরেন আর নাই, সামী বিত্রেকানন্দ সভন্ত ব্যক্তি। স্থামিজীর এইরূপ বিভুতির বিষয় বহু উল্লেখ করিতে পারা যায় এবং এখনও অনেক ব্যক্তি জীবিত আছেন যাঁহারা এই সকল বিষয় স্বচক্ষে দেখিহাছেন।

কালীদাস মিত্র চিত্র ও কলাবিদ্যা লইয়া চর্চচা করিতেন এবং তদ্বিষয়ে তাঁহার বিশেষ অসুরাগও ছিল। মিত্র মহাশয় গৃহে প্রবেশ করিয়া আদন গ্রহণ করিলে মিত্র মহাশয়ের আভ্যন্তরীণ ভাবগুলি যেন স্বামিজীর দেহকে স্পর্শ করিতে লাগিল। তৎসঙ্গে স্বামিজীর মুখভঙ্গী, কণ্ঠস্বর ও ভাবরাশি সম্পূর্ণ পরিবর্ত্তিত হইল। স্বামিজী যেন একজন চিত্রকর, কলাবিদ্যা লইয়াই সর্ববদা চর্চচা করেন এইরূপ ভাবে পরিবর্ত্তিত হইলেন। মিত্রের দিকে চাহিয়া তিনি চিত্র আলেখ্য এবং প্রাকৃতিক চিত্রের বিষয় পুখানুপুখারূপে বলিতে লাগিলেন, বিরাম নাই, প্রান্তি নাই। চিত্রকর যেন শিল্পী সভায় গিয়া চিত্রের বিষয় লেক্চার দিতেছেন, এবং চিত্রই যেন তাঁহার একমাত্র জ্বেয় ও ধ্যেয় বস্তু এবং তিনি যেন সমস্ত জীবনবাাগী চিত্র লইয়া আলোচনা করিয়াছেন।

বর্ণসংযোগ, বর্ণের তারতম্য, সোষ্ঠব, অধিষ্ঠান, নেত্রাদির বছপ্রকার দৃষ্টি; কটিদেশ, বক্ষঃস্থল, বক্রভাবে বা অন্য ভাবে দাঁড়াইলে যে নানা রকম ভাববাঞ্জক হয় তিবিষয়ে তিনি বছপ্রকার কহিতে লাগিলেন। আমরা বালক ও অল্পবুদ্ধিবশতঃ সমস্ত বিষয়টি তর তন্ন করিয়া বুঝিতে পারিলাম না। কিন্তু ইহা যে এক চিত্রবিদ্যার আশ্চর্য্য বক্তৃতা হইয়াছিল তাহা আজ হাদয়সম করিতে পারিতেছি।

তাহারপর তিনি ইটালি, ফ্রান্স, চীন, জাপান ও ভারতের বৌদ্ধযুগের, মোগল পারস্থ প্রভৃতি নানা সময়ের ও নানা দেশের চিত্রের সমালোচনা করিতে লাগিলেন। আমরা কেবলমাত্র আনন্দ অনুভব করিতে লাগিলাম। কিন্তু এরূপ গুরুতর বিষয়টির বিশেষ কোন অনুধান করিতে পারিলাম না। স্থামিজী একবার 'ফ্রান্সের এক প্রসিদ্ধ রঙ্গালয়ে নিমন্ত্রিত হইয়া দর্শন করিতে যান। রঙ্গালয়ের পটগুলি বিশিষ্ট শিল্পী ঘার। অঙ্কিত হইয়াছিল। প্যারিস নগরীতে এই ফরাসী বঙ্গালয় ও এই চিত্র-শিল্পী তখন সর্ব্বশ্রেষ্ঠ ছিল। স্বামিজী ফরাসী ভাষায় অভিজ্ঞ ছিলেন সেইজন্ম তিনি অভিনয় বেশ বুঝিতে-ছিলেন। সহসা তাঁহার যবনিকার উপর দৃষ্টি নিক্ষেপ হওয়ায় তত্রস্থ আলেখের কিঞ্চিৎ ভ্রান্তি আছে ইহা হঠাৎ তাঁহার নেত্রে ঠেকিল। অভিনয় সমাপ্তে তিনি কার্য্যাধ্যক্ষকে আহ্বান করিলেন। শিল্পীও তথায় স্বয়ং উপস্থিত থাকায় তাঁহার নিকটে আসিলেন। কারণ স্বামিজী কোন বিশিষ্ট ধনাঢ্য ব্যক্তির অভ্যাগত হইয়া অভিনয় দর্শন করিতে গিয়াছিলেন। প্যারিস নগরীতে স্বামিজ্ঞীকে বলুলোকে সম্মান করিত। এই নিমিত্ত কার্য্যাধাক্ষ এবং শিল্পী স্বয়ং আসিয়া তাঁহাকে দর্শন করিলেন। যবনিকাতে অঙ্কিত আলেখোর যে অংশটি স্বামিজী অপরিকুট বলিয়া নির্দেশ করিলেন তাঁহারা তখন দেখিলেন যে, সেই নিদিষ্ট স্থানটিতে প্রকৃতই দোষ আছে এবং স্বামিজী যে প্রকার উল্লেখ করিভেছেন তাহাই সভা। শিল্পা আশ্চর্যাান্বিত হইয়া মনে মনে ভাবিতে শাগিলেন এ ব্যক্তি ধর্ম্ম বিষয়ে উপদেশ দিয়া থাকেন, এখন দেখিতেছি ইনি স্বাবার চিত্রকলাতেও নিপুণ। আর একটি উদাহরণ বলিতেছি। এই ব্যাপারটি ইংলণ্ডে হইয়াছিল এবং তৎসময়ের লোক প্রমুখাৎ অবগত আছি। একদিন স্বামিজী মিস্ হেনরিয়েটার মূলার ও আর ছ'একজনের সহিত প্রফেসার ভেন্কে (Prof Vane) দর্শন করিতে গিয়াছিলেন। মিস্ মূলার ডাব্ডার ভেনের নিকট অধ্যয়ন করিয়াছিলেন। ডাক্তার ভেন "লজিকে"

এক জন লক্ষপ্রতিষ্ঠ। তাঁহার পুস্তকখানির নাম Logic of Chance. এই স্থায়শান্তে তিনি সমস্ত জীবন অতিবাহিত করিয়াছিলেন, এবং ইউরোপের 'স্থায়ের' প্রধান ব্যক্তিদিগের মধ্যে তিনি একজন অম্বতম বলিয়া পরিগণিত হইতেন। যাহা হউক স্বামিজীর সহিত ভেনের স্থায়ের বিষয় কথাবার্ত্তা হইতে লাগিল। ভেনের মনে ধারণা ছিল স্বামিজী ধর্মের উপদেশ দেন, দৃশ্য অদৃশ্য বস্তুর কথা বলেও সব ত বাজে জিনিষ। তারপর যখন স্বামিজী স্থায়ের কথা বলিতে লাগিলেন তখন ভেন দেখিলেন যে এই ব্যক্তি বোধ হয় তাঁহারই মতন সমস্ত জীবন স্থায়-শাস্ত্রে অতিবাহিত করিয়াছেন। আর ভারত হইতে একজন প্রধান নৈয়ায়িক আদিয়া ইউরোপের প্রধান প্রধান নৈয়ায়িকের সহিত দেখা করিয়া গেলেন।

পূর্বকথিত চিত্র-প্রসঙ্গে ইহা বলা আবশ্যক যে চিত্র শব্দের অর্থ—চিং+ত্রৈ+ড। চিং ধাতুর উত্তর ত্রৈ+ড। অর্থাৎ চিংকে কি করে ত্রাণ বা অপরের সাম্নে বিকাশ করা যেতে পারে তাহাকে চিত্র কহে। স্বামিন্ধী চিদাকাশে মনটা তুলিবামাত্রই চিত্র সংক্রান্ত সমস্ত বিষয় তাহার সম্মুখে উন্তাদিত হইতে লাগিল। চিত্রকলার যত প্রকার রহস্থ আছে এবং যেখানে যে আলেখা তিনি একবার দর্শন করিয়াছেন সেই সমস্তই তাহার সম্মুখে উন্তাদিত হইতে লাগিল। তিনি সর্ব্বদাই বালতেন. "কোন একটি জিনিষ দেখিলেই সেই জিনিষটি তাঁহার Sub-conscious region of the mind ত্র

plane এ আদে।" তিনি আরও বলিতেন, "If I meditate on the brain of a Sankara I become a Sankara, if I meditate on the brain of a Buddha I become a Buddha." অর্থাৎ আমি যখন শঙ্করের ধ্যান করি তখন শঙ্কর হইয়া যাই, আবার যখন বুদ্ধের ধ্যান করি তখন বৃদ্ধ হইয়া যাই। ভাবগুলির বিষয় আমি কখন চিন্তা করি নাই এবং ভাহাদিগকে জানিও না। কিন্তু যখন ধ্যেয় বস্তুর সহিত একীভূত হই তখন প্রত্যক্ষ ভাবগুলি আমার সমুখে দণ্ডায়মান হয়, আমি তাহাদিগকে দেখি ও পাগলের মত কি এলো-মেলো বোকে যাই; জানত, আমি আকাট মূর্থ বৃদ্ধিহীন লোক ইত্যাদি। তিনি লণ্ডনের লেক্চাবেও এইরূপ বলিতেন ও জীবনে দেখাইতেন।

সামিজীর চিত্রের উপর এইরূপ কথোপকথন শুনিয়া আমরা সকলে আনন্দিত ও কিংকর্ত্তব্যবিমূঢ় ইয়া রহিলাম। এ আবার কেমন ব্যক্তি, কোথায় ধর্ম্মোপদেশ দিবেন, জপ ধ্যানের কথা কহিবেন না কেবল ছবি ছবি আর চিত্র বিদ্যা।

অপর আর এক দিন অপরাক্তে কালা দাস মিত্র মহাশয় স্থামিজীকে দর্শন করিতে আসিলেন। স্থামিজার শরার অস্তৃত্ব। বহুমূত্র রোগে কন্তু পাইতেছিলেন। গায়ে একটি সোয়েটার ও পায়ে এক জোড়া গরম মোজা। তিনি সম্মুখন্থ তাকিয়ায় হস্তবয় রাখিয়া বক্রভাবে বসিয়া আছেন ও অতি কন্তে নিশাস লইতেছেন। আমরা সকলে অতি দূরে গালিচার উপর বসিলাম। মিত্র মহাশয় প্রণাম করিলে স্থামিজী বলিলেন,—''শরীরটা ভয়া,

বড় কষ্ট পাইতেছি।'' মিত্র মহাশয় অস্তুখের বিষয় জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন,—''কি ব্যায়রাম তা বলতে পারি না। প্যারিদ ও আমেরিকায় অনেক ডাক্তার দেখিয়েছি, তাঁহারা রোগ নির্ণয় করতে পারেনি এবং ব্যাধিরও প্রতীকার বা উপশম করতে পারে নি।" মিত্র মহাশয় জিজ্ঞাদা করিলেন, ''স্বামিজী, আপনি নাকি জাপান যাবেন।'' প্রত্যুত্তরে তিনি বলিলেন. "জাপান গভর্ণমেন্টের তরফ থেকে ওকাকুড়া দেই জন্মই আসিয়াছেন। জাপানটা বেশ দেশ, তাহারা শিল্প-বিছা দৈনন্দিন কার্য্যেতেও পরিণত করেছে। আমি আমেরিকা যাইবার কালীন জাপান দেখিয়া যাই। দেখিলাম গৃহগুলি বংল-নির্দ্মিত ও ক্ষুদ্র ক্ষুদ্র, সম্মুখে একটী করিয়া বাগান আছে, তাহাতে কিছু ফুলের গাছও আছে। ঘরগুলি খুব পরিষ্কার পরিচ্ছন। জাতটা খুব উন্নতি করিতেছে। ঠাকুরের কুপায় যদি আমার জাপানে যাওয়া হয় আমি তোমাকেও সঙ্গে লইয়া যাইব। জাপানীরা পাশ্চাত্য বিভা থব অধিকার করিয়াছে। তাহারা ধর্ম্মে বৌদ্ধ কিন্তু ধর্ম্মের দিকে অনাস্থা, বেদাস্ত ভাব কিছ তাহাদের ভিতর প্রবেশ করাইয়া দিলে তাহাদের খুব মঙ্গল হইবে।" মিত্র মহাশয় জিজ্ঞাসা করিলেন, "তাহাতে ভারতের কি উপকার হইবে ?'' স্বামিজী বলিলেন, ''উভয় জাতির মধ্যে ভাবের আদান প্রদানে উভয় জাতিরই মঙ্গল হইবে এবং ভাহাতে উভয় জাতিই সমভাবে উন্নতির পথে অগ্রসর হইবে।"

জাপানের উন্নতির কথা কহিতে কহিতে স্বামিজীর মনে

ভারতের তুঃখ দৈন্তের কথা জাগরুক হইয়া উঠিল। তিনি শরীরের অস্তুস্থা ও ব্যাধি একেবারে ভুলিয়া গেলেন। অতি তুঃখিত
ভাবে ও করুণম্বরে ভারতের তুঃখের কথা কহিতে লাগিলেন।
ব্যথিত হইয়া মুখ বিবর্ণ হইয়া গেল ও কাতর হইয়া পড়িলেন।
জাপানে ভারতীয় ভাব প্রবেশ করিলে জাপানের ভিতর ধর্ম্ম
জাগিবে এই বলিতে বলিতে রামপ্রসাদী পদ মাঝে মাঝে
গাহিতে লাগিলেন ও শ্বতন্ত ব্যক্তি হইয়া পড়িলেন। আমরা
যেন রামপ্রসাদী পদেতে ভাবরাশিকে স্পষ্টাক্ষরে দেখিতে
লাগিলাম, এবং স্থামিজার ভাবান্তর দেখিয়া ও ভারতের তুঃখ
কাহিনী শ্বরণে আমাদের চিত্ত উদ্বেলিত হইয়া উঠিল,
স্থামিজীর স্বতন্ত্র মৃত্তি। স্বতন্ত্র ধাম। আমরা যেন দেখিতে
লাগিলাম, ''চিনায় শ্রাম, চিনায় নাম, চিনায় ধাম্।"

পরক্ষণেই আবার জাপানের উন্নতির কথা কহিতে লাগিলেন। জাপান কিরূপ সামান্ত, অশিক্ষিত ও মর্দ্ধ-বর্বর জাতি হইতে আত্মনির্ভর দ্বারা উন্নতিলাভ করিতেছে সেই বিষয়ের কথাবার্ত্তা হইতে লাগিল। কথা প্রসঙ্গে ফ্রান্সের বিপ্লব ও নেপোলিয়ানের কথা উঠিল। সামান্ত একজন সৈনিক আত্মনির্ভর ও আত্মপ্রভার দ্বারা কি অদ্ভূত উক্ত সীমায় উঠিয়াছিলেন তাহাই তিনি কহিতে লাগিলেন। বলিতে বলিতে পূর্বে অবস্থার শোক, তুঃ ও নিরুৎসাহের ভাব একেবারে তিরোহিত হইল। স্থামিজী আবার স্বতন্ত্র ব্যক্তি। স্থামিজী তথন আর ভারত-ভূটা নাই দেশস্থেরে চলিয়া গ্রিয়াছেন।

তিনি উল্লাসে ও তেজেতে পরিপূর্ণ হইয়া উঠিয়াছেন, মুখ

স্থুদূঢ়, কণ্ঠস্বর গম্ভীর, চক্ষুদ্বয় বিস্ফারিত ও খর তী করিতেছেন। এক একবার তিনি জানুদ্রয় তাকিয়ার উপর হইতে মেন্ধ্রেতে রাখিতেছেন আবার এক এক বার উর্দ্ধে উল্লম্ফন করিতেছেন। নেপোলিয়ানের কথা কহিছে কহিতে তিনি স্বয়ং নেপোলিয়ান হট্যা গিয়াছেন। জিনা (Jena) বা অষ্টারলিট্জের যুদ্ধ যেন নিজে পরিচালন করিতেছেন। উন্মত্তের সায় গুলা ও চমূবাহিনীদিগকে **উত্তেজিত** করিতেছেন, অগ্রসর হইতে আদেশ করিতেছেন। প্রধাবন, সংঘর্ষণ, আক্রমণ করিতে গম্ভীরম্বরে উৎসাহিত করিতেছেন, শত্রুগণ বিপ্লস্ত ও বিত্রাষিত হইয়া পলায়ন করিলে তাহাদিগের প্রতি প্রধাবন ও সংঘর্ষণ কি করিয়া করিতে হয়-এইরূপ নানাপ্রকার বিভিন্ন যুদ্ধ প্রণালীতে তিনি সৈনিকদিগকে পরিচালিত করিতেছেন ! আবর্ত্তন, পরিমিত পদবিক্ষেপে অগ্রসর হওয়া, বিধ্বস্ত সৈনিকগণকে সমন্বিত করা, সাদি ও অশ্বারোহীগণকে আক্রমণ করিতে উত্তেজিত করা এবং ইম্পিরিয়াল গার্ডকে (Imperial Guard) সংঘটন করিয়া নির্মাম ভাবে শত্রুদিগকে গ্রহার করা—তিনি অঙ্গুলি নির্দেশ করিয়া রণক্ষেত্রে অশ্বপৃষ্ঠে অবস্থান করিয়া <mark>যেন আজ্ঞা</mark> করিতেছেন। দূরে—দূরে—' শক্র পলাইতেছে তথায়—! তথায় অগ্রসর হও, পলায়ন পথ রুদ্ধ কর, অপ্রাস্ত নবচমূ অগ্রসর হও। পূর্ব্বগত সৈনিকদিগকে সংরক্ষণ কর'' এইরূপ নানা প্রকার মুখভঙ্গী, অঙ্গুলি নির্দেশ ও অর্দ্ধ উল্লাফিত হইয়া যেন নিজে রণক্ষেত্রে সৈনিকদিগকে পরিচালিত করিতেছেন। মাঝে মাঝে ফরাসীভাষায় রণসঙ্গীত

গাহিতেছেন। দৈনিকেরা যেন উৎসাহিত হইয়া পুনরুদ্ধিপ্ত শক্তিতে শক্ত্রগণের প্রতি প্রতিধাবিত হইতেছে ও আক্রমণ করিতেছে। বন্দুক্সপ্রে সঙ্গীন সন্নিবেশিত করিতেছে। শক্ত্র-দিগের উদ্স্থান বিদ্ধ করিয়া বহু আয়াসে স্থানটা অধিকার করিতেছে। সেনানী সকল ইতস্ততঃ ক্রতগতিতে ধাবমান হইতেছে, এবং স্থামিজী মহাসেন হইয়া প্রশস্ত রণক্ষেত্রের চতুদ্দিকে দৃষ্টি নিক্ষেপ ও পর্য্যবেশণ করিতেছেন। "রণ জয়ী হইল"! "রণ জয়ী হইল"! এইরূপ ভাবে তিনি মহা উল্লসিত হইলেন। কখনও বা এক হস্ত কখনও বা বাহুদ্বয় উত্তোলন করিয়া হাদ্গত ভাব প্রকাশ করিতেছেন! ও মাঝে মাঝে ফরাসী ভাষায় বিজয়ী সঙ্গীত গাহিতেছেন!

সামিজী এত উব্বেজিত ও এত পরিবর্ত্তিত হইয়াছিলেন যে, আমরা সকলে অর্থাৎ চারু বাবু শিবানন্দ মহারাজ প্রভৃতি স্কুন্তিত হইয়া উঠিলাম। ভৃত্যগণ, মালিরা এবং তৎস্থানের প্রত্যেক ব্যক্তি যে যেথানে ছিলেন তিনি সেই স্থানেই স্কুন্তিত হইয়া রহিলেন, পদ সঞ্চালনে বা হস্ত-উত্তোলনে কাহারও সামর্থ্য রহিল না। স্থামিজীর দেহ হইতে এত তেজারাশি বিকাশ হইতেছিল যে গৃহের ও তরিকটন্থিত বায়ু উত্তর হইয়া উঠিল। আমরা যেন গৃহ ত্যাগ করিয়া অস্টারলিট্জের বা জিনার রণক্ষেত্রে অবস্থান করিতেছিলাম এবং নেপোলীয়ান যুদ্ধোন্মন্ত হইয়া, চক্ষু বিস্ফারিত করিয়া, নয়ন হইতে অগ্রিফুলিঙ্গ নির্গত করিয়া কিরপভাবে আজ্ঞা দিয়াছিলেন তাহাই স্পষ্ট দেখিতে লাগিলাম। স্থান্মের মধ্যে অন্তুত সাহস ও বীরস্কভাব

উদ্দীপিত হইয়া উঠিল। স্বামিজী স্বয়ং নেপোলিয়ান এবং আমরা যেন তাঁহার এক এক জন Marshal, Nay, Soult, Victor, Marmon, Macdonald হইয়া উঠিলাম। আমরাও যেন এক এক জন নেপোলিয়ান হইয়া সমস্ত পৃথিবীকে, সমস্ত বিল্ল অন্তরায়কে পদদলিত করিতে পারি, এইরূপ সাহস ও আত্ম প্রত্যয় আমাদের ভিতর জাগরিত হইয়া উঠিল। কি আশ্চর্য্যের বিষয় যিনি সন্ধাসী, যিনি সর্বস্বত্যাগী, যিনি সমাধিষ্ট হইয়া থাকেন, যিনি সর্বদা ধর্মা চর্চ্চা করিয়া থাকেন, তিনি হঠাৎ কি পরিবর্ত্তিত হইয়া মহাবিজয়া, মহাযোদ্ধা রণপণ্ডিত ও রণকৌশলী মহাদেন হইয়া উঠিলেন। রণক্ষেত্রের গতাগতি ও কালোপযোগী চমৃ সন্ধিবেশ, নানাপ্রকার বৃহ্ব রচনাপ্রণালী অবলীলাক্রমে কহিতে লাগিলেন, অঙ্গ প্রত্যঙ্গাদির দ্বারা প্রকাশ করিতে লাগিলেন এবং স্পষ্টভাবে আমাদিগকে অনুভূত করাইয়া দিতে লাগিলেন।

যাঁহারা স্বামিজীকে তদবস্থায় দর্শন করিয়াছিলেন তাঁহারা সকলেই আশ্চর্য্যান্থিত হইয়া স্বামিজীর দেহের ভিতর নেপোলিয়ান্ও অষ্টারলিট্জের বা জিনার রণক্ষেত্র দেখিতে লাগিলেন। স্বামা শিবানন্দজী আমাকে বলেন, "ইহাকেই বলে স্বামিজীর Inspired Lecture"; ইয়োরোপ ও আমেরিকাতে স্বামিজীর সকল Lectureই এইরূপ Inspired অবস্থাতে হইয়াছিল।"

তৎপরে স্বামিজী ''ললিত,বিস্তর'' গ্রন্থ হইতে বুদ্ধ দেবের আরুত্তি করিতে লাগিলেন। বুদ্ধদেব শিলাখণ্ডে বিসিবার সময় যেরূপ দৃঢ় প্রতিজ্ঞ হইয়াছিলেন, স্বামিজীও নিজের ভিতর সেই ভাবটী আনয়ন করিতে চেষ্টা করিলেন।

> "ইহাসনে যুষ্যতু মে শরীরম্ ত্বগন্থি মাংসম্ প্রলয়াঞ্চ যাতু অপ্রাপ্য বোধিম্ বহুকল্ল ভুল ভাঙ নৈবাসনাৎ কায় সমুচ্চলিষ্যতে।"

স্বামিজীর গুরুভাতৃদিগের ও গৃহি-ভক্তদিগের প্রতি অসীম ভালবাদা ছিল। কাহার কিছু অস্থ্য শুনিলে বা কোনরূপ ক্ষবর পাইলে তিনি অধীর হইয়া পড়িতেন। তথন তাঁহাকে দেখিলে মনে হইত যেন তাঁহার নিজের কোন সস্থ্য হইয়াছে। যতক্ষণ না কোন স্থ্যবর পাইতেন ততক্ষণ বিশেষ এচঞ্চল ও অস্থির হইয়া থাকিতেন। এরূপ উদাহরণ তাঁহার জীবনে যথেষ্ট আছে এবং তাহা স্কল্লবিস্তর সকলেই জানেন।

স্বামিজীর শরীর তথন খুব অন্তুস্থ ছিল, মাঝে মাঝে তিনি চুঃখ করিয়া শিবানন্দ স্বামীকে বলিতেন, 'ভগ্ন শরীর জোড়া তাড়া দিয়ে আর ক'দিন রাখা যাবে? আর দেহটা যদিই বা যায় তা হ'লে নিবেদিতা, শশী (স্বামী রামক্ষ্ণানন্দ) শভ্তি সকলেই আমার কথাটা রাখিবে। এরা শেষ মুহূর্ত্ত পর্যাস্ত ঠাকুরের কাজ করিবে কিছুতেই এরা বিচলিত হবে না, আমার আশা ভরসাস্থল এরাই'' এইরূপ তিনি মাঝে মাঝে আশাসবাণী ও আশীর্বাদ বাণী বলিতেন।

এই সময় তাঁহার ভালবাসা, ও সকলের প্রতি আকর্ষণ শক্তি এবং প্রাণটা এত খুলিয়া গিয়াছিল যে, যেন মনে হইত তাঁহার শরীরের প্রতি অস্থি মাংসটি একটা জমাট প্রেমের নিদর্শন দিতেছে এবং মুখ থেকে যেন প্রেমপূর্ণ স্রোতস্বতী নির্গত হউতেছে। দেখিলেই বোধ হইত—

> ''ফোটে ফুল সৌরভ হৃদয়ে ধরি। সৌরভ বিতরি আপনি স্থখায়ে যায়, মৃত্যুভয় আছে কি কুস্কুমে ?"

জগৎটাই যেন তিনি নিজের ভিতর দেখিতেন, আবার নিজেই জগৎ হইতেন। একবার যেন সমস্ত জীবকে নিজের ভিতর পুরিয়া লইতেছেন, তথায় রাখিয়া নিজন্পে রঞ্জিত করিয়া আবার বাহির করিয়া দিতেছেন। একই বহু হইতেছেন, আবার বহুই এক হইতেছেন। ভালবাসা যে এরূপ জলস্ত প্রত্যক্ষ হয়, হস্ত দারা স্পর্শ করা যায় তাহা জীবনে কখন দেখি নাই। কঠোরতা বা কর্কশ ভাবের লেশ মাত্র নাই। "প্রেমময় মূরতি, জনচিত্ত হরি।" আবশ্যক হইলে স্বামিজী জ্ঞানমার্গের কথা বহু পরিমাণে কহিতেছেন, ভক্তির উৎস উঠাইয়া দিতেছেন, কর্ম্মের প্রতাপে ধরণী বিদলিত বিকম্পিত করিতেছেন, ধ্যান সমাধির চরম সীমা দেখাইতেছেন আবার পরমূহূর্ত্তে বালক, যেন কিছু জানেন না, কিছুই বুঝেন না, কখন যেন এসব ব্যাপার জীবনে শুনেন নাই।

আমরা যখন জগতকে মাঠ, নদী, পাহাড়, পর্ঘত ইত্যাদি
পৃথক বলিয়া দেখি, তখন সমস্তই পৃথক, জড় ও মৃত
বলিয়া পরিলক্ষিত হয়। মহাদদ ভাবে পরস্পরে সংঘর্ষণ

করিতেছে; এক অপরকে নাশ করিবার বিশেষ চেষ্টা করিতেছে—এবং ''ধবংশ—ধবংশ''—এই বাণী সকলের মুখে বহির্গত হইতেছে। কিন্তু যখন সমস্ত বস্তুর ভিতর প্রাণ দেখি, চৈতন্মবস্ত উপলব্ধি করি, তখন ভাল মন্দ, ছোট বড়, উঁচু নীচু ভাব আর কিছু দেখা যায় না। সবই চৈতন্ময়, সবই জীবস্ত । এই চৈতন্ময় বিকাশের নাম লীলা। সবই মধুময়, সবই জীবস্ত, সবই প্রণম্য।

"চেতন যমুনা চেতন রেণু, গহন কুঞ্জবন ব্যাপিত বেণু, নারায়ণ, নারায়ণ, নারায়ণ! খেলা খেলা খেলা মেলা, নিরপ্তন নির্মাল ভাবুক ভেলা। নারায়ণ, নারায়ণ, নারায়ণ!

লীলা দর্শন করাই হচ্চে মহা সোভাগ্যের বিষয়। সমস্ত স্থান্তিত বস্তুর ভিতর চৈত্রস্তুররূপ অন্তর্নিহিত আছেন—এইটা দর্শন করা মহা সোভাগ্য। প্রত্যেক বস্তুই হচ্চে লীলা। সং অসৎ বলে সেখানে কোন শব্দ ব্যবহৃত হয় না। লীলা দেখিলেই, লীলা উপলব্ধি করিতে পারিলেই নিত্য আপনি আসিয়া যায়। নিত্যের জন্ম কোন প্রয়াস পাইতে হয় না, কারণ লীলাই নিত্য ইইয়া যায়, নিত্যই লীলা।

স্বামিকা ব্যক্তি বিশেষে বা প্রসঙ্গক্রমে জ্ঞান, ভক্তি, যোগ ও কর্ম প্রভৃতি নানা প্রকার ভাব প্রকাশ করিতেন। কিন্ত প্রত্যেক ব্যক্তি বুঝিতেন যে স্বামিকীর সেইটাই এক মাত্র ভাব আর ইহাই তাঁহার জীবনের প্রধান লক্ষ্য। অপর ব্যক্তিও স্বামিজীকে আপনার ভাবের মত দেখিত এবং সেই ভাবেই তাঁহাকে বুঝিত। কিন্তু এই সকল ভাব বিকাশমাত্র— শীলা। তিনি শ্রোভার উপযোগীতা অনুসারে তদ্ভাবে ভাবিত হইয়া তাহার সহিত কথোপকথন করিতেন, এবং যেই পথ অবলম্বন করিলে তাহার অভীষ্ট গন্তব্য স্থানে পৌছিতে পারিবে সেইটা তিনি তাহাদিগকে বিশেষ করিয়া বুঝাইতেন। কিন্তু নিজে সেই ভাবের অভীত অবস্থায় থাকিতেন, তাহাকে নিত্যস্বরূপ বা নিতা বলে। যে সকল ব্যক্তি স্বামিজীকে দর্শন করিয়াছেন ভাহাদের সকলেরই মত সত্য, কিন্তু নিত্য হচ্ছে সকলের উপর, তাহা পূর্ণব্ব, আর ভাবরাশি হচ্ছে খণ্ডত্ব।

এই সকল কারণবশতঃ স্বামিজী অনেক সময়ে শিশু বালকের স্থায় আচরণ করিতেন ও তদ্রপই থাকিতেন। কোন বিষয় বদ্ধভাব বা উচ্চনীচ ভাব বা অভিমানের ভাব তাঁহার কিছুই থাকিত না। যখন যেখানে ইচ্ছা হয় বসিতেছেন, যা'র সহিত ইচ্ছা হইতেছে কথা কহিতেছেন; চাকর, মাঝি প্রভৃতির সহিত কাঁধে হাত দিয়া ঠিক্ যেন ভাহাদের সমশ্রেণীর লোক হইয়া তাহাদের সহিত কথোপকথন করিতেছেন; এমন কি সামান্য সামান্য কার্য্যেতেও ভাহাদের উপদেশ শুনিতেছেন। বালক যেমন ভ্তাদিগের উপদেশ ও পরামর্শ লয় তিনিও তদ্দপ করিতেন, কোন বাধা বিল্প নাই। কিন্তু সকল বিষয়ের ভিতর একটা বস্তু পরিলক্ষিত হইত,— মাধুর্য্য। প্রেম, প্রেম এই মাত্র জানি এই ভাবটি তাঁহার সামান্য কার্য্যতেও প্রকাশ

পাইত। বেলুড়মঠে মৃত্তিক। দিয়া সমতল করিবার সময় যে সকল ধাঙ্গর আসিয়াছিল, তাহারাও মুগ্ধ হইয়া স্বামিজীর কাছে বসিয়া থাকিত আর বলিত, "হারে তোর কাছে গিলে হামরা সব কাজ ভুলে যাই, তোর মিঠে বুলি শুন্লে হামরা কাজ কর্তে পারি না, তাহ'লে এ বুড়োটা (জনৈকের প্রতি নির্দেশ করিয়া) হামাদের রোজ দিবে না।"

আমরাও যখন অল্ল বয়দে স্থানিজাকে দর্শন করিতে যাই, তখন জ্ঞান ভক্তি ধ্যান কর্ম্ম এসব বিষয় কিছুই বৃঝিতাম না; বালক বালকের স্বভাব। কিন্তু স্থামিজার ভালবাদা স্বতন্ত্র জিনিষ ছিল তাহা মানুষের ভালবাদা নয়—অন্ত জগতের ভালবাদা। তার কাছে অন্ত ভালবাদা ফিকে হ'রে যায়, সেই ভালবাদার জন্মই আমরা তাঁহার কাছে যাইতাম। স্থামিজাকে যাহারা দেখিয়াছেন তাহারা দকলেই বলিবেন যে, জীবনে এমন একটা লোক দেখিয়াছি যিনি ভালবাদিতে জানেন, এবং যিনি শুগু ভালবাদাই শিখাইতে এ জগতে আদিয়াছিলেন। এই ভালবাদার জন্ম কত যুবক গৃহত্যাগ করিয়া সয়্যাদী হইতেছে, একটি ধাঙ্গারকে বাঁচাইতে যাইয়া নিজের প্রাণ উপেক্ষা করিতেছে, দেশে দেশে ঠাকুর স্থামিজীর কথা প্রচার করিতেছে। প্রেমই ত্যপন্থা, প্রেমই ভগবান।

ভগবানের কাছে এই প্রার্থনা, সমস্ত দেবতাদিগের নিকট এই প্রার্থনা, সমস্ত ঋষিদিগের কাছে এই প্রার্থনা, সমস্ত সিদ্ধপুরুষদিগের নিকট এই প্রার্থনা, সমস্ত বিশ্বব্রহ্মাণ্ডের জীবের নিকট এই প্রার্থনা যে, যেন এই স্বামিজীচরিত ধাানীর ধ্যানমার্গের সহায়তা করে, যোগীর যোগের সহায়তা করে, ভাজের ভক্তির সহায়তা করে, জ্ঞানার জ্ঞানের সহায়তা করে, কন্মীর কন্মের সহায়তা করে এবং সাধারণ লোকদিগকে অভূত আদর্শ দর্শন করাইয়া সকলকে স্বামিজীর দিকে আকর্ষণ করিয়া লয়। ভারতের প্রভাকের ভিতর, জগতের প্রভাকের ভিতর যেন দেবভাব জাগ্রত করিয়া দেয়। যেন সকলের ভিতর সেই মহান আদর্শ প্রস্ফুটিত হইয়া উঠে। আচণ্ডাল সকলের চরণে আমার বিনীত প্রণাম, তাহারা পবিত্রমনে আন্মর্কাদ করুন যেন এই গ্রন্থের উদ্দেশ্য সফল হউক। ওঁ মধু, ওঁ মধু, ওঁ মধু, ওঁ মধু,





জাতীয় সাহিত্যের ভাণ্ডার

নজ্ফল ইস্লাম		যতীশ্র মোংন বাগচী	
ছায়ানট	210	নাগকেশর	>/
वाक्षयनीत क्यानवनो	å	জাগ্রণী	>,
অগ্নিবীণা	>10	অপরাজতা	۶,
দোলনটাপা	210	শচীন্দ্ৰনাথ সাক্তাল	•
ব্যথার দান	> •	বনাজাংন (২য় ভাগ)	>\
রিজের -বেদন	>11•	প্রভাত মূথোপাধ্যায়	- \
ছায়া-মনসা (যন্ত্রস্থ)		ভারতে জাতীয় অন্টোলন	२॥०
অরবিন্দ ঘোষ		ভারত পরিচয	٥,
কারাকাহিণী	> ۲	বারীন্দ্র কুমার ঘোষ	
গীতার ভূমিকা	"	দ্বীপান্তরের কল	31
ধৰ্ম ও জাতীয়তা	>	আ ত্মকাহনী	>
পণ্ডীচারীর পত্র	√ ∘	মিলনের পথে	٥,
অরবিন্দের পত্র	100	মাত্রের কথা	>
উল্লাসকর দত্ত		মান্ত্র গড়া	280
কারাজীবনী	2/	মৃতির দিশা	.><
স্থয়েশ চক্রবন্তী ইরাণী উপকথা) •	নলিনী কিশোর গুহ	
डे एड्।	> •	वाञ्चलात व्ि श्चववान	>! o
এন্দ্রজা লিক	١٥ د	ভারতের দাবী	No
অশ্বিমীকুমার দস্ত		নলিনীকান্ত গুপ্ত	
আর্থাস্থাস গ ড কর্ম্যোগ	30/0	ভারতে হিন্দুম্লমান	•
্প্র ম	•	পূৰ্ণযোগ .	ho
ভক্তিযোগ	>II+	মধুছকার মালা	>10
বিজন বালা কর		সাহিত্যিকা	> •
'নগৃহীভা	>110	ভারতের নবজন্ম	210

রা জব ন া			
উপেক্তনাথ বন্দ্যোপাধ্যায়			
নিৰ্বাদিতে র আত্মকথা	>		
উ নপঞ্চা শী	>		
গোপাল লাল সান্তাল			
সমাজ্তন্ত্রবাদ	119/0		
ফণী জ নাথ বস্থ			
বিক্রমশিকা	0		
সাজি	110		
অভ্যানারী শাসক	V•		
মইন উদিন হোগায়েন			
কামাল পাশা	10/0		
অভিত কুমার চক্রবতী			
বাতায়ন	٥,		
কাব্য পরিক্রমা	Ŋо		
নিশিকান্ত গ্ৰেপাধ্যায়			
আমেরিকার স্বাধীনুতা	310		
অধ্যাপক— অতুল সেন			
বিপ্লবপথে ক্ষিয়ার ক্রপান্তর	hо		
রাধাকমল মুখোপাধ্যায়			
বিশ্বভায়ত ১৷২ প্রত্যেক	310		

হেমন্তকুমার সরকার	
বন্দীর ভাষেরী	٥,
স্ব্রাক্ত কোন পথে	11 •
উল্টো কথা	110
পষ্ট কথা	10
যুগশভা	Jo
ছায়াবাজী	110
স্বাধীনতার সপ্তস্থ্য	li •
Revolutionaries of	
Bengal	>~
নগেন্দ্র চন্দ্র দাসগুপ্ত	
বাংলার পল্লী সমস্তা	Ŋ٥
চ াক চন্দ্ৰ বেশ্য	
মাটি দিনি	5
সঞ্জীবচন্দ্ৰ লাহিড়ী	
মাটিদিনি ও মানবের কর্ত্তব্য	> •
চিত্তরঞ্জন দাস	
Call of motherland	1•
কিশোর কিশোরী	><
মালা	Ne.
অন্তর্যামী	ηo
দেশের কথা	Иo
কাব্যের কথা	Иo
	>10
বাংলার গীতি কবিতা	1•

বর্মণ পাবলিশিং হাউস ১৯৩, বর্ণভয়ালিশ খ্রীট, কলিকাতা।